1951, April

প্রেসিডেন্সি কলেজ পত্রিকা

সম্পাদক
কমলকুমার ঘটক

প্রেসিডেন্সি কলেজ পত্রিকা

দ্বাত্রিংশ বর্ষ

—এই সংখ্যার সম্পাদনী সভা—

অধ্যাপক শ্রীসুবোধচন্দ্র সেনগুপ্ত (সভাপতি)
অধ্যাপক শ্রীজনার্দন চক্রবর্তী
অধ্যাপক শ্রীসুনীতকুমার ইন্দ্র
শ্রীকমলকুমার ঘটক (সম্পাদক)
শ্রীসৌরীন্দ্রকুমার চক্রবর্তী

মুদ্রণ—দি মডার্ণ আর্ট প্রেস
কাগজ সরবরাহ—ভোলানাথ পেপার হাউস লিঃ

প্রেসিডেন্সি কলেজ পত্রিকা

চৈত্র, ১৩৫৭ ঃঃ দ্বাত্রিংশ বর্ষ ঃঃ এপ্রিল, ১৯৫১

শ্রীকমলকুমার ঘটক কর্ত্তৃক সম্পাদিত

সূচী পৃষ্ঠা

কলেজ প্রসংগ ১

বিভুতিভূষণ বন্দ্যোপাধ্যায় ৫

জাতীয় জীবনে সাহিত্যের প্রভাব ৭

গল্প লিখিলাম [গল্প] ১২

রবীন্দ্রনাথ ও "ধূলির ধরণী" ১৫

এক ঝলক আলো [গল্প] ২২

যে জন আছে মাঝখানে ২৭

ট্র্যাজেডী ৩১

শিকার [কবিতা] ৩৭

ধূসর সনেট [কবিতা] ৩৮

ফসিল [কবিতা] ৩৯

প্রথম ও শেষ [কবিতা] ৪২

শ্রাবণের সায়াহ্ন যূথিকা [কবিতা] ৪৩

উৎসর্গ [কবিতা] ৪৪

আমাদের কথা ৪৬

THE FAR EAST AND WORLD PEACE 1

GEORGE BERNARD SHAW 4

A GLIMPSE INTO EDUCATION IN BENGAL IN THE BEGINNING OF THE NINETEENTH CENTURY 7

WORDSWORTH: A RE-CONSIDERATION 14

ON PHILOSOPHIC REFLEXION 18

THE MEDIUM OF DRAMA: VERSE *vs.* PROSE 26

BERNARD SHAW 30

KEYNES AND MARX 32

RADAR—ITS ELEMENTARY PRINCIPLES 39

THE IDEAL OF SRI AUROBINDO 43

ALDOUS HUXLEY 47

THE SIGNIFICANCE OF BERNARD SHAW 52

A WEEK OF HISTORICAL CONFERENCES AT CUTTACK 56

THE ENGLISH SEMINAR 58

BOOK REVIEWS 58

চিত্র-সূচী

৺বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
কোপাই
রাত্রির আকাশে সূর্য্য।

Sree Aurobindo
George Bernard Shaw
Presidency College Athletic Committee (1949-50)
Presidency College Cricket Match (14th Jan. 1950)
College Union Council (1949-50)

বিজ্ঞাপন

প্রতি সংখ্যার জন্য চাঁদার হার :—

ভারতের মধ্যে (ডাকমাশুল নিয়ে)	২৷৷০ টাকা
প্রেসিডেন্সি কলেজের ছাত্রছাত্রীদের জন্য—	১৷৷০ ”
ভারতের বাইরে	৪ শিলিং

প্রেসিডেন্সি কলেজের বর্তমান ও প্রাক্তন ছাত্র, অধ্যাপক বা কলেজ-সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের কাছ থেকে রচনা আহ্বান করা হচ্ছে সাদরে। সাধারণের কৌতূহলোদ্দীপক হৃদয়গ্রাহী রচনাবলী এবং এই কলেজ ও বিদ্যালয় সম্পর্কিত পত্রাদি এই পত্রিকায় প্রকাশিত হবে। উপযুক্ত ডাক-টিকিটযুক্ত শিরোনামা-লিখিত লেপাফা সংগে না পাঠালে অমনোনীত রচনা ফেরৎ দেওয়া হয় না।

রচনা কাগজের একপিঠে লিখে “সম্পাদক প্রে, ক, প”এর নামে পাঠাতে হবে। রচনা সংগে লেখকের পুরো নাম ও ঠিকানা পাঠাতে হবে।

পত্রিকা-সংক্রান্ত অন্যান্য বিষয়ে প্রকাশনা বিভাগের সম্পাদকের সংগে পত্রালাপ চলবে।



'কোপাই'

শ্রীপ্রদ্যোৎ কুমার ভট্টের সৌজন্যে]

শিল্পাচার্য্য নন্দলাল বসু

রাত্রির আকাশে সূর্য্য

(টাইগার হিল্‌স্‌, দার্জ্জিলিং)

আলোক শিল্পী : বটকৃষ্ণ দে

প্রেসিডেন্সি কলেজ পত্রিকা

মাঘ, ১৩৫৭ ঃঃ বত্রিংশ বর্ষ ঃঃ মার্চ্চ, ১৯৫১

কলেজ প্রসংগ

সম্পাদক, প্রেঃ কঃ পত্রিকা

ছাত্র ছাত্রী সংবাদ

বর্তমানে আমাদের কলেজের মোট ছাত্রছাত্রী সংখ্যা ১১৪৮, বিজ্ঞানে ৮৩৫; আর্টসে ৩১৩। বর্তমানে কলেজে মোট ৯৯ জন ছাত্রী পড়েন। বিভিন্ন স্নাতকোত্তর শ্রেণীতে আমাদের ছাত্রছাত্রী সংখ্যা ১৬৭।

পরীক্ষার ফলই আজকাল অধ্যয়ন অধ্যাপনার মানদণ্ড। আমাদের ছাত্রছাত্রীরা এবারেও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষায় কৃতিত্ব দেখিয়েছেন। মধ্য পরীক্ষায় প্রথম দশটী স্থানের মধ্যে ৩টী স্থান আমাদের কলেজের ছাত্ররা পেয়েছেন। উপাধি পরীক্ষায় ইতিহাস, অর্থনীতি, উদ্ভিদ-বিজ্ঞান, রাশি বিজ্ঞান, ভূবিদ্যা, ভূগোল, রসায়ন বিষয়গুলিতে আমাদের ছাত্র ছাত্রীরা প্রথম শ্রেণীতে প্রথম হয়েছেন। তা ছাড়া গণিত, ইতিহাস, রাশি-বিজ্ঞান, উদ্ভিদ বিজ্ঞান বিষয়গুলিতে আরও কয়েকজন প্রথম শ্রেণীর সম্মান পেয়েছেন। আমাদের কলেজের ছাত্রীরা এবার তিনটী বিষয়ে প্রথম স্থান অধিকার করেছেন। বিশ্ব-বিদ্যালয়ে বোধ হয় এই সর্ব্ব প্রথম একজন ছাত্রী—শ্রীমতী গৌরী সেনগুপ্তা—অর্থনীতিতে প্রথম স্থান পেয়েছেন। উপাধি পরীক্ষায় বিজ্ঞান ছাড়া অন্যান্য পরীক্ষাগুলিতে পাশের হার ভালই হয়েছে।

অধ্যাপকমণ্ডলীর পরিবর্ত্তন

ইংরাজী বিভাগের তরুণ অধ্যাপক শ্রীদিলীপকুমার সেন উচ্চ শিক্ষার জন্য ইংলণ্ড যাত্রা করেছেন। মধ্য কলিকতা কলেজ থেকে শ্রীপরেশনাথ ঘোষ ও সংস্কৃত কলেজ থেকে শ্রীঅমল ভট্টাচার্য্য এই বিভাগে যোগদান করেছেন। অর্থনীতি বিভাগের প্রধান অধ্যাপক শ্রীযোগীশচন্দ্র সিংহ অবসর গ্রহণ করেছেন। তাঁর স্থান পূরণ করেছেন শ্রীউপেন্দ্রনাথ ঘোষাল। অধ্যপিক সিংহ বহুদিন এই প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত ছিলেন। অস্থায়ীভাবে তিনি কিছুদিন অধ্যক্ষের পদ অলঙ্কৃত করেন। তিনি নানাভাবে কলেজের উন্নতিবিধানে ব্রতী ছিলেন। তাঁর অবসর গ্রহণে কলেজ ক্ষতিগ্রস্ত হোলো। এই বিভাগের সুযোগ্য অধ্যাপক শ্রীরবীন্দ্রনাথ চট্টোপাধ্যায় উচ্চ শিক্ষার জন্য ইংলণ্ড যাত্রা করেছেন। মধ্য কলিকাতা কলেজ থেকে শ্রীভবতোষ দত্ত তাঁর স্থান পূরণ করেছেন। এই বিভাগে নতুন নিযুক্ত হয়েছেন তরুণ অধ্যাপক শ্রীতাপস কুমার মজুমদার। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এসেছেন শ্রীনিখিলরঞ্জন রায়। দর্শন বিভাগের অধ্যাপকমণ্ডলীতে কোন পরিবর্তন হয় নাই। ইতিহাস বিভাগে নতুন নিযুক্ত হয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব অধ্যাপক শ্রীশশিভূষণ চৌধুরী। বাংলা বিভাগে প্রধান অধ্যাপকরূপে যোগ দিয়েছেন ডক্টর শ্রীমনোমোহন ঘোষ কলিকতা চারুচন্দ্র কলেজ থেকে। গণিত বিভাগের অধ্যাপক শ্রীগুরুদাস ভড় আয়-ব্যয়-পঁরীক্ষক নিযুক্ত হয়েছেন। এই বিভাগে নতুন এসেছেন শ্রীমুরারি মোহন রায় চৌধুরী হুগলী কলেজ থেকে। পদার্থ বিজ্ঞান বিভাগের যশস্বী অধ্যাপক শ্রীঅমরেশ চক্রবর্ত্তী অবসর গ্রহণ করেছেন। তাঁর স্থান পূরণ করেছেন শ্রীকুলেশচন্দ্র কর। এই বিভাগে এসেছেন হুগলী মহসীন কলেজ থেকে শ্রীব্রজেন্দ্রনাথ ঘোষ ও শ্রীব্রজেন্দ্রকুমার শূর এবং কৃষ্ণনগর কলেজ থেকে শ্রীসত্যেন্দ্রকুমার ভট্টাচার্য্য। শ্রীযুক্ত শূর সম্প্রস্তি অবসর গ্রহণ করেছেন। সুযোগ্য অধ্যাপক শ্রীদুর্গাপ্রসন্ন আচার্য্যের সিনিয়র সার্ভিসে পদোন্নতি হয়েছে। তিনি সম্প্রতি সহকারী শিক্ষা পরিচালক হয়ে বদ্‌লী হয়েছেন। রসায়ন বিভাগের অধ্যাপক শ্রীবিনয় চট্টোপাধ্যায় লেডী ব্র্যাবোর্ণ কলেজে যোগদান করেছেন। এই বিভাগে নতুন নিযুক্ত হয়েছেন শ্রীগিরিজাশঙ্কর ভট্টাচার্য। শ্রীশিবপ্রসাদ দাসগুপ্ত ও শ্রীনিশীথরঞ্জন কর ভূবিদ্যা ও ভূগোল বিভাগে যোগদান করেছেন। শারীর বিজ্ঞান বিভাগের শ্রীরাধিকাপ্রসাদ ধর কলেজ পরিত্যাগ করায় তাঁর স্থান পূরণ করেছেন বেথুন কলেজ থেকে শ্রীঅমলকৃষ্ণ মুখোপাধ্যায়।

অন্যান্য পরিবর্তনের মধ্যে কলেজে এবার থেকে ভূগোল বিষয়ে অনার্স পড়ানোর ব্যবস্থা হয়েছে। কলেজের সংস্কৃত বিভাগ সংস্কৃত কলেজে স্থানান্তরিত হয়েছে। দেশের সর্বশ্রেষ্ঠ বিদ্যায়তনে সংস্কৃত শিক্ষার ব্যবস্থা না থাকা দুঃখের কথা।

ছাত্রাবাস

ইডেন হিন্দু ছাত্রাবাসে বর্তমানে ১৭৬ জন ছাত্র আছেন। তন্মধ্যে ৭ জন মধ্য কলিকাতা কলেজের ছাত্র। স্নাতকোত্তর ছাত্রাবাসের ছাত্র সংখ্যা বর্তমানে ৪০ জন। দুইটী ছাত্রাবাসেরই তত্বাবধায়ক ইতিহাস বিভাগের অধ্যাপক শ্রীভূপেশচন্দ্র মুখোপাধ্যায়। ইডেন হিন্দু ছাত্রাবাসে সহকারী তত্বাবধায়ক শ্রীসত্যচরণ বন্দোপাধ্যায়, স্নাতকোত্তর ছাত্রাবাসে শ্রীদেবীপদ ভট্টাচার্য।

লাইব্রেরী—

৩১।৩।৫০ তারিখে আমাদের বই-এর সংখ্যা ছিল ৬৯,৮৭২। বর্তমান বৎসরে ১৬৮ খানা সাময়িকী নেওয়া হচ্ছে। এই বৎসর ৪৮৪৫ খানা বই কেনা হয়েছ। কার্ড ইনডেক্স তৈরী আরম্ভ হয়েছে। লোকাভাবের জন্য কাজ আশানুরূপভাবে এগুচ্ছেনা।

কলেজ পত্রিকা

গত বৎসর কলেজ পত্রিকার আর্থিক দুরবস্থার কথা নিয়েই কলেজ প্রসঙ্গ আরম্ভ হয়েছিল। এবারও সেই প্রসঙ্গের পুনরবাবৃত্তি না করার কোন কারণ ঘটেনি; যদিও এবারের ছাত্র-সংসদ দয়া করে পত্রিকার জন্য কয়েক টাকা বেশী মঞ্জুর করেছেন। প্রেসি-ডেন্সি কলেজ পত্রিকার গৌরবময় ঐতিহ্য আমাদের কলেজকে যশের অধিকারী করেছে। এই ঐতিহ্য অব্যাহত রাখতে উপযুক্ত আর্থিক বরাদ্দ দরকার। কলেজের ছাত্রসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে মুদ্রিত পত্রিকার সংখ্যা বৃদ্ধি করা দরকার। মুদ্রণ ব্যয় পূর্বাপেক্ষা বেড়েছে, বই কমেনি। 'বিতর্ক বিভাগ', 'রবীন্দ্র পরিষদ', 'নাট্য বিভাগ'—এই বিভাগগুলিতে প্রদত্ত অর্থের ব্যয় সঙ্কোচ করা অসম্ভব নয়। ছাত্র-সংসদের এদিকে দৃষ্টি দেওয়া উচিত। অন্যান্য বিভাগগুলিতে অর্থ বণ্টন সুষ্ঠুভাবে হ'লে পত্রিকার জন্য কিছু বরাদ্দ বাড়ানো হয়ত অসম্ভব হবে না।

আমাদের অভাব-অভিযোগ :—

কলেজ পত্রিকা মারফৎ প্রতি বৎসরই কলেজের সাধারণ সম্পাদক এবং পত্রিকার সম্পাদক আমাদের অভাব অভিযোগের কথা জানিয়ে আসছেন। কিন্তু সে সব কথা কর্তৃপক্ষের কানে পৌছোচ্ছে বলে মনে হয় না। কলেজের ঘর ও আসবাবপত্র দেখলেই তার প্রমাণ পাওয়া যায়। প্রায় ঘরেই আসবাবপত্রগুলির অবস্থা শোচনীয়। অনেক সময় 'বিশেষ 'ক্লাস' বা 'অনার্স ক্লাসে'র জন্য ঘর পাওয়া যায় না। শিক্ষককে ২।৩ জন ছাত্র সঙ্গে করে ঘরের সন্ধানে বেড়োতে হয়। এ সমস্ত অসুবিধার প্রতিকার না হওয়া আমাদের নাম-করা বিদ্যায়তনের পক্ষে লজ্জার কথা। কলেজে অবসর সময়ে বিশ্রাম করার মত ঘর নেই। 'বিরাম-পীঠিকা' এত ছোট যে ছাত্রদের সাধারণতঃ আর্টস্ লাইব্রেরীতে সময় কাটাতে হয় কিংবা সিঁড়ির নীচে দাঁড়িয়ে থাকতে হয়। কলেজের সব ছাত্ররা

একত্র মিলিত হ'তে পারে এমন কোন ঘর নেই। কলেজে কোন বিতর্ক বা ঐ জাতীয় অনুষ্ঠান কিছু হ'লে Physics Theatre-এর শরণাপন্ন হতে হয়। বৎসরের পর বৎসর এ সমস্ত সম্বন্ধে লেখার পরও যদি এর কোন প্রতিকার না হয় তবে আমাদের কি উপায় আছে ?

কলেজের স্নাতকোত্তর শ্রেণীর ছাত্রদের কাছ থেকে যে ৫।৬ টাকা বেশী মাইনে নেওয়া হয় তার পরিবর্তে বিশেষ কোন সুবিধা তারা পায় না। স্নাতকোত্তর ছাত্রদের বিশেষ পড়ানোর কোন ব্যবস্থা নেই। তাদের জন্য যে ছাত্রাবাস আছে তাতে তাদের স্থান সংকুলান হয় না। বিজ্ঞানের ছাত্রেরা অবশ্য লেবরেটরী ব্যবহার করে। আর্টস্ ছাত্রদের কোন সুবিধা নেই। ইতিহাস বিভাগে সম্প্রতি স্নাতকদের ক্লাস নেওয়ার ব্যবস্থা হয়েছে। এই ব্যবস্থা অন্যান্য বিভাগে অনুসৃত হলে ছাত্ররা উপকৃত হবে। কলেজ লাইব্রেরীর কিছু উন্নতি হয়েছে সত্য কিন্তু অনেক বিষয়ে নতুন বই কেনার অভাবে ছাত্রদের অসুবিধা ভোগ করতে হয়। তা ছাড়া সকালে ও সন্ধ্যায় এবং ছুটির দিনে লাইব্রেরীতে পড়ার কোন ব্যবস্থা নাই। কয়েকজন কর্ম্মচারী নিয়োগ করলেই আমাদের এ অসুবিধা দূর হতে পারে।

বিজ্ঞান বিভাগের পরীক্ষাগারগুলির বিশেষ কোন উন্নতি হচ্ছে না। নতুন যন্ত্রপাতির অভাবে ছাত্রদের পরীক্ষা অনেক সময়েই নির্ভুল হয় না। ছাত্রদের সংখ্যাবৃদ্ধির সঙ্গে সঙ্গে পরীক্ষাগারগুলির যন্ত্রপাতি বাড়ানো দরকার। আর জরাজীর্ণ, যন্ত্রপাতিগুলিকে ত্যাগ করাই সমীচীন।

কলেজ পত্রিকার কাজ কর্ম্মের জন্য একটা পৃথক ঘরের দরকার। এ সম্বন্ধে আমার পূর্ববর্ত্তী সম্পাদকও লিখেছেন। অনেক চেষ্টার পর কলেজের ছাত্রপরিষদের জন্য একটা ঘর দেওয়া হয়েছে। একখানা কুঠ্‌রী পেলে আমাদের কাজ কর্ম্মের অনেক সুবিধা হয়।

প্রাক্তন ছাত্র সংবাদ—

সম্প্রতি আমাদের কলেজের প্রাক্তন ছাত্রদের মধ্যে কয়েকজন উচ্চপদের অধিকারী হয়েছেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত ভাইস-চ্যান্সেলর শ্রীশম্ভুনাথ বন্দোপাধ্যায় আমাদের কলেজের একজন কৃতী ছাত্র ছিলেন। ভারত গভর্ণমেণ্টের নবনিযুক্ত মন্ত্রী শ্রীচারুচন্দ্র বিশ্বাস আমাদের কলেজের প্রাক্তন, ছাত্র। আমাদের কলেজের কৃতী ছাত্র শ্রীসুমলচন্দ্র সিংহ সম্প্রতি তিব্বতে ভারত গভর্ণমেণ্টের এজেণ্ট নিযুক্ত হয়োছন। আমরা এঁদের অভিনন্দন জানাচ্ছি ; আর কামনা করছি এঁদের সাফল্য ও উন্নতি।

শোক সংবাদ

সম্প্রতি তিন জন প্রাক্তন অধ্যাপক—ডব্লিউ, সি, ওয়ার্ডস্‌ওয়ার্থ, পঞ্চানন নিয়োগী ও সুবিমলচন্দ্র ঘোষাল—ইহলোক ত্যাগ করেছেন। ওয়েল্‌স্, লণ্ডন ও অক্সফোর্ড বিশ্ব

COLLEGE UNION COUNCIL

SESSION—1949-50



Left to Right

Sitting :—Hrishikesh Banerji (General Secy.), Dr. S. C. Sen Gupta (Chairman, Publications Section), Prof. A. W. Mahmood (Chairman Junior Common Room), Prof. G. D. Bhar (Bursar), Dr. J. Ghose (Principal), Dr. J. C. Sengupta, Prof. A. Majumdar (Chairman, Debates Section), Prof. H. P. Mitra (Chairman, Rabindra Parishad).

Standing:—Prabir Ghosh (Debate Secy.), Dipen Dutta (Drama Secy.), Amal Sen (Junior Bursar), Sourin Chakrabarty (Secretary, Publications Section), Subrata Sinha (Secy. Junior Common Room), Subrata Roy (Secy. Rabindra Parishad), Vedaprasad Sen (Secretary, Social Service League).

৺বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

['সত্যযুগ'-এর সৌজন্যে]

বিদ্যালয় থেকে কৃতিত্বের সহিত উত্তীর্ণ হয়ে ১৯০৮ সালে ডব্লিউ, সি, ওয়ার্ডসওয়ার্থ সাহেব ইতিহাস ও অর্থনীতির অধ্যাপক হয়ে এই কলেজে আসেন। ১৯১৬ সাল থেকে ১৯২৪ সাল পর্য্যন্ত তিনি এই কলেজের অধ্যক্ষ ছিলেন; এর মধ্যে তিনি অস্থায়ী ভাবে শিক্ষা বিভাগের ডিরেক্টরও নিযুক্ত হয়েছিলেন। সরকারী কাজ থেকে অবসর গ্রহণ করে তিনি ষ্টেট্‌সম্যান পত্রিকার সম্পাদকীয় বিভাগে যোগদান করেন। যতদিন তিনি এ দেশে ছিলেন ততদিন কলেজের প্রত্যেক উৎসব-অনুষ্ঠানে তাঁকে পাওয়া যেত এবং কলেজ পত্রিকার তিনি একজন নিয়মিত লেখক ছিলেন।

স্বর্গত পঞ্চানন নিয়োগী এই কলেজের এক জন কৃতী ছাত্র (১৯০৩—১৯০৭) ছিলেন। ১৯২৫ সালে তিনি রসায়নের অধ্যাপক নিযুক্ত হয়ে রাজসাহী কলেজ থেকে এখানে বদ্‌লী হয়ে আসেন এবং পরে রসায়নের প্রধান অধ্যাপক পদে বৃত হয়েন। ১৯৩৮ সালে অবসর গ্রহণ করে তিনি মণীন্দ্রচন্দ্র কলেজের অধ্যক্ষ নিযুক্ত হয়েন এবং আমরণ ঐ পদে অধিষ্ঠিত ছিলেন।

স্বর্গত সুবিমলচন্দ্র ঘোষাল অনেক দিন এই কলেজের রসায়ন বিভাগে সহায়ক ও অধ্যাপকের কাজ করে হুগলী মহসীন কলেজে বদ্‌লী হয়েন। মাত্র কয়েক মাস হলো তিনি সরকারী চাকুরী থেকে অবসর গ্রহণ করেছিলেন।

এই সব প্রাক্তন কর্ম্মীদের বিয়োগে কলেজ তিনজন বিশিষ্ট বন্ধুকে হারালো। আমরা তাঁদের ঋণ কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি এবং তাঁদের শোকসন্তপ্ত পরিবারবর্গকে আমাদের আন্তরিক সহানুভূতি জানাচ্ছি।

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

অধ্যাপক দেবীপদ ভট্টাচার্য্য

বিভূতিবাবুর মৃত্যুসংবাদ প্রত্যেক বাঙালীই গভীর বেদনার সঙ্গে গ্রহণ করেছেন। মৃত্যুর কয়েকদিন আগে ঘাটশীলায় উপস্থিত সাহিত্যিকেরা মিলে তাঁর জয়ন্তী-উৎসবের অনুষ্ঠান করেছিলেন। জয়ন্তী-উৎসবের মধ্যে বোধ হয় অভিশাপ আছে।

যাঁরা বিভূতি বাবুর সঙ্গে একবার মিশেছেন তাঁরাই জানেন কী সুন্দর দিলখোলা মানুষ ছিলেন তিনি। আধুনিক বাংলা সাহিত্যিকদের মধ্যে তাঁর মতো হৃদয় ও অকৃত্রিমতা কারও নেই। তিনি গল্প করতে বসলে উচ্চহাসিতে ঘর ভরে যেত, অপরিচিত আত্মীয় হয়ে উঠত, সকাল গড়িয়ে দুপুর হত। শিশুর মত সরল অগ্রজোপম এই লোকটিকে হারিয়ে আজ সত্যিই নির্বান্ধব বলে মনে হচ্ছে।

একথা ঠিকই যে আধুনিক জগৎ ও জীবনের রাজনৈতিক ও অর্থনৈতিক দ্বন্দ্ব-সংঘাত-মুখর পটভূমি ও তার বিচিত্র জটিলতা বিভূতিবাবুর রচনায় প্রকাশ পায়নি। আজ অর্থনৈতিক সমাজবাদ ও মনোবিকলন যুগপৎ আমাদের বুদ্ধি ও চেতনাকে দখল করেছে। অর্থনৈতিক ও রাজনৈতিক সমস্যাচেতনতা ও বুদ্ধিগম্যতা বিভূতিবাবুর রচনায় নেই বলেই, তাঁকে সরাসরি 'পলায়নপর' বলা সংগত হবে বলে মনে করি না। আসলে তাঁর "পলায়নী বৃত্তি'ও সচেতন নয়।

গ্রাম-বন-মাঠ-নদী বিভূতিবাবুর মনকে গিঁঠাতে গিঁঠাতে বেঁধেছে। সেই মানসযোগ চেতনার যোগে পরিণত হয়েছে। তাঁর চোখে রূপের কাজল, তাই চেনা পথ,, জানা মুখও তাঁর গল্পে উপন্যাসে অপূর্ব রূপশ্রী লাভ করেছে। বিভূতি বাবু নিজে সার্থক আরণ্যক। পাহাড়-মাঠ-বনের সঙ্গে এমন পথিক-মিতালি বাংলা সাহিত্যে এর আগে কোথাও দেখিনি।

ব্যক্তিগত ভাবে তিনি নিজে যেমন সাদাসিদে, অগোছালো অথচ অকৃত্রিমতায় দীপ্তিমান্, তাঁর লেখা সম্বন্ধেও ঠিক একই বিশেষণ প্রযোজ্য। তাঁর সব লেখাই যে সার্থক তা বলতে পারি না, কিন্তু তাদের বিশ্বস্তরূপটি মনোহরণ করেই। আজ যে-সব প্রশ্ন আমাদের চিত্তে সর্বদাই ঊর্ধ্বশিখ, তার উত্তর বিভূতি বাবুর রচনায় মিলবে না। কেন না তিনি দ্রষ্টা, প্রশ্নকর্তা নন। তাঁর মনের গড়নই সেই ধরনের। নাগরিক জীবনের সঙ্গেই যোগ বুদ্ধিগম্যতার, প্রশ্নকরনের। কিন্তু বিভূতিবাবুর প্রাণচেতনা গ্রামীণ ও আরণ্যক; সেখানে প্রশ্ন নির্বাক। নিসর্গ-জীবনের খোপে খোপে যে অফুরন্ত সৌন্দর্যের, রহস্যের রাজ্য, তার কবাট বিভূতি বাবুর আগে কেউ এমন করে খুলে দেখায়নি।

নিম্ন, মধ্যবিত্ত, গ্রামীণ বাঙালী জীবনের যে-ধারা মন্দগতি, যা মাঝে মাঝে আবর্ত রচনা করে আবার গতানুগতিক খাতে বহে চলে বিভূতিবাবু তারই কথাকার। তাই তাঁর রচনায় ইঙ্গিত-সংকেত-ব্যঞ্জনার, নাটকীয় চমক ও ঘটনার স্থান কম। পুঁই মাচা, উমারাণী প্রভৃতি ছোট গল্পে অথবা পথের পাঁচালী, অনুবর্তন প্রভৃতি উপন্যাসে অশ্রুসজলতার ও আবেগপ্রাধান্যের পরিচয় বেশি বলে অনেকে অভিযোগ করেছেন। কিন্তু আমার কাছে উল্লিখিত রচনাগুলি সম্পূর্ণ ভাবে জীবন-সত্য। গ্রাম-বাংলার-পরিচয়হীন, বুদ্ধিবিলাসী সমালোচকের মন্তব্য তাই অশ্রদ্ধেয়।

তাঁর সঙ্গে আমার শেষ দেখা কবি করুণানিধানের জয়ন্তী-অনুষ্ঠান উপলক্ষে বঙ্গীয় সাহিত্য-পরিষদে। দুজনেই নিসর্গরূপ-রসিক। বিভূতিবাবু বলেছিলেন, করুণা-নিধানের কবিতার গভীর প্রভাব তাঁর কিশোর—মনের 'পর। রূপ-সৌন্দর্য-স্বপ্নের যাদু তাঁর মনকে কি করে ছুঁয়েছিল।

বিভূতিবাবুকে নিয়ে আমর মনে একটু ব্যক্তিগত দুর্বলতাও ছিল। আমরা উভয়েই যশোর জেলার লোক। এই দুর্বলতাটুকু সগর্বেই নিভৃত মনে পোষণ করতাম। আজ সে দুর্বল স্থানটুকুই ব্যথাহত। কিন্তু সে কথা প্রকাশ্য নয়।

জাতীয় জীবনে সাহিত্যের প্রভাব *

(পরিবর্তিত)

শ্রীযতিকুমার সেনগুপ্ত

(দ্বিতীয় বর্ষ সাহিত্য)

'সাহিত্য' কথাটার ব্যুৎপত্তিগত অর্থ খুঁজতে গেলে 'সহিত' কথাটার খোঁজ মেলে। তাই সাহিত্যের সংজ্ঞা, সাধারণভাবে এককথায় বলতে গেলে, বলতে হয়, জীবনকে সংগে নিয়ে যা চল্‌চে বা চলমান তাই সাহিত্য। ব্যষ্টিগতভাবে আমাদের এই যে বিরাট মানবজীবন, বিশ্বের গহনে-কন্দরে এর নিত্য আনাগোনা—দৈনন্দিন দুঃখ-কলহ, সুখ সংশয় ও হাসিকান্না নিয়ে গড়া এই জীবন—একদিকে রয়েছে দুর্ভেদ্য সমস্যাজাল, আর অন্যদিকে রয়েছে আশা-আনন্দ ও সুখস্বপ্ন। এই যে বহুমুখী জীবনধারা, এরই এক এক বিশেষ বিশেষ অংশ রূপ পায় সাহিত্যের পাতায়, লেখকের আন্তরিকতার তুলিতে বা কবিমনের বিশ্বস্ততায়···। এই জীবনকে নিয়েই সাহিত্যের কারবার। তাই জীবনের প্রতিচ্ছবি রঙে-রূপে রঙীন হয়ে মূর্ত হয় সাহিত্যপটে। তাই সাহিত্য হচ্ছে জীবনবেদ। হৃদয়ে হৃদয়ে সহিতত্বের যে সেতু তাকেই স্বপ্রতিষ্ঠ করবার সাধনা সাহিত্যের। এই যে টাকাকড়ি-লেন-দেন,—দৈনন্দিন দিনযাপনের গ্লানি—এই নিয়েই শুধু মানবজীবনের গোটাটার শেষ নয়, এই বড়বাজারী কলকোলাহল-হট্টগোল মেশা ক্রুর-কঠিন সমস্যা-তীক্ষ্ণ জীবনকে পেরিয়েও আর একটা জীবনলোক আছে যেখানে বসে সাহিত্যের আসর, প্রতিদিনকার ক্ষুদ্র অবসরের ফাঁকে ফাঁকে সৃষ্টি হয় আনন্দের অমরাবতীর। এই রসলোক-প্রাপ্তির মাঝখানে নেই কোন জটিল-ক্লান্ত খিন্ন-জীবন-আস্বাদ—এখানে শুধু ক্ষণিক বিরতি —বিরাট কালপ্রবাহের ফাঁকে ফাঁকে এ জীবনের ঘাটে ঘাটে কিছুক্ষণের জন্য থামা—আর এরই ফাঁকে ক্লান্তিজর্জর মনের ক্লিন্ন-খিন্নতার অবকাশ কাটিয়ে সুরু হয় ক্ষণিকের আনন্দ-আস্বাদের পালা—নিজের জীবনকাব্যকে আদর্শমণ্ডিত করবার যুগজয়ী একটা সাধনার অনুপ্রেরণা। এই যে প্রতিদিনের কর্ম্ম-অবসরের ভিতর দিয়ে দিনগুলো একঘেঁয়ে সুরে কেটে যাচ্ছে, এর মধ্যে মনের খোরাক জোটাবার অবসর অল্প। তাই বিচিত্রতার আনন্দ-পরশ-উন্মুখ মন নিয়ে যে মানবজীবন, সে চিরচঞ্চল ও চির-উদ্‌ব্যস্ত হয়ে খোঁজে কি এক অতীন্দ্রিয় আনন্দময় জগতের পরিবেশকে। তাই সে চিরবিদ্রোহী। তাই একঘেয়েমি-ক্লান্ত জীবনের মাঝে থেকেও সে ধরতে চায় একটা আদর্শের (Archetype) সুর,—একটা চলার আদর্শ গতিচ্ছন্দ—চলার শেষে যা তাকে দেবে

* (ভ্রাতৃ-সংঘে'র পরিচালিত ২য় বার্ষিকী প্রবন্ধ-প্রতিযোগিতায় প্রথম পুরস্কার প্রাপ্ত

পরিপূর্ণপ্রশান্তি ও আদর্শমহিমা। এই রকম জীবনাদর্শের অনুসন্ধিৎসায় যুগ যুগ ধরে মানুষ খুঁজে খুঁজে ফিরেছে পর্বতে, গুহায়, বা উপদেশবাণীতে—যেটা ছিল কিছুটা অতীন্দ্রিয়, অলৌকিক বা হয়ত সাধারণ জীবনবিরোধী একটা দুশ্চর-কঠোর দেহ তপস্যা-মণ্ডিত···এম্‌নি করে ব্যর্থ হয়ে খুঁজে খুঁজে ফেরার শেষে সাক্ষাৎ মিলেছে। সাহিত্য-লোকের—জীবনাদর্শের—সুরু হয়েছে 'মহাজনো যেন গতঃ স পন্থা'র-ও জয়গান—। তাই সেই আদি-যুগের সাহিত্যসৃষ্টির পিছনে মিলবে সেই সমাজ ও জাতীয়-জীবনের প্রতিভাস, সেই জীবনাদর্শ খোঁজার উদগ্র প্রেরণা। কারণ, মানুষ তখনও স্বপ্রতিষ্ঠ হতে পারেনি, নিজের জীবনের অনিশ্চয়তার সম্ভাবনায়, তখনও সে ভীত-কম্পিত ও অসহায়। তাই তখন সমগ্র জাতির জীবন ব্যর্থ হয়ে খুঁজে খুঁজে ফিরেছে সেই নিশ্চয়তার সুরটিকে ধ'রতে, যার মাঝে সে হয়তো খুঁজে পাবে তার অন্তর রহস্যের আপাত সমাধান, মিলবে তার আশংকার ক্ষণিক নিবৃত্তি।

তাই সে-যুগের সাহিত্যসৃষ্টি কোনঠাসা হয়ে পড়েছিল, ধর্ম-উপধর্ম ও দেবদেবীদের সংকীর্ণ গণ্ডির আওতায়। তাই বাংলার প্রাচীন সাহিত্যের ইতিহাস খুঁজতে গেলে মিলবে চর্যাপদ, মংগলকাব্য ও নাথসাহিত্যে ধর্মের জয়গান ও জীবনধারণের অনুশাসন বা সেই ঊর্ধ্বলোকবাসী দেবদেবীদের আদর্শ জীবনোদ্দেশ্যে মূক-অসহায় মানুষের প্রকম্প প্রশস্তি-বাণী। তাই তখন দেবদেবীর মহিমা-কীর্তন-সংস্তুতির কাছে বাতিল হয়ে গেছে ধূলোর জগতের সাধারণ মানুষদের সেই সুখদুঃখ ও কান্নাহাসির কথা। সেই অসংখ্য দেবতার আড়ালে ঢাকা পড়েছে সেদিন মানুষের বাস্তব জীবন ও সমাজের মূর্তিখানি। তাই সে-যুগের সমাজও গড়ে উঠেছে ওই দেবদেবী মহিমার প্রভাবে আচ্ছন্ন হয়ে। মানুষ তাই তখন স্বপ্ন দেখেছে ধর্ম-উপধর্মের আবহাওয়ায় নিজেকে বা নিজের জীবনকে গড়ে তোলবার, বা সেই অলোকসামান্য দেবদেবীদের উপাসনা-স্তুতি বা মাহাত্ম্য-স্তব-ধ্যান করে নিজের জীবনকে সেই আদর্শের পথে নিয়ন্ত্রিত করবার; তাই সেদিনকার গোটা জাতির জীবনেতিহাসে মুখ্য হয়ে উঠেছে দেবদেবীরা—তাদেরই মংগলকথা, বা কাল্পনিক-বা-অকাল্পনিক চরিত্রকথা, আর তারই ফাঁকে ফাঁকে মানুষের বুভুক্ষু সকরুণ প্রার্থনা—"যশো দেহি—দ্বিষো জহি···" সেই দাও দাও শব্দ বা সেই—"নিরাশ্রয়ং মাং জগদীশ রক্ষ!" এর অসহায়-প্রার্থনা-আবেদন এই সব আকুল প্রার্থনা ও স্তব-স্তুতিবাদের মাঝ দিয়েই আবর্তিত হয়েছে তখনকার সমগ্র মানবজীবন। আর পিছনে পিছনে কাজ করেছে মংগলকাব্যের সেই আশাবাদের উদ্গান—মানুষকে বাঁচতে হবে দেবতার অনুকম্পা নিয়ে, তাদের আদর্শ-আশীর্বাদে গড়ে তুলতে হবে নিজের জীবনকাব্য।

তারপরের অধ্যায়ে, বৈষ্ণব কবিতা-ধারায় সাহিত্যের নূতন সুর ধ্বনিত হয়ে উঠেছে সত্য, তবু তখনও কিছুটা ধর্মের গণ্ডির মধ্যেই তার আনাগোনা ছিল সীমাবদ্ধ, তাই কিছুটা বিবর্তনের ঢেউ এলেও জাতীয় জীবনের গোড়ায় ছিল যে ধর্ম-ভীরু, আশংকা-

আকুল, কম্পিত-ভীত মানবহৃদয়; সে তার দেব-ভীতি-আশংকার গণ্ডি কিছুটা কাটিয়ে বেরিয়ে পড়লো উদার ধর্মক্ষেত্রে। ভীতি-আশংকা কাটিয়ে হৃদয়ের অনাবিল অকপট প্রেম স্থান পেল জাতীয় জীবনের শীর্ষে—। 'দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা' তাই সেই যুগের জাতীয়-প্রেম-জয়ধ্বনির মূল কথা। এম্‌নি করে আদি থেকে অন্ত অবধি বেদ-উপনিষদুত্তর যুগ থেকে সমগ্র সাহিত্যধারার প্রতিচ্ছবি প্রতিভাসিত হয়ে উঠেছে যুগে-যুগে-বদ্‌লে-উঠা-জাতীয় জীবনে। তাই অলৌকিকতা, অতীন্দ্রিয়তা বা দেবমহিমা-গান থেকে সুরু করে যতই সাহিত্যসৃষ্টি নেমে এসেছে সাধারণ মানুষের প্রতিদিনের আশা-আনন্দের খাতে, জাতি হিসেবে ভারতের সমগ্র জাতীয় জীবনকাব্যেরও ওঠা-নামা হয়েছে সেই হারে, জাতীয় সংস্কৃতি ও ঐতিহ্যের ধারাবাহিকতাও রূপ পেয়েছে সেই অনুপাতে। তাই রামায়ণ-মহাভারত জাতীয় সাহিত্যের একটা বড় নজির। এই মহাকাব্য দুটো শুধু কাব্য নয়, এর পেছনে সবকিছুকে ছাপিয়ে অন্তঃসলিলা ফল্গুর মত বয়ে চলেছে সেই আদর্শপিপাসু মানবমন। তাই শ্রীরাম-যুধিষ্ঠির শুধু 'হিরো' নন, সেই বিরাট আদর্শপ্রত্যাশীযুগের প্রচ্ছন্ন প্রতীক। আর রাবণ-দুর্যোধনও যেন তেমনি নেপথ্যের জমাট অন্ধকার, যেখানে পুঞ্জীভূত হয়ে রয়েছে আত্মসচেতন মানব মন অবদমিত প্রবৃত্তি নিয়ে। সেই আদর্শের দোহাই সারা জাতীয় জীবনে। তাই ' The idea of Ravana elevates and kindles my imagination, he is a grand fellow ' বললে সে যুগে শুধু 'পাপ' হোত না, আদর্শ-প্রমুগ্ধ সমাজের চোখে বিদ্রোহবহ্নি বলে গণ্য হোত···। জগতের 'প্রায়' সকল সাহিত্যসৃষ্টির ইতিহাস সম্বন্ধে সেই একই কথা। যুগের পর যুগের অনুবর্তন হয়েছে। সাহিত্যসৃষ্টির ধারাও এগিয়ে বাঁকের পর বাঁক নিয়ে—নূতন প্রগতির পথে—দেখিয়ে গেছে সেই আগামী সমাজকে গড়ে তোলবার স্বপ্ন, তাই পরের যুগে তারই অনুকরণ করে গড়ে উঠেছে একটা গোটা জাতীয়-কাঠামো। এম্‌নি করে যুগে যুগে দেশে দেশে সাহিত্যের পাতায় রূপ পেয়েছে আগামী যুগের বিদ্রোহস্বপ্ন, অত্যাচারের অবসান ঘটিয়ে নতুন জীবন আবাহন করে আনবার দুস্তর প্রতিজ্ঞা-বাণী। তাই দেখি একটা সমগ্র জাতির সভ্যতার অগ্রগতি-পথে সাহিত্যের অবদান কম নয়। আর শুধু কি তাই? টুর্গেনিভ-ডষ্টয়ভস্কির রচনায় যে দুর্জয় অভিযান চলেছে দিন থেকে দিনান্তরে, তাতে বাতিল হয়ে গেছে সেই জার-আমলের শোষণমূলক শাসনব্যবস্থা, ধ্বসে পড়ে গেছে সেই বিরাট স্বৈরতন্ত্রী-শাসনের ঘুণধরা-ভুয়ো বনিয়াদ। এম্‌নি করে স্খলিত হয়ে পড়েছে আমেরিকার পরাধীনতার লৌহপাশ, বা আয়র্ল্যাণ্ডের বিদেশী প্রভুত্বের বন্ধন। এম্‌নি করে সমগ্র জাতীয় জীবনের স্বাধীনতার আবাহক হয়ে এসেছে এই সাহিত্যধারা, যুগে যুগে, দেশ-থেকে দেশান্তরে। আর মানুষে মানুষে হৃদয়বোধের যে নিবিড় একাত্মতা, তারই মাঝে 'আনন্দম্' বা 'শিবম্' এর সুর মিলিয়ে—আত্মানন্দের সর্বানন্দ পরিণতির মাঝ দিয়ে সেতুবন্ধনে সাহিত্য গড়ে তুলেছে একটা সমগ্র জাতীয় মহামিলন ক্ষেত্র, যেখানে

হয়তো "সবার উপরে মানুষ সত্য" বা "নহি মানুষাৎ শ্রেয়ান্ কিঞ্চিৎ"। এম্‌নি করে যতই দিন এগিয়ে যাচ্ছে, সভ্যতার বিবর্তন হয়ে চলেছে, সাহিত্য-ধারা ও বয়ে চলেছে অগ্রদূত হয়ে—সামগ্রিকভাবে জাতীয় জীবনকে শুদ্ধ-পবিত্র করবার দুর্জয় স্বপ্ন নিয়ে। তাই দেখি, আধুনিক যুগের সাহিত্য শুধু 'কান্তাসম্মিত' হয়ে 'গজদন্ত-মিনার-বিলাসী' বিকৃত-রুচি হীন মানবমনে আনন্দ-আসরের রস-চোলাই করেনি, কিংবা শুধু ফেনিল-আদর্শ-বাদ বা Didactic-বৃত্তি প্রচার করে মহনীয় হয়নি, এর অন্তর-অনুস্যূত হয়ে কাজ করে গেছে ঐ সমাজ ঘেঁষা 'সহৃদয়-হৃদয়-সংবেদ্য' "সত্যম্-শিবম্-সুন্দরম্"-বাদ। এই জীবনঘেরা সমাজ—যাকে চিরতরে বিসর্জন দেবার কোনো উপায়ই নেই মানুষের, তার প্রতি সুগভীর মমত্ববোধ দরকার সাহিত্যিকের। তাই দেখি বিভিন্ন-বিচিত্রতার মধ্যেও একটা 'সাহিত্যিক-সুসংগতি' এগিয়ে গেছে বারংবার বর্তমান সমাজের ও সমাজবোধের ও জাতীয়-জীবনের রূপ বিশ্লেষণ করতে। তার অত্যাচার-পীড়িত ও শোষণ-পংকিল জীবনকে দিনের আলোতে চোখের সামনে ফেলে তাদের বিচারের দাবী জানিয়েছে ···। তাই দেখি, প্রথমে ঐ পাঁচালী-মংগলকাব্য-চারণ সংগীত-আদি ধর্মীয় আবহাওয়ার যুগ, সমাজছাড়া-অতীন্দ্রিয়। তারপর, টেকচাঁদ-আদি বংকিমের দল ঢেউ ফেরালেন। জীবন-উপন্যাসে মানুষের স্থান হলো। তবু, সমাজের নীচের তলার বস্তাপচা-ঠাসবুনোনির কোন পরশ নেই তাতে, কিছুটা একটানা সমাজ-ছাড়াছাড়া ভাব ···। তারপর রবীন্দ্র-শরতের যুগ। সাহিত্য নেমে এল মুষ্টিমেয় অভিজাত সম্প্রদায় থেকে অবতরণ ঐ সর্বজনীন মধ্যবিত্ত-মধ্যশ্রেণীর জীবনে, বা ঐ আলো-আঁধারি আনাচে,-কানাচে, জগদ্দল গ্রামীণ সমাজের অলিতে-গলিতে। সমাজের অন্তরালে থেকে যে সব গ্লানিজর্জর মানুষ সমাজে স্ব-স্বীকৃতি পাচ্ছেনা, শরৎচন্দ্রের দরদভরা লেখায় তা ফুটে উঠেছে—তখনই সমাজজীবনের গহন-আঁধার গুহা থেকে বেরিয়ে এসেছে হাজার হাজার সমাজ-নিষ্পেষিত দুর্ভাগ্য-লাঞ্ছিত নরনারীর মিছিল, যারা সেই মঁ-য় ভুখা হুঁর দল—চেয়ে চেয়ে ফিরছে সমাজের প্রীতি, স্নেহ ও মমতা পরশ। এম্‌নি করেই, অত্যাচার-জর্জর সংখ্যাহীন পংকিল জীবন, গুমরে গুমরে ফিরছিল যারা, তাঁরা স্বীকৃতি পেয়েছে সত্যসন্ধ-দরদী শরৎমনে। তিনিই শুনিয়েছেন, বারবার একঘেয়ে সুরেও হয়ত, এই আমাদের সুষ্ঠু-সমাজজীবনের জঞ্জাল ভেঙে চুরে নতুন প্রেমনীতিগড়া আদর্শ জাতীয় জীবন গড়ে তোলার মৃত্যুঞ্জয় সংলাপ। তখনকার সাহিত্য-ধারায় শরৎচন্দ্রের এই বলিষ্ঠ-বস্তুনিষ্ঠ-পদক্ষেপে অনেকেই হয়তো ভেবেছেন—অনর্থক আর ডাষ্টবিন-নর্দমার ময়লা ঘাঁটা কেন?...কেন আর? নিজেদেরই স্বাস্থ্যরক্ষার জন্য, সমাজ-জীবনেরই স্বস্থ-শুদ্ধি, ও পবিত্র-মুক্তির জন্য। আর কিছু নয়!···

আজ দেখি, সামগ্রিক ভাবে সারা জগতের মানুষের প্রাণে-মনে ছোঁয়াচ লেগেছে এই যুদ্ধোত্তর অনিশ্চয়তার বা এই যুদ্ধ-আসন্ন চক্রবাত্যার। উদ্‌ব্যস্ত-ত্রস্ত, অস্থির-অতন্দ্র মানব-মনে আজ শুধু আশংকা-আকুল অনিশ্চয়তার সুর। বিরাট রাজনীতিক বিপ্লব ও কূটনৈতিক

টাইফুনে ছারখার হতে বসেছে কত শত দেশ, তার শান্তি-সমৃদ্ধি—সমাজ জীবনেও এসেছে তার বিরাট প্রতিক্রিয়া—উত্তুংগশীর্ষ বিশাল সমস্যাসংকট—যুদ্ধ-শান্তি খাদ্য-সমস্যা নিত্য-নৈমিত্তিক কঠিন-কঠোর অভাব-দারিদ্র্য—একের পর এক এগিয়ে আসছে মানুষের এই স্বল্পস্থায়ী অস্থির-ক্ষয়িষ্ণু জীবনে উৎকট ক্ষয়রোগবিষ ঢুকিয়ে দিতে। বিভীষণ এই সংকটে, বিরাট যুগধারার ভাঙাগড়ার মুখে সাহিত্য আর সাহিত্যিক কি শুধু জীবনবিমুখী পলায়নী মনোবৃত্তি নিয়ে নিজেদেরই স্বপ্নগড়া অলীক আনন্দলোকেই বিচরণ কোরবে? শুধুই কি ঐ 'খেলার মাঠে' আনন্দ-বীণার সুর তুলে তুলে জীবনছাড়া অন্তর্লোক সৃষ্টি কোরবে? না, ঐ ছন্নছাড়া পলাতক বালকের মতো সারাদিন বাঁশী বাজানো ছেড়ে ফিরবে 'এবার-ফিরাও-মোরে' ব'লে—দুঃসহতম-দুর্গমতম কাজে? বিরাট এই সব প্রশ্ন উঠেছে মানুষের মনে আজ!! সাহিত্য কি শুধুই রইবে খেলা? না, ঐ খেলার-মাঠের আনন্দলোকের সংগে যে সুস্থ জীবনময়তার—বা মংগলের সুর, সেই-সমেত? শুধুই কি 'Piping the solitary tune of life'এর দোহাই দিয়ে নির্জলা-জীবনছাড়া অভিযান চলবে? না, এই বিরাট সমস্যাকীর্ণ জীবনের 'ভুলি-নাই'-সুর সাহিত্যিকের মনোবীণার তারে বাজিয়ে তুলবে অব্যক্ত-দুঃখব্যথা-অভিশাপের 'তারা-মুদারা'?...ঐ যে এলিয়টের 'The world revolvs like ancient women gathering fuel in vacant lots' থেকে সুরু করে আজকের-কবি সুকান্তের '...ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়, পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটী' পর্যন্ত যে সুর সেটা কিসের মর্মকথা...? আজকে, ঐ যে বস্তুনিষ্ঠ প্রাণমাতানো জীবন-সুর তুলে (যদিও 'কিছুটা' Intellect বা বুদ্ধিস্তর ছোঁওয়া সেটা!) বিশ্বসাহিত্যের সাহিত্যদরবারে স্বীকৃতি পাচ্ছে ঐ 'কুলি' ওই 'গুড্-আর্থ,' ঐ কুপ্রিণের 'য়্যামা-দি-পিট্,' ঐ নিগ্রো-লেখক রিচার্ডসনের 'ব্ল্যাক-বয়,' বা ঐ লাও-চাঁঅ-এর 'রিক্‌শওয়ালা'—এদের পেছনে কি রয়েছে? শুধুই কি বিকৃত-উৎকট আনন্দতৃপ্তির প্রয়াস? যা এই বিশ্বমনের পরিতৃপ্তি-খোরাক জুটিয়েছে? না, ঐ সমাজচাপা সর্বহারা মানুষের প্রতি সুগভীর মমত্ববোধ—আন্তরিক দরদ যা সাহিত্যিক-মনকে দুর্দম-প্রয়াস-প্রেরণা দিয়েছে?...আমাদের জাতীয় জীবনে আজ যে বিরাট ভাঙা-গড়ার উত্তাল-উদ্দাম খেলা চলছে, হাহাকার-বেদনায় প্রতীকারহীন-অক্ষমচিত্ত নির্বাক হয়ে রইছে, তা আজ সাহিত্যিকের মনের কোণে স্তূপীকৃত বস্তুজঞ্জাল হয়ে জড়ো হয়েছে,...রাষ্ট্র ও সমাজ-জীবনের প্রতি নিদারুণ অবজ্ঞা-অভিশাপ নিয়ে তাই সাহিত্যিক আজ দৃষ্টি ফিরিয়েছেন ঐ কোণে, ঐ সর্বহারা-দুর্ভাগ্য নিরীহ-নিষ্পাপ 'ছায়া-মিছিলে'র, দিকে—। তাই দেখি, অভিশাপ-ব্যথাজর্জ্জর এই জীবনের বা তার কঠিন-কঠোর, তিক্ত-রিক্ত প্রকৃত-পর্যায়ের কথা বলতে গিয়ে প্রতীকারহীন চোখে জল এসেছে, তবুও ভাঙাবুকেই আশার গান শুনিয়ে যাবার প্রয়াস করছেন সাহিত্যিক, ঠিক যেমন আগের দিনে ঐ

ট্রু বাড়ুর-চারণ-বা কথক-বলিয়েরা কানে কানে বলে বলে নিষুপ্তমনে বিপ্লবজাগরণী সুর আনতো।

তাই দেখি আজ সামনের ওই পাণ্ডুর-ধূসর মরণ ছবি—
'মানুষের মর্মে মর্মে করিছে বিরাজ
সংক্রামিত মড়কের কীট;
শুকায়েছে কালস্রোত, কর্দমে
মেলেনা পাদপীঠ।

গল্প লিখিলাম

(গল্প)

শ্রীঅরবিন্দ চট্টোপাধ্যায়
(২য় বর্ষ বিজ্ঞান)

বাড়ী ফিরিয়া কাগজ কলম লইয়া বসিলাম, গল্প লিখিব। মার্কেণ্টাইল্ ফার্মে কাজ করি। দশটা-ছটা পর্য্যন্ত সপ্তাহের ছটা দিন ঘোড়দৌড়ের পর সাহিত্যচর্চ্চা মাথায় উঠিয়া থাকে আমার। তবু আজ কাগজ কলম লইয়া বসিয়াছি ছাপার অক্ষরে জীবনে দ্বিতীয়বার নামটা দেখিব এই আশায়। টিফিনের ঘণ্টায় আজ অফিসে আমাদের সমিতি স্থির করিয়াছে এক ম্যাগাজিন বাহির করিবে। নরেন গুহ উপসংহারে সকলকে সনির্বন্ধ অনুরোধ করিয়াছে দয়া করিয়া কিছু একটা লিখিয়া আনিবার জন্য, বলিয়াছে যে সে বিশ্বাস করে এবং জানে যে, আমাদের মধ্যে সকলেরই সুপ্ত প্রতিভা আছে, আমাদেরই মধ্যে আছে কত রবীন্দ্রনাথ, ওয়ার্ডসওয়ার্থ, কত ম্যাক্সিম্ গর্কী……! সুতরাং আমরা যেন inferiority complex-এর বশবর্তী হইয়া নিজ নিজ parts কে অংকুরেই বিনষ্ট না করি, ভাবিকালে সুবিশাল মহীরুহে পরিণত হইবার যে মহতী সম্ভাবনা ইহাতে নিহিত আছে তাহার পায়ে যেন সজ্ঞানাবস্থায় অজ্ঞানতার ভাণ করিয়া কুড়ুল না মারি, ইত্যাদি ইত্যাদি। এবং আমরাও অবিসংবাদিতভাবে তাহাকে এই ম্যাগাজিনের সম্পাদকরূপে বরণ করিয়াছি।

অতএব, ট্রামে ঝুলন্ত অবস্থায়, 'শ্রীচরণ তথা প্রাণটা বুঝি গেল' এবং ট্রাম হইতে নামিয়া, 'একটা কিছু লিখিতেই হইবে' ভাবিতে ভাবিতে সারা রাস্তা আসিয়াছি এবং বাড়ী পৌঁছিয়া জামাকাপড় ছাড়িয়াই কালিকলম লইয়া বসিয়াছি।

বছর বার আগে লিখিতাম গল্প। স্কুলে বন্ধুগণ ক্ষেপাইত 'সাহিত্যিক' বলিয়া, নিজেদের উদ্ভাবনী শক্তির পরিচয় দিত আমার প্রতিভা সম্বন্ধে শ্রুতিমধুর সব ছড়া কাটিয়া। তবু লিখিতাম। মনে পড়ে বাবার হাতে একবার এইজন্য এক বিশাল চড় খাইয়াছিলাম, তবু ছাড়ি নাই।

মনে পড়িতেছে কলেজ ম্যাগাজিনে যেবার প্রথম নিজের নাম ও লেখা ছাপার অক্ষরে দেখিলাম সেবারের কথা। লেখাটা কতবার পড়িয়াছিলাম। বাবা ছাড়া বাড়ীর সকলকে দেখাইয়াছিলাম। কিন্তু বাবা তাহা একদিন আমার অজ্ঞাতসারে পড়িয়াছিলেন। ফলে সন্ধ্যার সময় আমার তলব পড়িয়াছিল।

যাক্ সে সব পুরাণো দিনের মধুর স্মৃতি। একটা ভাল প্লট চাই। আচ্ছা, কী লিখিব, কবিতা, না গল্প? দূর, কবিতা হইবে না, একটা গল্পের প্লটই চাই।

চিন্তার সূত্রগুলি মাথায় পাক খাইতেছে, মাঝে মাঝে জটও পাকাইতেছে, কিন্তু যাহা খাড়া করিতেছি তাহা তো দেখি নিতান্তই অনুকরণ।

আচ্ছা, ধরা যাক্, এ প্লটটা। আমারই মত একজন কেরানী, মাথার উপর সমস্ত সংসারের ভার। অফিস হইতে ফিরিবার সময় বাস হইতে পড়িয়া গিয়া পা' ভাঙ্গিয়া ফেলিল। অফিস তাহাকে বিদায় দিল আর সে নিষ্ঠুর জনসমুদ্রে মিশিয়া গেল,। দূর্, একদম বাজে, ও চলিবে না।

আচ্ছা মনে করা যাক্, সে মাসের একমাত্র সম্বল ৮০ টাকা মাইনা লইয়া বিড়ি ফুঁকিতে ফুঁকিতে ট্রামে সেকেণ্ড ক্লাশে চাপিয়া বাড়ী ফিরিতেছিল। পথে তাহার পকেট কাটিল। বাসায় ফিরিয়া সে যখন পকেট শূন্য দেখিল, অমনি তাহার মাথার ভিতরটা কেমন করিয়া উঠিল, সে পড়িয়া গেল এবং হার্টের দুর্বলতার জন্য সমস্ত সংসারকে কাঁদাইয়া পরলোক যাত্রা করিল।

বেশ ট্র্যাজিক্ হইয়াছে বটে। আচ্ছা, এটা আরও একটু মর্মস্পর্শী করিলে হয় না? যেমন, সে লটারীর টিকিট কাটিয়াছিল। তাহার শেষকার্য্য সমাধা হইবার পর খোঁজ পাওয়া গেল যে সে ফার্ষ্ট প্রাইজ পাইয়াছে। অথবা, ধনী পিতা তাহাকে ত্যাজ্যপুত্র করিয়া দিয়াছিলেন, মরিয়া সে পিতাকে চরম আঘাত হানিয়া গেল। পিতাকে পুত্র-শোকে পাগল করিলে রস আরও একটু করুণ হইবে কি?

স্ত্রী রান্নাঘর হইতে চেঁচাইয়া জানাইলেন যে আজ এখন রেশন না আনিলে কাল খালিপেটে হাত বুলাইতে হইবে।

ধুত্তোর! একটা কিছু রস যদি ইহারা বোঝে! অত সুপরিকল্পিত প্লট্টার রূপায়ণের পথে চরম বাধা দিল। কিন্তু নিরুপায়! রেশনকার্ড লইয়া থলিগুলি হস্তগত করিয়া বাহির হইলাম। গলির মুখে পানের দোকান হইতে একটা সিগারেট এক পয়সা দিয়া কিনিয়া দড়ির আগুনে ধরাইয়া ধুমাস্বাদে বিরক্ত মনের তিক্ততা অপনোদনের চেষ্টা করিতে করিতে রেশনের দোকানের দিকে যাত্রা করিলাম।

উঃ কী বিশাল 'কিউ'! দেশের লোক কিন্তু এখন রেশনিং ব্যবস্থার কল্যাণে বেশ ডিসিপ্লিন শিখিয়াছে—ঝগড়াও কম নয়। গুদামঘরে একটি বিজলী বাতি জ্বলিতেছে, ধোঁয়া ও ধূলায় যেন দম বন্ধ হইয়া আসিতেছে—আর কী ঠ্যালা মারিতেছে পিছনের লোকটা! লাইনটা যেন সিমেণ্ট কংক্রিটের মতই দুর্ভেদ্য।

তাহার মধ্যেই কার্ড জমা দিয়া একঘণ্টা অপেক্ষা করিবার পর জিনিষ পাওয়া গেল।

ধুত্তোর! কি যে হইতেছে দিনের পর দিন। রোজ বলি থলির হাতলটা সেলাই করিয়া রাখিতে, তাহা তো পারিবে না—পারিবে পাশের বাড়ী গিয়া আড্ডা মারিতে। একহাতে চাল আটার থলি হাতল না থাকিলে কী কষ্টে বহিতে হয় তা তো জানে না। ঘাড়ে চাপিয়া অন্নধ্বংসই করিতে পারিবে।

ঐ যাঃ, চিনির ঠোঙাটা ফাটিয়া গেল—চিনির দানা পড়িতে সুরু করিয়াছে। পড়ুক, আমার তাতে কি, দুদিন চা না খাইলেই মজা টের পাইবে।

অবশেষে বাড়ী পৌছানো গেল। দেহ ধূলি ধূসরিত, মন তিক্ত। তবু লুঙ্গিটা আটিয়া পরিয়া কলম আবার তুলিয়া লইলাম।

গল্পের উপক্রমণিকা লিখিলাম আপিস হইতে আনা একপিঠে টাইপ করা কাগজের অপর পিঠে। পাশের বস্তীর ঘরটাতে ধোঁয়া দিয়াছে—সমস্ত ঘরটা ধূমাচ্ছন্ন হইয়াছে, নাকচোখ জ্বলিতেছে—একটু বাহিরে না গেলে চলিবে না। চটিটা পায়ে লাগাইয়া গলির মুখে গিয়া দাঁড়াইলাম।

'ওহে, দাও তো একটা scissors'

পয়সা দিয়া দড়ির আগুনে সেটা ধরাইয়া একটু পরে ফিরিলাম।

একী আমার কাগজগুলি গেল কৈ?

কোথাও নাই। স্ত্রীকে জিজ্ঞাসা করিতে রান্নাঘরে গেলাম। উনানে আগুন দিতেছে সুরমা। খোদলটাতে জ্বলন্ত আগুন, আর তাহার হাতে রহিয়াছে টাইপ করা একটি মাত্র কাগজ। আমার উপক্রমনিকার খণ্ডিত একটি অংশ।

—'ঘরে নেই কেরোসিন। ও ঘরের মেঝে গিয়ে দেখলুম কতকগুলো বাজে কাগজ পড়ে রয়েছে—তাই দিয়ে চুলো ধরাচ্ছি।' 'কেরোসিন আন' বলতে বলতে তো হয়রাণ হয়ে গেলুম।' শুনিলাম সবই, কিছুই বলিলাম না। বাহিরে আসিয়া অর্দ্ধ দগ্ধ সিগারেটটা শুধু ফেলিয়া দিলাম। বড় তিক্ত। ঘরে ঢুকিলাম, পাকানো পাকানো ধোঁয়ার কুণ্ডলীর মধ্য দিয়াও দেখা গেল চণ্ডীচরণ নায়কের কেলেণ্ডারটা—আজ মাসের পঁচিশে তারিখ।

একটা চাকা ঘুরিতেছে, ভীষণবেগে ঘুরিতেছে। শরীরটা কেমন অবশ লাগিল। অড়বিহীন মলিন পাশবালিশটা টানিয়া লইয়া চৌকির উপর কাত হইয়া শুইয়া পড়িলাম।

রবীন্দ্রনাথ ও "ধূলির ধরণী"

শ্রীপ্রতাপচন্দ্র মুখোপাধ্যায়
(৩য় বর্ষ, সাহিত্য)

মাটির মানুষ আমরা—মর্ত্যের অধিবাসী। সুখে দুঃখে, ত্রুটি-বিচ্যুতিতে ভরা শ্যামলা ধরণী মায়ের সন্তান হয়ে জন্মেছি আমরা—তাই মাটি আমাদের সব চেয়ে নিকটাত্মীয়। আর এই ধূলির পৃথিবীর সঙ্গে হয়েছে আমাদের পরিচয়—সখ্যের নিগূঢ় নিগড়ে বেঁধেছি আমরা সকলকে, তাই মাটির সন্তানদের প্রতি প্রেমের মধ্য দিয়ে হয়েছে আমাদের দেশের মায়ের সঙ্গে ভালবাসা। পৃথিবী স্নেহে মমতায় আমাদের মায়ের স্থান দখল করেছে। তাই স্থূল দেহের জন্মদাত্রী মা ছাড়া মাটিকেও আমরা মা বলে ডেকেছি, সেই ডাকের মধ্যে দিয়ে ধরা দিয়েছে সন্তান ও মায়ের মাঝখানের ভালবাসার অচ্ছেদ্য সম্পর্ক। তাই 'যেন এই বৃহৎ ধরণীর প্রতি একটা নাড়ীর টান' মানুষ সব সময়েই অনুভব করে। তাই সন্তানের দাবী নিয়ে আমরা যুগ যুগ ধরে উপভোগ করে আসছি শ্যামলা মায়ের শীতল মাতৃ-অংক। এই মাটিতে আমরা বাসা বেঁধেছি, স্ত্রী-পুরুষের মধ্যকার মধুর দাম্পত্য জীবন উপভোগ করেছি, ভবিষ্যৎ বংশধরদের জন্ম দিয়েছি—আবার মাটির সঙ্গে ধূলো হয়ে মিশে গেছি মরণের শীতল আলিংগনে, তাই মাটি আমাদের এত প্রিয়, এর অণু-পরমাণুর মধ্যে মিশিয়ে আছে আমাদের অতীত পূর্ব্ব-পুরুষদের সুখ-দুঃখ-ভরা কত দিনের বিস্মৃতপ্রায় কত অধ্যায়, কত স্মৃতি; বর্ত্তমানের সৌন্দর্য্যময়ী প্রকৃতির কত মযুর উপাদান, আর অনাগতদের আনন্দের উৎসধারা—আশার সঞ্চারিণী স্রোতস্বিনী। রবীন্দ্রনাথ এই ধূলার ধরণীতে স্বর্গ গড়বার কামনা করেছেন, ব্যষ্টি-সমষ্টি মানবনির্ব্বিশেষে সকল মানুষের সমবেত জয়গান করেছেন তাঁর কম্বুকণ্ঠে অমৃত মাখানো ছন্দে। কবির মর্ত্য মমতা রূপ পরিগ্রহ করেছে তাঁর কাব্যের মধ্যে, যেখানে কবিগুরু দু'হাত উজাড় করে সৃষ্টির আনন্দে মত্ত। এই সৃষ্টির মধ্য দিয়ে তিনি পৃথিবীকে, এই মাটির অনেক অবজ্ঞাত মানুষকে মহিমা ও গৌরবের জয়টীকা ললাটে এঁকে দিয়ে স্থান করে দিয়েছেন মানুষের ঈপ্সিত বিশ্বের দরবারে। মর্ত্যের প্রতি এই যে স্বাভাবিক টান, এই যে স্বতঃস্ফূর্ত্ত ভালবাসা তা উচ্ছ্বসিত হয়ে উঠেছে তাঁর কাব্যের মধ্যে। রবীন্দ্রনাথ তাঁর সৃষ্ট কাব্যের মধ্যে অন্তহীন অসীমের পথে যাত্রা থেকে তাই বার বার ফিরে এসেছেন এই "ধরণীর মহাতীর্থে।"

সত্তর বৎসরের জয়ন্তী উৎসবে প্রদত্ত অভিনন্দনের উত্তরে কবিগুরু এক স্থানে বলেছেন, "আমি ভালবেসেছি এই জগৎকে, প্রণাম করেছি মহৎকে, আমি কামনা

করেছি মুক্তিকে, আমি বিশ্বাস করেছি মানুষের সত্য মহামানবের মধ্যে···।" কাব্যের মধ্যে এই মানব ও মর্ত্য-প্রীতিকে রূপায়িত করবার জন্যে রবীন্দ্রনাথকে কোন দেশের বা সাহিত্যের দ্বারে হাত পাত্‌তে হয় নি। ভারতের ঐতিহ্য এবং আদর্শই রবীন্দ্রনাথের মধ্যে অত্যন্ত স্পষ্টভাবে পরিস্ফুট হয়ে উঠেছে, সম্পূর্ণতা প্রাপ্ত হয়ে সর্ব্বাঙ্গীণ হয়ে উঠেছে। রবীন্দ্রনাথ শুধু যে এই ভাবাদর্শে উদ্বুদ্ধ হয়ে মাটির মায়ের বাহ্যরূপ ও লীলা কীর্ত্তন মাত্র করেছেন তা নয়,—মাটির মাঝে তিনি স্বর্গীয় পবিত্রতা, তার নির্ম্মল সৌন্দর্য্য ও মাধুর্য্যবেষ্টিত আত্মীয়রূপকে খুঁজে পেয়েছিলেন—তার প্রতি মমতায় তাঁর হৃদয় উদ্বেল হয়ে উঠেছিল। এইটাই তাঁর মর্ত্য মমতার একটা বৈশিষ্ট্য। প্রকৃতিকে কবি নানা-ভাবে উপলব্ধি করেছেন, কারণ, "মাকে মা বলিয়া সন্তান যেমন সার্থক হয়, প্রকৃতিকে সুন্দর বলিয়া কবি তেম্‌নি আপনার কবিতাকে সার্থক করেছেন।"

গীতাঞ্জলির এক স্থানে কবি গেয়েছেন,

"আমি চেয়ে আছি তোমাদের সবা পানে।
স্থান করে দাও মোরে সকলের মাঝখানে।
নীচে সব চেয়ে নীচে এ ধূলির ধরণীতে
যেথা আসনের মূল্য হয় না দিতে।"

কবি তাঁর অতীন্দ্রিয় অনুভূতিকে কামনার রসে সিক্ত করে আমাদের "ধরার মাটিতে" "সকলের মাঝখানে" তাঁর আসন পাত্‌তে চেয়েছেন। তাই এ মাটিকে লক্ষ্য করে কবি আপন মনে গেয়েছেন,—

"ও আমার দেশের মাটি তোমার পায়ে ঠেকাই মাথা,
তোমাতে বিশ্বমায়ের, তোমাতে বিশ্বময়ীর আঁচল পাতা।"

কারণ কবি বলেন যে,

"বৈরাগ্য সাধনে মুক্তি সে আমার নয়
অসংখ্য বন্ধনমাঝে মহানন্দময়
লভিব মুক্তির স্বাদ।"

এই মায়ের অফুরন্ত সৌন্দর্য্যলীলায় মগ্ন কবির প্রাণ তাই "উল্লাস ভরে" কতবার গেয়ে উঠেছে। তাই 'ছিন্নপত্রে'র এক স্থানে কবি বল্‌তে পেরেছেন, "ওই যে মস্ত বড় পৃথিবীটা চুপ করে পড়ে রয়েছে ওটাকে এমন ভালবাসি! ওর ওই গাছ-পালা, নদী-মাঠ, কোলা-হল, নিস্তব্ধতা, প্রভাত-সন্ধ্যা, সমস্ত শুদ্ধ দু'হাতে আঁকড়ে ধরতে ইচ্ছে করে।" এই পৃথিবীর আলো-হাওয়ার সাথে আমাদের অনেক দিনের পরিচয়; সে পরিচয় যুগ-যুগান্ত ধরে' চলে আস্‌ছে মানুষের পূর্ব্বপুরুষদের সঙ্গে সঙ্গে—এই পরিচয় আরম্ভ হয়েছে জন্মের সঙ্গে, আর পরিচয়ের শেষ অংকে যবনিকা টানবার ভার আছে 'মরণ-বন্ধু'র হাতে।

কবি মাটি-মায়ের মুখ-নিঃসৃত কথার মধ্য থেকে রূপকের সাহায্যে একটা সত্য আবিষ্কার করেছেন যেখানে পৃথিবী দুঃখ করে বলছে,—"আমি দেবতার মেয়ে, কিন্তু দেবতার ক্ষমতা আমার নেই; আমি ভালবাসি, কিন্তু রক্ষা করতে পারিনে; আরম্ভ করি, সম্পূর্ণ করতে পারিনে; জন্ম দিই, মৃত্যুর হাত থেকে বাঁচাতে পারিনে।" বিশ্ব-মায়ের সঙ্গে পরিচয়ের মধ্যে তাই কোথাও গলদ নেই—সবটাই মায়া মমতায় ভরা, মায়ের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িয়ে পড়েছি আমরা। জগতের নৈসর্গিক সৌন্দর্য্য তাই মানুষের জীবনে আনে ছন্দ আর মাধুর্য্য। প্রকৃতি ও মানুষের মধ্যে আত্মীয়তার গূঢ় একটা প্রবাহ অন্তঃসলিলা ফল্গুধারার মত যে অশ্রান্তভাবে ঝিরি ঝিরি রবে প্রবাহিত হচ্ছে তা মহাকবির সূক্ষ্ম অনুভূতিময় হৃদয়-বীণার পরতে পরতে ঝংকার তুলেছে—আত্মমগ্ন কবির মুখ দিয়ে তাই বেরিয়ে গেছে,

"মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে
মানবের মাঝে অমি বাঁচিবারে চাই।"

সুন্দর ভুবন ও মানব—বিশ্বপ্রকৃতি ও বিশ্বমানব—এই দুই-ই কবির কাছে সমান প্রিয়।

কবি এই পৃথিবীরূপ পান্থশালায় যেন ক্ষণেকের অতিথি—বিশ্রাম লাভের আশায় উপস্থিত হয়েছেন সেখানে, বাইরের বিস্ময়-বিমুগ্ধ জগৎ তার অপরূপ লীলা-বৈচিত্র্য অনন্ত ডালায় সাজিয়ে অনাদি কাল থেকে প্রতিদিন ঠিক তেম্‌নি ভাবেই মানুষের চোখের সামনে দেখা দেয়—তার পারিপার্শ্বিকের অবস্থান সম্বন্ধে সে যখন অতিরিক্ত মাত্রায় আত্মসচেতন হয়ে ওঠে, আত্মভোলা কবি তখন নিজেকে হারিয়ে ফেলেন—মিশিয়ে ফেলেন নিজেকে প্রকৃতির সৌন্দর্য্যানুভূতিময় সত্তার সঙ্গে। সেই সময়কার স্মৃতি কবির জীবনে অক্ষয় হয়ে আছে। তাই কবি 'ছিন্নপত্রে'র একস্থানে বিশেষ করে সেই সমস্ত দিনগুলোর কথা স্মরণ করে লিখেছেন,—"প্রায়ই এক এক সময়ে ভাবি এই যে, আমার জীবনে প্রত্যহ একটি একটি করে দিন আস্‌ছে, কোনটি পূর্ণিমার জ্যোছনা'র সাদা ফুলের মত প্রফুল্ল। এগুলি আমার কম সৌভাগ্য, একথা ভাবলে পৃথিবীর দিকে আবার ভালো করে তাকিয়ে দেখতে ইচ্ছে করে।" তাই কবি এই বহুরূপী মাটির মাকে "আপন মনের মাধুরী মিশায়ে" মনের মত করে গড়ে তুলেছেন—তাকে নবরূপে উজ্জীবিত করে তোলবার সাধনা করে গেছেন জীবনভোর, এই পৃথিবীকে তিনি স্পন্দনে, নিঃশ্বাসে, উচ্ছ্বাসে, ভাবে ও আভাসে চিরজীবন উপভোগ করে গেছেন। তাই তিনি বলেছেন, "এই পৃথিবীর উপর আমার যে একটা আন্তরিক বাৎসল্যের ভাব আছে, ইচ্ছে করে সেইটে ভাল করে প্রকাশ করি।" এই পৃথিবীর হৃদ-পিণ্ডের সঙ্গে তাঁর যোগ ছিল, তাই এই বাস্তবের মাটি, এই পৃথিবী অতিমাত্রায় ইন্দ্রিয়গ্রাহ্য

হয়ে উঠেছে তাঁর কাছে। এমন কি তিনি 'বিশ্বদেব'কে স্বদেশের মধ্যে রূপ পরিগ্রহ করতে দেখেছেন—

"হে বিশ্বদেব মোর কাছে তুমি
দেখা দিলে আজ কি বেশে
দেখিনু তোমারে পূর্ব্ব গগনে
দেখিনু তোমারে স্বদেশে।
হৃদয় খুলিয়া চাহিনু বাহিরে
হেরিনু আজিকে নিমেষে
মিলে গেছো ওগো বিশ্ব-দেবতা
মোর সনাতন স্বদেশে।"

তিনি এই "দরিদ্রা" স্বদেশকে প্রাণ দিয়ে ভালবেসেছেন। তাই 'ছিন্নপত্রে'র এক স্থানে প্রশ্ন করেছেন—"মনে হয় পৃথিবীর কাছ থেকে আমরা যে সমস্ত ধন পেয়েছি, এমন কি কোন স্বর্গ থেকে পেতুম?" তাই স্বর্গকে তিনি কামনা করেন নি—তিনি মাটির মাকে সুখে দুঃখে, এবং আনন্দ ও ব্যথামিশ্রিত বৈচিত্র্যময় জগৎকে নিবিড় ভাবে হৃদয়ের মধ্যে টেনে নিয়েছেন। তাই দেখি "স্বর্গ হইতে বিদায়" কবিতাটিতে মাতৃভূমির প্রতি তাঁর মমতায় ব্যাকুল কণ্ঠস্বর—

"থাকো স্বর্গ হাস্য মুখে, করো সুধাপান
দেবগণ। স্বর্গ তোমাদেরি সুখস্থান—
মোরা পরবাসী। মর্ত্যভূমি স্বর্গ নহে,
সে যে মাতৃভূমি……"

পৃথিবী যে স্বর্গ নহে, এজন্য কবির কোন দুঃখ বা ক্ষোভ নেই, কারণ তিনি বেশ জানেন—

"যত ক্ষুদ্র, যত ক্ষীণ যত অভাজন
যত পাপী তাপী, মেলি ব্যগ্র আলিঙ্গন
সবারে কোমল বক্ষে বাঁধিবারে চায়—
ধূলিমাখা তনুস্পর্শে হৃদয় জুড়ায়
জননীর। স্বর্গে তব বহুক অমৃত,
মর্ত্যে থাক্ সুখে দুঃখে অনন্ত মিশ্রিত
প্রেমধারা—অশ্রুজলে চির শ্যাম করি
ভূতলের স্বর্গ খণ্ডগুলি।"

তাই তিনি "ভূতলের স্বর্গ খণ্ডগুলি"র মায়া কাটিয়ে মুক্তি চান না।

পৃথিবীর সবাকার সুখ-দুঃখের তিনি সমান অংশীদার। তাই না কবি বলতে পেরেছেন,

"জন্মেছি যে মর্ত্য কোলে ঘৃণা করি' তারে
ছুটিব না স্বর্গে আর মুক্তি খুঁজিবারে।"

এর কারণ কবি অবশ্য দেখিয়েছেন "আরোগ্য" গ্রন্থের শেষ কবিতাটিতে—

"এ দ্যুলোক মধুময়, মধুময় পৃথিবীর ধূলি,
অন্তরে নিয়েছি আমি তুলি
এই মন্ত্রখানি
চরিতার্থ জীবনের বাণী।"

'ছিন্নপত্রে'র এক স্থানে কবি ব্যক্ত করেছেন তাঁর ধরণীর ধূলি-মাটির সঙ্গে নিবিড় পরিচয়ের কথা,—"এই পৃথিবীটা আমার অনেক দিনকার, এবং অনেক জন্মকার ভালবাসার লোকের মত আমার কাছে চিরকাল নূতন; আমাদের দু'জনকার মধ্যে একটা খুব গভীর ও সুদূরব্যাপী চেনা শোনা আছে—আমরা দু'জনে একলা মুখোমুখি করে বস্‌লেই আমাদের সেই বহুকালের পরিচয় যেন অল্পে অল্পে মনে পড়ে।" তাই তিনি মাটির মায়ের অন্তর-রহস্য উদ্‌ঘাটনে নিজেকে হারিয়ে ফেলেছেন, জগৎ-সৃষ্টির রহস্যের মাঝে নিজেকে মিলিয়ে দিয়েছেন কতবার,

যাত্রা করি মানবের মাঝে
প্রাণে লয়ে প্রাণের আলোক
আয় মাগো, যাত্রা করি জগতের কাজে
তুচ্ছ করি নিজ দুঃখ শোক।
তোমার সৌন্দর্য্যে হোক মানব সুন্দর
প্রেমে তব বিশ্ব হোক আলো
তোমারে হেরিয়া যেন মুগ্‌ধ অন্তর
মানুষে মানুষ বাসে ভালো।"

তাই মাটির মাকে উচ্ছ্বসিত হয়ে প্রশংসা করেছেন,—

"ধন্য রে অনন্তকাল, ধন্য আমার ধরণী,
ধন্য এ মাটি, ধন্য সুদূর তারকা হিরণ বরণী।"

সেই জন্যেই কবি ভাল বেসেছেন এই ধরণীকে,—

"আমি যে ভাল বেসেছি এই জগতেরে
পাকে পাকে ফেরে ফেরে
আমার জীবন দিয়ে জড়ায়েছি এরে।
* * * * *
এক হয়ে গেছে আজ আমার জীবন, আর
আমার ভুবন।

ভালো বাসিয়াছি এই জগতের আলো
জীবনেরে তাই বাসি ভালো।"

কবি 'বলাকা'র একস্থানে জিজ্ঞাসা করেছেন "স্বর্গ কোথা জানিস্ কি তা' ভাই?" এর উত্তরও কবি অন্য একটি কবিতায় দিয়েছেন যেখানে কবি ভগবানকে বলছেন যে,—

"তুমি ত গড়েছ শুধু এ মাটির ধরণী তোমার।
* * * * *
দিয়েছ আমার পরে ভার
তোমার স্বর্গটি রচিবার।

তাই তো কবি দেখেছেন "স্বর্গ আমার জন্ম নিল মাটি মায়ের কোলে।" স্বর্গ দেবতাদের আবাসস্থান—সেখানে হয়তো অবিচ্ছেদ্য সুখ, অবিচ্ছিন্ন আনন্দধারা আছে—কিন্তু সুখের মাধুর্য্য কি সেখানে পাওয়া যায়? যে সুখের বৈচিত্র্য নেই, যে সুখের নেই কোন বিশেষত্ব, সে সুখকে পরিপূর্ণভাবে উপভোগ করিতে পারা যায় না। কিন্তু মানব মন চায় পরিবর্ত্তন, বৈচিত্র্য, বৈষম্য এবং তারতম্য—তাই একটানা কোন জিনিষকেই সে চিরকাল আঁকড়াইয়া থাকিতে পারে না এবং চায়ও না। তাই পৃথিবীতে সুখের সহিত দুঃখ, ব্যথার সহিত আনন্দ আছে বলিয়াই সুখের এত মাধুর্য্য। যেমন অন্ধকার না থাকলে আলোর নেই কোন সার্থকতা, নেই কোন অর্থ, তেমনি বিচ্ছেদ ব্যথা আছে বলিয়াই পার্থিব স্নেহ-প্রীতি-ভালবাসা এত মধুর ও লোভনীয়। তাই ত কবিগুরু বলেছেন—"বিচ্ছেদেরই ছন্দ লয়ে, মিলন ওঠে পূর্ণ হয়ে।" কিন্তু স্বর্গে দুঃখে সমবেদনা নেই, কেহ কাহারও "স্বর্গ হইতে বিদায়" লওয়ায় বিচ্ছেদ ব্যথা অনুভব করে না। তাই না কবি বলেছেন—"স্বর্গ আর কি দিত জানিনে, কিন্তু এমন কোমলতা, দুর্ব্বলতাময়, এমন সকরুণ আশঙ্কা-ভরা অপরিণত এই মানুষগুলির মত এমন আপনার ধন কোথা থেকে এনে দিত।... এই জন্যে স্বর্গের উপরে আড়ি করে আমি দরিদ্র মায়ের ঘর বেশী ভালবাসি।" এই কল্পিত স্বর্গ কবির কাছে যখন "ফাঁকির ফাঁকা ফানুস" ছাড়া আর কিছুই ছিল না, তখন এই ধরণীর বুকে জন্মাবার সৌভাগ্যে তিনি খুব গর্ব্বিত ছিলেন—

"কত যে যুগান্তরের পুণ্যে
জন্মেছি আজ মাটির পরে ধূলা মাটির মানুষ।"

কবি প্রাণ দিয়ে ভালবেসেছেন এই ধরণীর প্রতিটি ধূলিকণাকে, তাই এই মাটির দেশের মানুষেরা যখনই মরণের আশঙ্কায় আকুল হয়েছে, যখনই মরণ যজ্ঞে ক্ষেপে উঠে হোতার আসন গ্রহণ করেছে, তখনই বিশ্ব কবিকে মর্ম্মাহত করেছে। এই যন্ত্র-সভ্যতার চক্রাবর্ত্তে পড়ে মানুষেরা যেন মাটি আর প্রকৃতিকে ভুলতে বসেছে। মাটির

ওপরে সহজাত ও স্বতঃস্ফূর্ত্ত ভালবাসা জন্মিলে ও থাকলে "সভ্যতানাগিনী" ভয়াবহ যুদ্ধের রূপ ধরে কুটিল চক্র তুলতে পারবে না। তাই পৃথিবীতে যুদ্ধের বিরুদ্ধে তিনি ভাষায় ও বক্তৃতায় তীব্র প্রতিবাদ জানিয়েছেন এবং নিঃশঙ্কচিত্তে নিন্দা করেছেন।

আশী বৎসরের উপর পৃথিবীর সঙ্গে তাঁর হৃদয়ের বিনিময় হয়েছিল। হঠাৎ শ্রাবণের এক মেঘমেদুর মধ্যাহ্নে রাখী পূর্ণিমার দিন হৃদয়ের সব বন্ধন, নাড়ীর সব টান ছিন্ন করে, সমস্ত "দেনা-পাওনা" চুকিয়ে কবি যাত্রা করিলেন অজানা অনন্তের পথে সেই চিররহস্য-কুহেলীঘেরা দেশের উদ্দেশ্যে "বাচো যতো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ।" এই দেশ আর এই পথের সঙ্গে মাটির দেশের সন্তানদের নেই কোন পরিচয়। তাই তাঁর বিয়োগ-ব্যথায় মূক হয়ে গেল প্রকৃতি ও পৃথিবীর রসনা,—

"কি গভীর দুঃখে মগ্ন সমস্ত আকাশ
সমস্ত পৃথিবী। চলিতেছি যতদূর
শুনিতেছি একমাত্র মর্ম্মান্তিক সুর
'যেতে আমি দিব না তোমায়'।"

কিন্তু এত ভালবাসা, হৃদয়ের এতদিনের বিনিময় সবই ব্যর্থ হোল—

"তবুও সময় হোল শেষ, তবু হায়
যেতে দিতে হল।"

কারণ মাকে তিনি সান্ত্বনা দিয়েছেন এই বলে—

"জীবনেরে কে রাখিতে পারে?
আকাশের প্রতি তারা ডাকিছে তাহারে।
তার নিমন্ত্রণ লোকে লোকে
নব নব পূর্ব্বাচলে, আলোকে আলোকে।[১]

আসন্ন চিরবিচ্ছেদের শেষ সময়ে কবি কামনা করে গেছেন—

"আবার যদি ইচ্ছে কর
আবার আসি ফিরে
দুঃখ সুখের ঢেউ খেলানো
এই সাগরের তীরে।
আবার জলে ভাসাই ভেলা
মাটির পরে করি খেলা
* * *
নূতন প্রেমে ভাল বাসি
আবার ধরণীরে।"

তাই যাবার সময়ে মাটির-মাকে শেষ প্রণতি জানিয়ে গেছেন,—

"আজ আমার প্রণতি গ্রহণ করো পৃথ্বী
শেষ নমস্কারে, অবনত দিবাবসানের বেদী মূলে।"

শেষ বিদায়ের পূর্বক্ষণে মহাকবি ধরণীর ধূলির পবিত্র তীর্থরেণু জয়তিলকরূপে ললাটে ধারণ করে ধরিত্রীর পায়ের তলায় শেষ প্রণাম রেখে গেছেন—

"এই তীর্থ দেবতার ধরণীর মন্দির প্রাঙ্গণে
যে পূজার পুষ্পাঞ্জলি সাজাইনু সযত্ন চয়নে
সায়াহ্নের শেষ আয়োজন, যে পূর্ণ প্রণাম খানি
মোর সারা জীবনের অন্তরের অনির্ব্বাণ বাণী
জ্বালায়ে রাখিয়া গেনু আরতির সন্ধ্যা দীপ মুখে
সে আমার নিবেদন।
* * *
তোমাদের সবারে প্রণাম।"

এক ঝলক আলো

শ্রীমনোজ কুমার পাল
(চতুর্থ বর্ষ বিজ্ঞান)

চায়ের পেয়ালায় লিকার ঢালতে ঢালতে জানালাপথে বাইরের রাস্তায় তাকাল কার্ত্তিক। বিকেলের ছায়া নেমেছে। প্লেট আদান প্রদানের ছোট গবাক্ষপথে চোখে পড়ল ওদিকের ঘরটায় জ্ব'লে উঠেছে উজ্জ্বল টিউবআলো দু'টো। নির্দ্দিষ্টকোণে চেয়ারে ব'সে সকলের প্রতি দৃষ্টিক্ষেপ ক'রছেন তার মনিব। সামনে টেবিলের উপরে সিন্দুর-চন্দনলেপা হাতবাক্স। একটা সিগারেটের খালি টীনে খুচরো আনিদুয়ানী। একটা লিলি বার্লির কৌটো ভর্তি মসলা। ঘোড়ার খুরের মত প্রকাণ্ড একটা চুম্বক। এদিকের কোণে সেই আধবুড়ো ভদ্রলোকটি রোজকার মত চায়ের কাপে চুমুক দিতে দিতে খবরের কাগজ প'ড়ছেন, কাগজের নামটা কার্ত্তিক রোজ পড়ে—'সত্যযুগ'। মাঝখানে বেঞ্চিটার দু'দিকে চেয়ার টেনে ব'সে আড্ডা দিচ্ছে একদল ছোকরাবাবু। একপাশে শান্তিনিকেতনী ব্যাগ ঘাড়ে একজন কাট্‌লেট্‌ খাচ্ছেন সাগ্রহে, আর মাঝে মাঝে গোঁফ কামড়াচ্ছেন। কার্ত্তিকের হাসি পায়।

—'দু'কাপ চা, দু'টো ভেজিটেবুল।' ওদিক থেকে চেঁচিয়ে তাগিদ দেয় গণশা।

এ ঘরটায় অন্ধকার কাটে না যেন। রেসটুরেণ্টের কীচেন। দু'টো উনুনের ধোঁয়ায় ছাদটা কালি হ'য়ে গেছে। চল্লিশ পাওয়ারের বাতিটা জ্বলে মিট্ মিট্ ক'রে। একটা উনুনের চায়ের জল চাপান। সুবৃহৎ কেটলিতে লিকার তৈরী আছে। এদিকের উনুনটায় মাংস রান্না হ'চ্ছে। এককোণে বেঞ্চির উপরে বারকোষে কিছু তৈরী চপ-কাট্‌লেট্। একটা ছোকরা রান্নাঘরের মাঝখানেই কাঁটাছুরি ধুয়ে যায় অনবরত। ধোয়ার প্রণালীটা অত্যন্ত সহজ। একবালতি জলে চুবিয়ে তোলা শুধু। যতক্ষণ না জলের রংটা হলদে হ'য়ে আসে, জল বদলাবারও প্রয়োজন নেই। প্রথম প্রথম এ ব্যবস্থায় মন খুঁত্‌খুঁত্ ক'রত কার্ত্তিকের। সে নিজের ঘরে যে বাসনপত্র ব্যবহার করে তাও ত' এর চেয়ে পরিষ্কার। এখন কিন্তু মনে হয়, এই যথেষ্ট করা হচ্ছে।

মোটর বাইক একখানা থামল বাইরে। সেই মোটাবাবু এলেন। রোজকার খ'দ্দের। সঙ্গে মোটাসোটা বেঁটেগড়নের গোলগাল মুখ মেয়েটি। বাঁ হাতে ছোট্ট ঘড়ি—আছে কি নেই ঠাহর হয় না। ডান হাতে ভ্যানিটি ব্যাগ। মাথায় সিঁদুর নেই। গায়ের রংটা কাল। বেশ লাগে কার্ত্তিকের।

—'কিরে, মদনা, তোর পর্দার ব্যবস্থা আর হ'বে কবে, বুড়ো ভাদ্দরে? কি বলিস, হ্যাঃ?' শরীরের বহরমাফিক গলা। কার্ত্তিকের বাবুর নাম মদন—মোটাবাবুর ইয়ারদোস্ত লোক। তুই তোকারী চলে। আশেপাশে দু'একটা রেষ্টুরেণ্ট পর্দাফেলা খোপ দেখেছে কার্ত্তিক। বেশ লাগে। অথচ মোটাবাবুর কথাটা তার মনিব কানেই তোলেন না।

—'বল না দুটো কাট্‌লেট, দু'কাপ চা। কাঁচা টাকা কামাচ্ছিস খুব। চিনতেই পারিস নে। কি বলিস, হ্যাঃ?' মোটাবাবুর অর্ডার। কার্ত্তিক চা ঢালতে শুরু করে।

ঘরের পিছনদিকের জানালাটা খুলে গা ঘেঁষা যে বাড়ীটা চোখে পড়ে ও বাড়ীতে থাকেন কার্ত্তিকদের এক বাঁধা খদ্দের। সৌখীন বাবু। অতবড় বাড়ীটায় থাকেন একা। পিছনের জানালা দিয়ে কার্ত্তিকদের রান্নাঘরের সঙ্গে ইলেক্‌ট্রিক বেলের কানেকশান ক'রে নিয়েছেন ভদ্রলোক। ঘরে ব'সেই সুইচ্ টিপে মর্জ্জিমাফিক অর্ডার দেন তিনি। রোজ সন্ধ্যেবেলায় মাংস আর কাট্‌লেট্ তাঁর বাঁধা। এ ছাড়া তাঁর খাতিরে আরও একটা জিনিষের ব্যবস্থা ক'রতে হ'য়েছে কার্ত্তিকের মনিবকে। ব্যাপারটা কার্ত্তিক ছাড়া আর কেউ জানে না।

আরও একটা জানালা আছে এ ঘরে। সেটা রাস্তার দিকে। ও জানালাটা প্রায় বন্ধই থাকে। খুললে মনিব অসন্তুষ্ট হন। তবুও কার্ত্তিক এই বিকেলের দিকে খোলে জানালাটা একটু আধটু।

রাস্তার ওপারে উকিলবাবুদের বিরাট লালরঙের বাড়ীটার ছাদের আলসের নীচে নিভৃত আশ্রয়ে আজও ব'সে আছে একজোড়া পেঁচা রোজকার মত। উকিলবাবুর ডানপিটে চতুর্দ্দশী মেয়েটা ঘুড়ি ওড়াচ্ছে ছাদে। মেয়েটিকে বড় ভয় করে কার্ত্তিক। মাঝে মাঝে বিকেলে ছাদে মেয়েটাকে বন্দুক হাতে বেড়াতে দেখেছে সে। গণশা হাসে, বলে ওটা বন্দুক নয় এয়ার গান। বড়জোর পাখ্‌পাখালি মারা চলে। তা হ'লেও আগ্নেয়াস্ত্র ত'। মেয়েছেলের হাতে। ও মেয়ে ত খুন খারাপিও ক'রতে পারে। কার্ত্তিক দিব্যচোখে দেখে মেয়েটার বিয়ে হ'য়েছে। রূপকথার বইয়ে সর্পকন্যার গল্প পড়া আছে তার, নিশুতি রাতে বাসর ঘরে ওর নাকের মধ্য থেকে বেরিয়ে এল একজোড়া ঝক্‌ঝকে—সাপ নয় ত'—একজোড়া তলোয়ার। মেয়েটা নিজের হাতে বসিয়ে দিল স্বামীর গলায়। রক্ত ঝরছে ফিন্‌কি দিয়ে। ওর মুখে খলখল হাসি,—পিশাচী!

'চ্যাঁ চ্যাঁ চ্যাঁ।' একটা কর্কশ চীৎকার তুলে উড়ে গেল পেঁচা দু'টো, মেয়েটা ঘুড়ি গোঁৎ দিয়ে ফেলেছে ওদের গায়ের উপরে। হাসছে ও আল্‌সে ধ'রে ঝুকে প'ড়ে। এই একটা অদ্ভুত খেলা আছে মেয়েটার। পেঁচা দু'টোকে উত্ত্যক্ত করে ও কি আনন্দ পায় কে জানে?···

—'একটা কোব্‌রেজী দু'পিস্ রুটী।' চেঁচায় গণশা।

—'বেচা, চট্‌পট্ নে দিকিনি। একটু জোগাড় দে, কোব্‌রেজীটা ভাজতে হ'বে।' বেচারাম প্লেট ধোয়ার ঠুন্‌ঠুন্ আওয়াজের তালে তালে একটা সিনেমার সুর ভাঁজছিল, কার্ত্তিকের কথায় হাত চালাতে শুরু ক'রল। গানের সুরটা দ্রুতগতি হ'ল।

কড়াইয়ে গরম দালদা ঘিয়ের উপরে কার্ত্তিকের মুখের ছায়া প'ড়ছে। ছায়াটা কেঁপে কেঁপে ভেঙ্গে ভেঙ্গে কেমন যেন ব'দলে যাচ্ছে। কাণে কাণপাশা। কড়ায়ের তলায় তরলপদার্থটুকু শুকিয়ে গেল যেন। কার্ত্তিক রুটী ভাজছে। খোলার ঘরের স্যাঁতসেঁতে মেঝেতে ছোট্ট কাঠের পিঁড়িতে ব'সে একহাতে বেলা আর ভাজা। অসুবিধে হয়। অনেকক্ষণ দেখে দেখে বলে লক্ষ্মী,—'দেখি, সরো দিকিনি। ময়দাটা ভাল ক'রে মাখ-তেও পার নি? আমি বেলে দিই। তুমি ভেজে তোল।'

অযাচিত আত্মীয়তায় মনটা ভ'রে যায় কার্ত্তিকের। সারাদিন দু'টো উনুনের সান্নিধ্যে থেকে এই রাত্তির ন'টায় ঘরে ফিরে দু'চোখের পাতা বন্ধ হ'য়ে আসে যেন, নেহাৎ নিজের পেটের ব্যবস্থা, তাই। ন'ইলে সে এসেই শুয়ে প'ড়ত। মেয়েটাকে বেশ লাগে তার। পাশের ঘরটায় থাকে ওরা।

—'আচ্ছা, নক্কি, তোদের দেশ কোথায় ছিল রে?' কর্মরত লক্ষ্মীকে প্রশ্ন করে কার্ত্তিক।

—'সে অনেকদূর গো—পাঁচ গাঁ। ডায়মন্‌হারবার লাইনে বাশুলডাঙ্গা ইষ্টিশান। সেথায় নেমেও এককোশ হাঁটাপথ।'

—'তোরা ক'বছর আছিস হেথায় ?'

—'তা' হ'বে ধর গিয়ে তিন বছর। তুমি ত' এলে এই সেদিন।' লক্ষ্মীর বাবা ক'লকাতায় কোন্ মিলে চাকরি ক'রত। ওরা থাকত দেশের বাড়ীতে। কত মজার দিন ছিল সব। তারপর ওর দাদা ম'রে গেল দেশের বাড়ীতেই 'মায়ের দয়া' হ'য়ে। ক'লকাতায় বাপের হ'ল অসুখ। গাঁয়ের বাড়ী বেচে দিয়ে ওরা চ'লে এল। ওর মা দুঃখধান্দা ক'রে পরের বাড়ী খেটে খায়। এ সব ত' আর শ্বশুরবাড়ীর গেরামে চলে না। এ সব কথা কার্ত্তিকের অনেকবার শোনা।

—'খাওয়া হ'য়েছে তোদের, নক্কি ?' খামকা শুধায় কার্ত্তিক।

—'কখন, সেই সনঝেবেলা। তোমার লেগে ব'সে আছি কিনা ?'

—'এ বেলা কি হ'ল তোদের, ভাত না রুটী ?'

—'ভাত, মুসুরির ডাল, চুণোমাছ ভাজা, মোচার ঘণ্ট, তেঁতুলের টক।' গম্ভীরমুখে বলে লক্ষ্মী।

—'ইস্, পেটের জন্যেই মরিস তোরা। খাওয়ার বেলা ত' সাত তরকারী। আর বাবার চিকিচ্ছে করাচ্ছিস নে ?' তিরস্কারের সুর কার্ত্তিকের গলায়।

খিলখিল ক'রে হেসে ওঠে লক্ষ্মী,—সাত তরকারী না ছাই। পান্তাভাত, তেলনুন, আর লঙ্কা-পেঁয়াজ। জান, কার্ত্তিক দা,' ও সব খেতে খুব সখ যায় কিনা তাই নাম ক'রলাম।'

—'রুটী খাবি, নক্কি, একখানা ?'

—'থাক্, অত দরদ। আপনি পায় না শুতে, আবার শঙ্করাকে ডাকে। সেই বিত্তান্ত।'

ও ঘর থেকে কাসির আওয়াজ আসে। বুকের পাঁজরগুলো যেন ভেঙ্গে ভেঙ্গে যাচ্ছে। লক্ষ্মীর মুখটা ভয়ার্ত্ত হ'য়ে ওঠে,—বাবা বোধ হয় আর বাঁচবে না, কার্ত্তিক দা।'...

'ক্রিং ক্রিং ক্রিং। ইলেক্‌ট্রিক বেলের শব্দে কার্ত্তিকের তন্ময়তা ভাঙ্গে। পাশের বাড়ীর বাবুর অর্ডার এলো। এ ডাকের মানে সে বোঝে,—'দোপেঁয়াজী, কাট্‌লেট্, দু'-পেগ্...' কার্ত্তিকের বুকটা ধড়াস্ ক'রে ওঠে কেউ শুনতে পায়নি ত' ?

পাশের বাড়ীর বাবুর অর্ডার পৌঁছে দিয়ে এসে কার্ত্তিক ভাবছিল। কাল রাত্রে দেখা বাবুটার মুখের সঙ্গে এ মুখের যেন অদ্ভুত মিল আছে। কাল রাত্রে যথারীতি ঘরে ফিরে সে হকচকিয়ে গিয়েছিল। দরজা ভেতর থেকে বন্ধ ক'রল কে ?' ওদিকে লক্ষ্মীদের ঘরের দরজায় দাঁড়িয়ে র'য়েছেন এক ভদ্দরলোক। ওদের ঘরের কালিকুলি মাখা হ্যারিকেনের টিম্‌টিমে আলোয় সে মুখটা দেখল আবছা। কার্ত্তিকের গলার সাড়া পেয়ে দোর খুল্ল লক্ষ্মী।

—'নক্কি, তুই এ ঘরে? তোদের ঘরের দাওয়ায় ভদ্দরলোকটি কেরে?' সন্দেহ আর উদ্বেগ মেশান গলায় জিজ্ঞেস করে কার্ত্তিক।

—'জানি নে যাও। ভারী আমার ভদ্দরলোক। দরদ দেখাতে এয়েছেন। বিনে চিকিচ্ছেয় ম'রে যাক না আমার বাবা। তা' ওর কি?' কান্নায় ভেঙ্গে পড়ে লক্ষ্মী। কার্ত্তিক বুঝল না কিছুই। দাঁড়িয়ে রইল অবাক হ'য়ে।

—'আমি হ'য়েছি আমার বাপমায়ের শত্তুর, আর আমার এই শরীল্ হ'য়েছে আমার নিজের শত্তুর্।'

কার্ত্তিক চ'মকে ওঠে হঠাৎ। অপাঙ্গে তাকাল লক্ষ্মীর দিকে। এতদিনের দেখাশুনোর মধ্যে ঠিক এমনি ক'রে ত' তাকে কোনদিন দেখেনি সে। আজ সে দেখল তার সামনে দাঁড়িয়ে লক্ষ্মী। তার অত্যন্ত চেনা। যৌবনের সংকেত তার দেহের শিরায় উপশিরায়। গাল বেয়ে গড়িয়ে প'ড়ছে অশ্রু—বিন্দু বিন্দু মুক্তোর মতো। উচ্ছ্বসিত কান্নার আবেগে স্পন্দিত তা'র বুক।

আরও রাত হ'ল। লক্ষ্মীকে এগিয়ে দিয়ে এল সে ওদের ঘরে। ঘরে ফিরে অন্ধকার শয্যায় শুয়ে রইল কার্ত্তিক। তার সুস্থ মামুলি চিন্তাধারায় একটা বিপ্লব বাধিয়ে দিয়ে গেল লক্ষ্মী। তাদের ছোট গৃহস্থালী। সে আর লক্ষ্মী। রেস্টুরেণ্টের চাকরি ছেড়ে দেবে সে। নিজের সামান্য পুঁজি নিয়ে ছোট একটা দোকান খুলবে চা জলপানের। ঘরে লক্ষ্মীর নিজের হাতে রান্না। দু'বেলা তৃপ্তিতে খাওয়া। ভাত, মুসুরির ডাল, চুণোমাছ ভাজা—লক্ষ্মী যা' যা' ব'লেছিল। ঝগড়াঝাঁটি নেই, অফুরন্ত শান্তি।

বস্তীর উত্তরদিকে হিন্দুস্থানী বাসিন্দাদের ঢোলকসহযোগে 'রামাহো' চীৎকার আজ কার্ত্তিকের ভাল লাগল। কাছাকাছি যে মোষের বাথানটা আছে, সেখান থেকে ওঠা গোবরপচা একটা ভ্যাপসা গন্ধে বস্তীর হাওয়াটা ভারী হ'য়ে থাকে সব সময়েই। সে গন্ধ আজ তার নাকে গেল না। তার ভাবীদিনের কল্পনারঙীন ছবি তন্দ্রালু চোখের পাতায় হলদে স্বপ্নের মত জড়িয়ে গেল।

'চ্যাঁ চ্যাঁ, চ্যাঁ'। পেঁচার কর্কশ চীৎকারে কার্ত্তিকের চিন্তা টুটে গেল। লাল-বাড়ীটার অন্ধকার ছাদের আলসেয় ঝুঁকে প'ড়ে কে যেন টর্চ্চের আলো ফেলেছে। একি! পেঁচাটা ম'রে গেছে! চমকে উঠল কার্ত্তিক। মাথার উপরে ঘুরে ঘুরে আর্ত-চীৎকার ক'রছে ওর সঙ্গীটি। টর্চ্চটা একটু নড়ে উঠে নিবে গেল। আর তারই এক টুক্‌রো আলোয় কার্ত্তিক দেখল—উকিলবাবুর মেয়ে, হাতে সেই বন্দুক। হঠাৎ এক ঝলক আলো ফেলে কে যেন তার মনের অন্ধকারকে ছিন্ন ক'রে দিল। সেই আলোতে সে স্পষ্ট চিনল আগের রাত্রির আবছা আলোয় দেখা আগন্তুকের অচেনা মুখ।.....

—'দু'কাপ চা, দু'টো কেক্।' হাঁক দেয় গণশা। কার্ত্তিক যন্ত্রচালিতের মত কেট্‌লীটা হাতে তুলে নেয়।

যে জন আছে মাঝখানে

অধ্যাপক দেবীপদ ভট্টাচার্য

আমরা বাঙালী মধ্যবিত্ত, বিত্ত-ব্যাপারে মধ্য বলেই আমাদের এই নামকরণ। সেদিক্ থেকে আমরা একটা আলাদা জাত, কাঞ্চনকৌলীন্য না থাকায় আমরা কুলীন নই। বনেদী নই, কেন না আমাদের বংশ বেশী দিনের নয়, তবে ইতিমধ্যে রক্তবীজের বংশের মত আমরা বেড়েই চলেছি, দেড়শো বছরে অন্য কিছুর এত বাড় হয়েছে বলে জানিনে। লোকে বলে: অতি বাড় বেড়োনা ঝড়ে ভেঙে যাবে,—অর্থনৈতিক ঝঞ্ঝা যে মায় আমাদের ভিত আজ টলিয়ে দিচ্ছে তাতে আর সন্দেহ কি ?

আঠারো শতকের গোড়া থেকেই ভাগীরথী বাঁধা পড়েছেন বিদেশী বেনিয়ার রূপোর শিকলে। তাই পলাশীর পরাজয় ছল মাত্র। ইংরেজ জিতল ছলে-বলে-কৌশলে। তারপর সুরু রদবদল ঘটার পালার। পুরোনো দল গিয়ে ভুঁইফোঁড় নতুন দলের মাথা তোলা। নতুন জমিদার-জোতদার, নতুন রাজার তৈরী নতুন বন্দোবস্ত, নতুন খাজনা, কাশিমবাজারী, শোভাবাজারী গদি তার নমুনা। এমনি কোরেই ঘটল নয়া বাংলার গোড়াপত্তন।

এদিকে শহর দেখা দিল, গ্রাম গিয়ে নগর এল। তাঁতির তাঁত গিয়ে ভাত উঠল। সাদা বর্গীর শোষণ, বুলবুলিতে ধান খেয়েছে বললে শোনে না। দেশী সাধুর সপ্তডিঙা মধুকর আর ভাসে না—এবার গর্জে ওঠে বিদেশী সদাগরের পোত। আমরা সেদিনের অনাবাদী জমিতে রাতারাতি গজিয়ে উঠলাম—কেউ হলাম বেনিয়ান, কেউ হৌসদার, কেউ বা মুৎসুদ্দি। এই আমাদের আদিপর্বের সূচনা। তখন আমরা আচকান-পাগড়ি পরি, সাহেব-পদে গড়াগড়ি খাই, কবি, আখড়াই খেউড়কে বাহবা দিই, বণিক্ প্রভুর মনোরঞ্জনে বাইনাচের ফরমাশ করি। এ সবকথা কালীপ্রসন্ন সিংহ বেশ রসিয়ে লিখেছেন 'হুতোম পেচার নকশা'য়, তখন আমাদের নাম ছিল 'বাবু'। 'সমাচার দর্পণে' যে 'বাবু উপাখ্যান' বেরিয়েছিল সে হুবহু আমাদের মুখচ্ছবি। তারপর 'নব-বাবু-বিলাস', 'আলালের ঘরের দুলাল'-এ আমাদের সেদিনের চেহারাটা খুব স্পষ্ট ফুটে উঠেছে। 'হুতোম' আর শিবনাথ শাস্ত্রী মিলে আমাদেয় মুখ দেখাবার জায়গা আর রাখেননি। তাতেও ক্ষোভ ছিল না, কিন্তু মিসেস বেলেন্‌স রেখে গেছেন তুলির আঁকা ছবি।

অথ সভ্যপর্ব। এই পর্বে আমাদের নাম ইয়ং বেংগল, মুখ্যনিবাস কলকাতা। আমরা ডিরোজিওর অন্ধ চেলা, বিশপস্ কলেজে পড়ি, 'ড্রিংক্' করি, নিষিদ্ধ মাংস ভক্ষণ শেষে গোঁড়া বামুন পণ্ডিতের বাড়ি হাড় কখানা ছুঁড়ে দিয়ে মজা দেখি, ইংরেজিতে কথা

বলি, 'জ্ঞান-তরঙ্গিণী সভার সভ্য হই। কিন্তু আমরাই সতীদাহ বন্ধ করি, বাল্য-বিবাহ-চেষ্টা রুখে দাঁড়াই, বিধবার বিয়ে দিই, পাশ্চাত্ত্যের জ্ঞানবিজ্ঞানের চর্চা চালাই। আমরা গৌরীশংকরের চূড়ো মাপি, দেশের স্বাধীনতার স্বপ্ন দেখি, বাংলাসাহিত্যের মরা গাঙে বান ডাকাই। আমরাই বাংলার রেনেসাঁ।

এরপর বন-বিরাট্-উদ্যোগপর্ব। কল-কারখানা-মিল-ফ্যাক্টরি-আপিস-আদালত, শহর-শহরতলী, জলের কল, পিচের-রাস্তা, বায়স্কোপ। আমরাও ক্রমশঃ বেড়েছি তাল রেখে রেখে। তারপর প্রথম কুরুক্ষেত্রে যুদ্ধ দেখলাম প্রায় চেয়ে চেয়েই। আমরা অনেকটা নির্বিকারই ছিলাম সেদিন। কিন্তু জীবন যুদ্ধ এমন আকার ধারণ করল যে অস্তিত্ব বজায় রাখাই দুরূহ হল। আমাদের শিক্ষা-দীক্ষায় ধিক্কার দিলাম, সরকারী-সদাগরী আফিসে ঘুরে ঘুরে জুতো ছিঁড়লাম, পটলডাঙার মেসে শুয়ে 'কালি কলমে' বিদ্রোহের 'কল্লোল' ধ্বনিত করলাম। সদাগরী আপিসের কনিষ্ঠ কেরাণী হরিপদ আমাদেরই সেদিনের সগোত্র। মধ্যবিত্তেরা তার আগে থেকেই অবশ্য দুতরফে ভাগ হয়ে গিয়েছিল—উচ্চ আর নিম্ন। নিম্নই সংখ্যাগুরু। হরিপদ কেরাণী এই সংখ্যাগুরু দলের সদস্য। 'ধলেশ্বরী নদীতীরে' পিসির দেওরের মেয়ের কথা আমরাও সেদিন ভেবেছি, কিন্তু সঙ্গে সঙ্গে স্বস্তির নিঃশ্বাস ফেলেছি এই ভেবে, 'মেয়েটা তো রক্ষা পেলে আমি তথৈবচ'। আমরা সেদিনের হতাশ অক্ষৌহিণী। এলিয়ট আমাদেয় প্রাণের কথা বলেছিলেন সুন্দর ক'রে ঃ

We are the hollow men,
We are the stuffed men,
Leaving together
Head piece filled with straw, Alas!

আজ আমাদের ছেলেরা নোট মুখস্থ করে, পরীক্ষার হল-এ বইএর পাতা ছেঁড়ে, ধরা পড়লে গার্ডের মাথা ফাটায়, দৈবক্রমে রক্ষা পেলে স্বচাতুর্যের আত্মপ্রসাদে দিক্‌মণ্ডল মুখরিত করে। ডিগ্রী পেলে ধরাকে সরা জ্ঞান করে, ধূম-উদ্‌গীরণ করতে করতে সিনেমার লাইনে দাঁড়ায়। ফেল হলে আফিং খেয়ে পাড়া জমায়, নতুবা বাক্‌স ভেঙে বিবাগী হয়। আমরা পিতামাতারা অঝোর অশ্রুবর্ষণ করতে করতে সংবাদপত্রের নিরুদ্দেশ স্তম্ভে আবেদন ছাপাই ঃ 'বাবা ফিরে এস'।

আমাদের ছেলেরা চাকরি পেলে সিংহের পঞ্চপদ দর্শন করে, বেকার বন্ধুদের ব্যবসা করবার উপদেশ দেয়, মায়ের কাছে সাহেবের পিঠ চাপড়ানির গল্প সতর্জনে শোনায়, না পেলে, পিতৃদেবকে দোষারোপ করে ঃ "Bad luck! বাবা আমার জন্যে অমুক এম. এল. এ. কে একটু ধরলে না!"

আবার আমাদের ছেলেরাই দেশ-বিদেশের জ্ঞান লুঠে আনে, সংসারের আয়ের

জন্য উদয়াস্ত শ্রম-বিনিময় করে টি.বি.-তে মরে। আমাদের ছেলেরাই ফাঁসি যায়। কালাপানি পার হয়, গুলি খায়, স্বাধীনতার ভিত রচনা করে।

আমাদেয় মেয়েরা কিন্তু অদ্ভুত রকমের সমাজচেতন। তারা জানে রূপা না হলে রূপ খোলে না, স্বর্ণমানই দুনিয়ার প্রকৃত-মান। তাই তারা নামে সুহাসিনী হলেও প্রকৃতপক্ষে অশ্রুমতীরূপেই বিরাজ করে। তারা জোরে কথা বলে না, জোরে পা ফেলে না, কেন না কারও পরে তাদের জোর নেই। বিয়ে তাদের কাছে সুখের চেয়েও বেশী সোয়াস্তির। তাই কখনও কখনও বিষ খায়, গলায় দড়ি দেয়, কেরোসিন কাপড়ে ঢেলে মা-বাপকে দুশ্চিন্তা থেকে রেহাই দেবার পথ খোঁজে।

কিন্তু তবুও চিন্তা থেকে যায়। কারণ আমাদের মেয়েরাই হাস্যকরভাবে বড়লোকের মেয়ের অনুকরণ করবার ব্যর্থ প্রয়াস পায়, নকল মুক্তোকে সাচ্চা বলে চালাবার চেষ্টা করে, ফ্যাসানের মোহে ব্যসনের মাত্রা ছাড়ায়। তারা ফিল্মের নায়িকার সহোদরা বেশে-বাসে-সজ্জায়, বিকৃত রোমান্তিক স্বপ্ন তাদের মজ্জায়, আধুনিকতার উগ্র বিজ্ঞাপন নির্লজ্জায়।

আবার আমাদের মেয়েরাই লাটকে গুলি করে, গুলিও খায়, দলে দলে জেলে যায়। ধোঁয়াভরা অন্ধকার ঘরে তিলে তিলে শুকিয়ে মরে বিনা প্রতিবাদে। দেহের শেষ আভরণ পরার্থে খুলে দেয় অম্লানবদনে। সর্বংসহা ধরিত্রীর মত রোগ-শোক-দুঃখ-লাঞ্ছনার জগতে স্বামী-পুত্রের জীবনকে সুস্থ রাখতে হাসিমুখে আত্মবিসর্জন করে। আমাদের মেয়েরাই আজ আপিস-হাসপাতাল-স্কুলে কাজ করে পিতা-ভ্রাতা, স্বামী-পুত্রের জান-মান বাঁচায়।

দুনিয়ার হালচাল দেখে মনে মনে বুঝেছি আজ আমাদের মহাপ্রস্থান-পর্ব শুরু হয়েছে। আগমন প্রস্থান সৃষ্টি-নাটকের মূল নীতি। সুতরাং তার জন্যে ক্ষোভ করা বোকামি। কিন্তু প্রস্থানটার রূপ কি হবে সেইটেই চিন্তার বিষয় হয়ে পড়েছে। কেননা আজ আমরা ত্রিশঙ্কু। না স্বর্গে, না মর্তে, না এদলে, না ওদলে। অথচ দু'দিকেই পা বাড়াবার চেষ্টা আছে। 'গান্ধারীর আবেদনে' ধৃতরাষ্ট্র বলেছে: 'এক কালে ধর্মাধর্ম দুই তরীপরে, পা দিয়ে বাঁচে না কেহ'—কিন্তু আমরা ঐ রীতিতেই বেঁচে থাকতে চাই। তাই গান্ধী ও গোড়সে উভয়ের ছবিই ঘরে টাঙাই।

আমরা ধনিকের বিরোধী, ধনতন্ত্রের নই। ধনী হবার বাসনার ব্যর্থতায় 'উদয়ের পথে' লিখে গায়ের ঝাল মেটাই, ধনী কন্যাকে শ্রমিকদরদী সাজিয়ে প্রগতিশীল হই। আমরা বড় হতে চাই, কিন্তু সবাই বড় হয় এটা চাইনে। কেননা তাহলে আমার মোটর ভ্রমণের দর্শক থাকবে না। গাড়ী-বাড়ী, ঘোরানো সিঁড়ি, ছোটো লন-এর স্বপ্ন লটারীর টিকিটকে কেন্দ্র করে বহু শান্ত রাতকে বিনিদ্র করে। ঘোড়দৌড় উত্তপ্ত মস্তিষ্কে বহুবার ঘুরপাক খায়।

আমরা কখনও কখনও সমাজতন্ত্রের কথা বলি। রক্তাক্ত বিপ্লবের জয়গান গাই,

মুষ্টিবদ্ধ দক্ষিণ হস্ত ঊর্ধ্বে তুলে সর্বহারার একনায়কত্ব রচনা করি। কিন্তু বচনে বামপন্থী হলেও করণে বামাপন্থী হওয়াটাই আমাদের স্বধর্ম। আমরা ধর্মঘট ডাকি, শ্রমিক ক্ষেপাই, কমরেড বলে মজদুরকে বুকে ধরি, আড়ালে মালিকের ঘুষ খাই, দালাল সাজি, ধর্মঘট ভাঙি।

আমরা ঘরে-বাইরে বিপরীত। ঘরে মনিব, বাইরে চাকর। ঘরে চা পেতে দু-মিনিট দেরি হলে শ্বশুরকুলের আদ্যশ্রাদ্ধ সারি; আপিসে সাহেব লাথি মারলে কোটের ধুলো ঝেড়ে দন্ত বিকশিত করে হাত কচলাই। বাইরে নারীপ্রগতির বক্তৃতা করি, মেয়ে দৈবাৎ ছাদে উঠলে মারধোর করতে কসুর করিনে। বাইরের রেস্তোরায় বাবুর্চির হাতের নিষিদ্ধ মাংস পরম পরিতোষ সহকারে ভোজন করি, ঘরে গঙ্গাজল ছিটিয়ে শনি-সত্য-নারায়ণের পাঁচালী পড়ি। আমাদের যা আছে তাকে ঢাকি, যা নেই তারই ঢাক পেটাই।

আমরা সর্বজ্ঞ হয়েও দৈবজ্ঞে বিশ্বাস করি সবচেয়ে বেশি। পার্কের পাশে প্যান্ট-কোট পরে নিরক্ষর জ্যোতিষীর সামনে হাত মেলে ধরি, যদি ধন-দৌলত কিছু মেলে। আমরা বৈজ্ঞানিক তথ্যে বিশ্বাসী বলে গর্ব করি, কিন্তু মঘা-অশ্লেষা ত্র্যহস্পর্শে বাড়ির বার হইনে, দিক্‌শূল মানি, অনুকূল-প্রতিকূল স্বামীর ঝোলা বহে বেড়াই, কবচে-তাবিজে হাত ভরাই, কালীঘাট-তারকেশ্বরে ধরণা দিই, গ্রহশান্তির জন্য স্বস্ত্যয়ন করাই।

আমরা এই ধরনের বিচিত্র জীব। আমরা মধ্যবিত্ত থেকে আজ নির্বিত্ত স্তরে উপনীত। ইতিহাসের এক সন্ধিক্ষণে আমাদের জন্ম হয়েছিল, তখন আমাদের দেহে রক্ত, মনে বল, প্রাণে সাহস ছিল। কিন্তু দীর্ঘকালের রক্তক্ষয়ে আজ দেহে বিপরীত ক্রিয়া সুরু হয়েছে। আজ আত্মপ্রতারণাকে আমরা তারণমন্ত্র ধরে নিয়েছি, ভুলেছি যে ঐ আমাদের মারণ-অস্ত্র। তাই অপভাষণ আমাদের উপভাষা, দম্ভ আমাদের আভিজাত্য।

গত দ্বিতীয় কুরুক্ষেত্র আমাদের সমাজে এক ময়ূরপুচ্ছধারী দাঁড়কাক-গোষ্ঠীর জন্ম দিয়েছে। এদের মিল আমাদের আদিপর্বের 'বাবু'র দলের সঙ্গে। চোরাবাজার এদের রাজত্ব, কিন্তু হাল-বাংলায় সংস্কৃতি এদেরই দাসত্ব করছে। এদের রুজি আছে, রুচি নেই, তবু এরাই আজ জনগণমন-অধিনায়ক।

ঠাট বজায় রাখাই আমাদের আদি ও শেষ সমস্যা। যে পথে চলেছি সেখানে এর সমাধান হয় না, হবেও না। আজ আমরা বড় ক্লান্ত, বড় রুগ্ন। কিন্তু এ ভাবেই কি পচে গলে শেষ হব? কি হবে গলিত, পঙ্গু, মৃত্যুহীন-শবের জীবন যাপন করে? আজ—"আমাদের জীবনে নেই জ্বলন্ত মৃত্যু, আছে শুধু স্তিমিত হয়ে নিভে যাওয়া"। তাই মহাপ্রস্থান-পর্বের শেষপাদে দাঁড়িয়ে বলতে ইচ্ছা হয়—এভাবে নয়, বরং—"মহান্ মৃত্যুর সাথে মুখোমুখি করে দাও মোরে বজ্রের আলোতে"।

ট্র্যাজেডী

শ্রীসঙ্কর্ষণ রায়

(ষষ্ঠ বর্ষ—বিজ্ঞান)

ট্র্যাজেডীর সংজ্ঞা Aristotle দিয়েছিলেন :—"Tragedy is a representation of an action, which is serious.....it is acted, not merely recited ; and by exciting pity and fear it gives a healthy outlet to such emotions." ট্র্যাজেডীর মধ্যে দুঃখজনক পরিসমাপ্তি থাকবে এ কথা সংজ্ঞাটির মধ্যে নেই। "Rrepresentation of an action which is serious"— অর্থাৎ ট্র্যাজেডী মানবজীবনের গুরুত্বপূর্ণ সমস্যাগুলির নাটকীয় রসরূপ—সংজ্ঞার এই অংশটুকু নিয়ে পরবর্ত্তীকালে পণ্ডিতমহলে যথেষ্ট বাগবিতণ্ডা হ'য়েছে। ট্র্যাজেডী মানবজীবনের ঘটনাবলীর হুবহু অনুকরণ —এ কথাই কি Aristotle বলেছেন? বহু সমালোচনা ক'রে তাঁরা শেষ পর্য্যন্ত বুঝতে পেরেছেন যে Aristotle ট্র্যাজেডীর মধ্যে মানবজীবনের অন্তর্নিহিত অনুভূতি ও আবেগগুলিকে ফুটিয়ে তোলার কথাই বলতে চেয়েছেন, জীবনের বাইরের রূপটির অনুকরণের কথা বলেন নি।

Aristotle-এর সংজ্ঞা আধুনিক সমালোচকেরা মোটামুটি মেনে নিয়েছেন। কারণ নাটকের পরিসমাপ্তি কি রকম হ'বে সে' সম্বন্ধে Aristotle কিছু না ব'ললেও জীবনের গুরুতর সমস্যাগুলি নাটকের মধ্য দিয়ে ফুটিয়ে তোলাই যে ট্র্যাজেডীর কাজ এ' বিষয়ে তাঁদের মতদ্বৈধ নেই। কিন্তু ট্র্যাজেডীর উদ্দেশ্য সম্বন্ধে Aristotle যা ব'লেছেন —"by exciting pity and fear it gives a healthy outlet to such emotions"— তা' মেনে নেওয়া সহজ হয় নি। কারণ, অহরহ মানুষের মন দুঃখে বা বেদনায় উত্তেজিত বা আবেগসংক্ষুব্ধ হ'য়ে থাকে না এবং যারা ট্র্যাজেডী পাঠ করে বা ট্র্যাজেডীর অভিনয় দেখে তাদের মধ্যে অধিকাংশেরই উদ্দেশ্য হয় সময় কাটানো নতুবা আনন্দ উপভোগ। মন দুঃখ ও বেদনায় ভারাক্রান্ত হওয়ার দরুণ সেই ভার লাঘবের জন্য থিয়েটারে গিয়ে ট্র্যাজেডীর অভিনয় দেখার ইচ্ছা কদাচিৎ দেখা যায়। তা ছাড়া অধিকাংশ মানুষের জীবনই একঘেয়ে জীবিকান্বেষণ—সেখানে আর্থিক কষ্ট, প্রিয়জনের মৃত্যু, মেয়ের শ্বশুরবাড়ী যাওয়া, ছেলের প্রবাস যাত্রা ইত্যাদি ছোটখাটো দুঃখ ছাড়া বড়ো রকম দুঃখ বা হৃদয়াবেগের কারণ কমই দেখা দেয়। আমরা থিয়েটারে—বায়োস্কোপে যাই যে যে উত্তেজনা বা আনন্দ আমাদের জীবনে নেই তারই অন্বেষণে।

জীবনের সমস্যা ট্র্যাজেডীর বিষয়বস্তু—যেহেতু সমস্যার মধ্যে দুঃখ ছাড়া আনন্দ নেই, ট্র্যাজেডীকে ক্রমশঃ জীবনের দুঃখেরই নাট্যরূপ হিসাবে ধ'রে নেওয়া হ'ল। মধ্যযুগীয় সমালোচকেরা বললেন মানুষ দুঃখবিলাসী—ট্র্যাজেডীর মধ্য দিয়ে দুঃখভোগের চরম আনন্দ পাওয়া যায়। Hume বললেন যে একঘেয়ে নীরস জীবন যাপনের চেয়ে দুঃখভোগও শ্রেয়। Fontelle বললেন যে চরম আনন্দ এবং চরম বেদনার মধ্যে তফাৎটা মাত্রাগত—উভয়ই আমাদের কাছে সমান উপভোগ্য। তিনি বললেন, ট্র্যাজেডী যত বেশী ভয়াবহ হবে, তত বেশী আনন্দ দেবে, কারণ দর্শকরা তার অবাস্তবতা এবং কাল্পনিকতা সম্বন্ধে সম্পূর্ণ সচেতন। Hume ট্র্যাজেডীর নায়কের প্রসঙ্গে এই কথা ব'লেছেন যে নায়ক যদি দর্শকদের মনে সমবেদনার সঞ্চার করে আনন্দের অর্ধেক যাবে মাটি হ'য়ে—কারণ দর্শক তাকে দুঃখের মধ্যে হাবুডুবু খেতে দেখ্‌তে ভালোবাসে—সে পাকা নায়কের মতো দর্শকদের দয়া বা সমবেদনার বহু উর্দ্ধে দুঃখের অনলে জাজ্বল্যমান হ'য়ে বিরাজ করবে, দর্শকেরা স্তম্ভিত হ'য়ে তার দিকে চেয়ে থাক্‌বে রুদ্ধশ্বাসে, তবেই ট্র্যাজেডীর উদ্দেশ্য হ'বে সার্থক।

উক্ত দার্শনিকদের উক্তি থেকে মনে হয় যে নিছক দুঃখ উপভোগের সখ মেটানোই বুঝি ট্র্যাজেডীর উদ্দেশ্য। তাঁদের উক্তির যথার্থতা বুঝতে পারি ঊনবিংশ শতাব্দী পর্য্যন্ত যত ট্র্যাজেডী রচিত হ'য়েছে—তাদের সঙ্গে পরিচিত হ'য়ে। তারা যে সব দুঃখ এবং সমস্যার সৃষ্টি ক'রেছে তাদের মধ্যে মানুষকে কোন বাস্তব পটভূমিকা বা কোন সমাজের মধ্যে দেখি না—মানুষের উত্থান-পতনের কারণ খুঁজতে গিয়ে কেবলমাত্র দৈবেরই সাক্ষাৎ মেলে। কেবলমাত্র মানুষের উপভোগের উপজীব্য হিসাবে ট্র্যাজেডী রচনা চলেছিল মধ্যযুগ থেকে সুরু ক'রে ঊনবিংশ শতাব্দী পর্য্যন্ত।

সেক্সপীয়ারের ট্র্যাজেডীগুলি প'ড়ে মনে হয় যে নাট্যকার দর্শকদের মনে প্রচণ্ড আবেগ এবং উত্তেজনা সৃষ্টি করতে চেয়েছিলেন। তিনি এমন সমস্ত চরিত্র সৃষ্টি করে-ছিলেন, যারা সকলেই অসামান্য—তাদের উত্থান ও পতন, অনুরাগ ও বিরাগ, জীবনের প্রতি প্রচণ্ড আকর্ষণ ও প্রচণ্ডতর বিতৃষ্ণা ইত্যাদির মধ্য দিয়ে তাদের টেনে আনলেন অনর্থের মধ্যে—শেষ পর্য্যন্ত মৃত্যুর কবলে। সেক্সপীয়ারের ট্র্যাজেডীর মধ্যে যে সব সংঘাত আছে তা' ব্যক্তির সঙ্গে ব্যক্তির এবং নিয়তির সঙ্গে ব্যক্তির—কুত্রাপি সমাজের সঙ্গে ব্যক্তির নয়। সেক্সপীয়ার যে সব সমস্যার সৃষ্টি ক'রেছেন তাঁর ট্র্যাজেডীগুলিতে সেগুলি ব্যক্তিগত কামনা, উচ্চাভিলাষ বা অনুরাগসঞ্জাত—সেই সব সমস্যার মধ্যে কোন একটি বৃহৎ মানবগোষ্ঠী বা সমাজের ছবি ফুটে ওঠে না।

'বাংলা সাহিত্যে ট্র্যাজেডী' প্রবন্ধে মোহিতলাল মজুমদার উৎকৃষ্ট ট্র্যাজেডীর উদাহরণ স্বরূপ Victor Hugo-র "Toilers of the Sea" উপন্যাসের কথা উল্লেখ

ক'রেছেন। তিনি লিখেছেন, 'Toilers of the Sea' প্রেম বা যৌনপিপাসার একখানি চূড়ান্ত ট্র্যাজেডী। উপন্যাস আকারে এই যে ট্র্যাজেডী ইহাতে কবি প্রেমের পৌরুষ ও প্রেমের আত্মত্যাগ, দুয়েরই পরাকাষ্ঠা দেখিয়েছেন। উপন্যাসটির মধ্যে নাটকের দ্বারা যে চমকপ্রদ অসাধ্য সাধিত হ'য়েছে তা' আমাদের স্তম্ভিত করে সত্য—কিন্তু পৌরুষকে প্রেমের সঙ্গে সংযুক্ত করার জন্য যে অসম্ভবকে সম্ভব করে তোলা হ'য়েছে তা'ও স্বীকার করতে হয়। 'Toilers of the Sea' দৈবের সঙ্গে একটি ব্যক্তি জীবনের সংঘাতের ট্র্যাজেডী—তার প্রেমের জন্য প্রচণ্ড প্রয়াস এবং নিদারুণ আত্মবিসর্জন দৈবের নিষ্ঠুরতার আভাস দেয়। Gilliat-এর চরিত্র Victor Hugo বিশেষ ক'রে ট্র্যাজেডীর জন্য কেবলমাত্র তাঁর কল্পনার সাহায্যে গ'ড়ে তুলেছেন।

মানবজীবনের ও সমাজের সমস্যা নিয়ে ট্র্যাজেডী রচনা শুরু হ'ল উনবিংশ শতাব্দীর মধ্যভাগ থেকে ইব্‌সেন কর্ত্তৃক। ইব্‌সেনের রচনাগুলি থেকে আমরা ট্র্যাজেডীকে নতুন ক'রে বুঝতে শিখলাম। পুরাতন সমাজব্যবস্থার অচলায়তনের মধ্যে নিপীড়িত মানবাত্মার এমন নিদারুণ নাট্যরূপ ইব্‌সেন দিয়েছেন যে স্তম্ভিত হ'তে হয়। ইব্‌সেনের নাটকের ট্র্যাজেডী মোহভঙ্গের ট্র্যাজেডী—সমাজের রচিত ব্যবস্থার মধ্যে নিজেকে প্রাণপণ মানিয়ে নেওয়ার ট্র্যাজেডী—পুরাতন বিশ্বাস ভেঙ্গে যাওয়ার পর নতুন কোন অবলম্বন এবং আশ্রয় না পেয়ে দিশাহারা হ'য়ে যাওয়ার ট্র্যাজেডী। ইব্‌সেনের নাটকগুলি প'ড়ে আমরা যেমন স্তম্ভিত হই, তেমনি গভীরভাবে উপলব্ধি করি যে মানুষে মানুষে সম্পর্কের বন্ধন কত দুর্ব্বল—সমাজের সঙ্গে নিজেকে মানিয়ে নিতে তাকে কত অসংখ্য মিথ্যার আশ্রয় নিতে, কত মোহের সৃষ্টি করতে হয়। ইব্‌সেনের নাটক পড়ে কখনোই মনে হয় না যে দুঃখ বস্তুটি খুবই উপভোগ্য বা দুঃখকে উপভোগ্য ক'রে তুলবার জন্য ইব্‌সেন নাটক লিখছেন। ইব্‌সেনের নাটক পড়ে যে আনন্দ পাই সে আনন্দ অপ্রিয় সত্য-উপলব্ধির আনন্দ। ইব্‌সেনের নাটক মনের মধ্যে একটা সাময়িক আবেগ বা উত্তেজনার সঞ্চার ক'রেই ক্ষান্ত হয় না—দীর্ঘস্থায়ী গভীর চিন্তার খোরাক দেয়—মনকে ক'রে তোলে তার পরিবেশ সম্বন্ধে তীক্ষ্ণভাবে সচেতন।

এখানে দুইটি মাত্র উদাহরণ দেব—"A Dolls' House" এবং "Ghosts." "A Dolls' House" -এর মধ্যে দেখানো হয়েছে যে দাম্পত্য বন্ধন কত ক্ষীণ—কত সহজেই তা' ভেঙ্গে পড়তে পারে। Torvald Nora-র সঙ্গে খেলার পুতুলের মতো ব্যবহার ক'রে এসেছিল আজীবন—তাকে তার নিজের জীবনের সঙ্গে গভীরভাবে যুক্ত ক'রে নিতে পারেনি। Noraও নিজেকে ধন্য মনে ক'রেছে স্বামীর খেলার সাথী হিসাবে, তার মনে কোন অভিযোগের উদয় হয় নি—কারণ স্বামী যে তাকে খেলার পুতুলের অতিরিক্ত মর্য্যাদা দেয় না সে বিষয়ে সে সচেতন ছিল না। কিন্তু একদিন তার মোহ

ভাঙ্গল যখন সে জানতে পারল Torvald-এর কাছে তার ব্যক্তিগত মান-মর্য্যাদা, যশ-প্রতিপত্তি এবং সুনামের তুলনায় তার মূল্য সামান্যই—ঐগুলির জন্য সহজেই Torvald তাকে ত্যাগ করতে পারে। এই চরম উপলব্ধি Noraকে বুঝিয়ে দিল যে যে সুখী দাম্পত্য জীবন তারা যাপন ক'রছে—তা' কত বড়ো মিথ্যা। তার মনের মধ্যে নিদারুণ আত্মগ্লানির উদয় হ'ল। সুদীর্ঘ মূল্যবান আটটি বৎসর সে এমনি মোহের মধ্যে ডুবে থেকে নিজের দেহ-মন সম্পূর্ণভাবে উৎসর্গ ক'রেছে যার কাছে সে তাকে বুঝতে চেষ্টা করে নি এবং সে তার কাছেও আগন্তুকের মতোই চির-অপরিচিত রয়ে গেল। তার মনে হ'ল এই আটটি বৎসর Torvald-কে সুখী করবার জন্য সে যা ক'রেছে তা হ'চ্ছে রূপোপজীবিনীরই কাজ।

Nora-র এই চরম উপলব্ধি যে contrast-এর মধ্য দিয়ে নিদারুণ ভাবে ফুটিয়ে তোলা হ'য়েছে তা' বিস্ময়কর।

যে বিবাহ প্রথাটাকে সমাজ পবিত্র মনে করে সময়বিশেষে তার অত্যাচার একটি স্ত্রীলোকের জীবনকে কি ভাবে বিনষ্ট ক'রে দেয় "Ghosts' নাটকের মধ্যে—তা' পরিস্ফুট হ'য়েছে। Mrs. Alving দুশ্চরিত্র স্বামীর সংসর্গ থেকে নিজেকে মুক্ত ক'রে স্বামীর বন্ধু ধর্মযাজক Manders-এর কাছে গিয়েছিলেন তাঁর কাছে আত্মসমর্পণ করতে। তাঁর বিবাহের এক বৎসর পরেই ঘটে এই ঘটনা। কিন্তু Manders তাঁকে বিবাহ প্রথার পবিত্রতা, স্বামীর প্রতি স্ত্রীর কর্ত্তব্য ইত্যাদির দোহাই দিয়ে তাঁকে বাধ্য করলেন স্বামীর কাছে ফিরে যেতে। তার পর থেকে Mrs. Alving-এর প্রেমহীন দাম্পত্য জীবন অতিবাহিত হ'তে লাগল। তাঁর একটি ছেলে হ'ল। সেই ছেলে একটু বড়ো হ'তেই তাকে তিনি তাঁর স্বামীর সংস্পর্শ থেকে দূরে সরিয়ে দিলেন এই আশায় যে ছেলেকে নিয়ে Alving এর সঙ্গে তাঁর দাম্পত্য জীবনের গ্লানিকে ভুলতে পারবেন। Alving এর মৃত্যুর পর পুত্র Oswald যাতে তাঁর সম্পত্তির এক কণাও না পায় সেজন্য তিনি Alving এর সমুদয় সঞ্চিত অর্থ দিয়ে গ'ড়ে তুললেন Aving Orphanage. Oswald কে Alving-এর স্পর্শ থেকে তিনি বাঁচিয়ে রাখলেন ঠিকই, কিন্তু Oswald-এর কাছে তার পিতার সত্য পরিচয় দিতে সাহসী হ'লেন না—তাঁর কাছ থেকে পত্র মারফত Oswald জানল তার পিতার মত চরিত্রবান মহৎ লোক আর হয় না। কাজেই Alving তাঁর যথেচ্ছাচারের ফলে যে রোগে ভুগ্‌তেন সেই রোগ জন্মসূত্রে লাভ ক'রে সে দিশাহারা হ'য়ে পড়ল। সে যথেচ্ছাচারী ছিল না—কি ক'রে এই রোগ তার দেহে প্রবেশ ক'রেছে—ভাব্‌তে ভাব্‌তে তার মনের স্থৈর্য্য গেল বিনষ্ট হ'য়ে। Mrs. Alving পুত্রকে কেন্দ্র ক'রে যে সুখ-স্বপ্নের জাল বুনছিলেন সব গেল ভেঙ্গে। পুত্রের মনের গ্লানি দূর করবার জন্য তার কাছে তার পিতার সত্য

পরিচয় দিলেন। কিন্তু যে রোগে সে আক্রান্ত তার উপশম হওয়ার সম্ভাবনা আর ছিল না। তার নিদারুণ যন্ত্রণা থেকে অব্যাহতি পাওয়ার জন্য Mrs. Alving কে সে অনুরোধ করল রোগ যন্ত্রনা যখন সাধ্যের অতীত হ'বে, যখন তার একেবারে অচল এবং চেতনাহীন হওয়ার সম্ভাবনা তখন তিনি যেন তাকে মর্ফিয়া খাইয়ে হত্যা করেন। Mrs. Alving চমকে উঠে বললেন, আমি তোমার মা—তোমাকে জীবন দিয়েছি—তোমাকে মর্ফিয়া দেব আমি! Oswald বলল, 'I never asked you for life.. And What kind of a life was it that you gave me? I don't want it! You shall take it back! '

এখানেই নাটকের climax. ছেলে মাকে তিরস্কার করছে, 'দুঃখের মধ্যে জন্ম দিয়ে—তারপর আমার সেবা করতে চাও? জন্ম দেওয়ার সময় মনে ছিল না মা হিসেবে তোমার দায়িত্ব? গরু মেরে জুতো দান করতে চাও?' এই প্রশ্ন "Ghosts" নাটকের স্তম্ভিত পাঠক এবং দর্শকদের মনের মধ্যে তপ্ত শলাকার মত এসে বিদ্ধ হয়।

"Ghosts" নাটকের মূল প্রতিপাদ্য বিষয় হ'ল এই যে বহুপূর্ব্বে যারা মরে গেছে—সেই মৃত মানুষদের প্রবর্ত্তিত সমাজ ব্যবস্থা ও সংস্কারগুলি ভূতের মতো আমাদের চেপে ধ'রে র'য়েছে। তাদের চাপে আমরা স্বাধীনভাবে জীবন যাপনের শক্তি হারিয়েছি। অশেষ দুঃখ ভোগ করে'ও তাদের কবল থেকে নিজেদের মুক্ত ক'রে নিতে অক্ষম আমরা।

আধুনিক য়ুরোপীয় সাহিত্যে আর একটি শ্রেষ্ঠ ট্র্যাজেডীর কথা এখানে উল্লেখ কর্‌ব—Johan Bojer-এর "The Great Hunger." উপন্যাসটির মধ্যে আছে বুর্জোয়া অর্থসর্ব্বস্ব সমাজব্যবস্থা কি ভাবে একটি শ্রেষ্ঠ প্রতিভাকে তার উৎকর্ষের চরম শিখর থেকে একেবারে মাটিতে নামিয়ে আন্‌ল তার মর্মবিদারক কাহিনী। সে ছিল এঞ্জিনিয়ার। অসাধারণ অধ্যবসায়ের বলে সমাজের নিম্নতর স্তর থেকে সে সমাজের প্রবল বিরোধের বিরুদ্ধে সংগ্রাম ক'রে ক্রমশঃ উঠ্‌তে উঠ্‌তে কালক্রমে দেশের শ্রেষ্ঠ এঞ্জিনিয়ার হ'তে পেরেছিল। বুর্জোয়া সমাজ সুরু কর্‌ল তাকে exploit করতে—তার কাছ থেকে material gains কতটা হ'চ্ছে তাই বিচার ক'রে তাকে মূল্য দিতে লাগল, তার প্রতিভার বিচার ক'রে নয়। কাজেই সামান্য একটু breach of contract-এর দরুণ বুর্জোয়া সমাজ তার প্রতিভার প্রতি দৃকপাত মাত্র না ক'রে তাকে ঠেলে দিল পতনের মুখে। সেই পতন থেকে আত্মরক্ষার জন্য যে কি নিদারুণ প্রয়াস তার! কিন্তু বুর্জোয়া সমাজ কিছুতেই তাকে দিল না দাঁড়িয়ে থাক্‌তে—তার প্রাণপণ প্রচেষ্টার বিরুদ্ধে তাকে আবার মাটিতে নেমে আস্‌তে হ'ল—বাধ্য হ'তে হ'ল উঞ্ছবৃত্তির দ্বারা জীবিকানির্ব্বাহ করতে।

Johan Bojer এই উত্থান পতনের কাহিনী ফুটিয়ে তুলেছেন অপরূপ নৈপুণ্যের সঙ্গে—জীবনের সমস্ত শক্তিক্ষয় ক'রে বিরুদ্ধ শক্তির সঙ্গে নিদারুণ সংগ্রামে ক্লান্ত নায়কের মনে পরিশেষে এই প্রশ্ন জাগিয়ে তুলেছেন যে যে ভগবানকে জানে না তার জন্যে তো কত মন্দির মানুষ রচনা করল—কিন্তু এই যে মানবাত্মা অনাদিকাল থেকে সুরু ক'রে বিরুদ্ধশক্তির বিরুদ্ধে তার অভিযান চালিয়ে এসেছে তার সম্মানে তো কোন মন্দির নির্মান করা হ'ল না। 'A temple for the modern spirit of man, hungry for eternity—not for babbling of prayers but for a hymn from man's munificent heart sent pealing, up to heaven. Will it come—will it one day be built?

Ibsen প্রবর্ত্তিত সামাজিক সমস্যামূলক নাট্য সাহিত্যের ধারা বার্ণার্ড শ'-এর নাটকগুলির মধ্য দিয়ে একটি নূতন খাত খনন ক'রে প্রবাহিত হ'তে থাকল। কিন্তু বার্ণার্ড শ'-এর লেখনীর সংস্পর্শে এসে তা' যে রূপ পেল সে এক অভিনব বস্তু—তাকে না বলা চলে ট্যাজেডী, না কমেডী। ইব্‌সেনের নাটকগুলির সমালোচনা প্রসঙ্গে "The Quintessence of Ibsenism" পুস্তকে বার্ণার্ড শ' Ibsen-এর নাটকগুলিকে ট্র্যাজেডী হিসেবে বিচার করেন নি। Ibsen-এর নাটকগুলি পুরাতন সমাজের অচলায়তন ভাঙ্গতে কি পরিমাণ আঘাত হেনেছে তা'ই তিনি বিশ্লেষণ ক'রে দেখিয়েছেন।

সমালোচনা প্রসঙ্গে . তাঁর নিম্নলিখিত উক্তিটি প্রণিধান যোগ্য: 'Power of laughter is astonishing. It is not enough to say merely that men enable themselves to endure the unbearablest nuisances and the deadliest scourges by setting up a merry convention that they are amusing. তাঁর উক্ত এই কৌশলটি তিনি প্রয়োগ ক'রছেন তাঁর নাটকগুলির মধ্যে। তাই তাঁর গভীর সমস্যামূলক নাটকগুলি হ'য়েছে শ্লেষাত্মক এবং নাটকের কথোপকথনের মধ্যে গভীরতার তুলনায় যথোপযুক্ত গাম্ভীর্য বজায় থাকে নি।

আধুনিক সাহিত্যিক বা নাট্যকারেরা বার্ণার্ড শ'-এর মতো নাটক ট্র্যাজেডী হ'ল না কমেডী হ'ল নিয়ে মাথা ঘামান না—তার কারণ কমেডী জিনিসটা ক্রমশঃ serious literature-এর সীমানা থেকে বহিস্কৃত হ'তে ব'সেছে। পর পর দুইটি মহাযুদ্ধের মধ্যে মানুষ ভাঙ্গনের যে ভয়াবহ রূপ প্রত্যক্ষ ক'রেছে—তার পর তার পক্ষে প্রচলিত সামাজিক কাঠামোটাকে আর অধিককাল সহ্য করা সম্ভব নয়। তাই সে লিখ্‌ছে ভাঙ্গনের কাহিনী, সংস্কারের মোহমুক্তির কাহিনী—মিলনাত্মক উপন্যাস বা নাটক এখন সে আর লিখ্‌তে পারছে না।

শিকার

হরপ্রসাদ মিত্র

ইন্দ্রিয়ের দ্বারে দ্বারে
শিকারের অজস্র উল্লাস।
ফুলে-ফুলে, গানে-গানে,
কটু-মধু বিচিত্র ভক্ষণে,—
বন্ধনে-নিধনে-যুদ্ধে
আহরণে-অর্জনে নিয়ত
কী বিচিত্র জীবনের
অন্তহীন, উন্মত্ত শিকার!

ঋতুচক্রে কাটে ক্লান্তি
হরে ক্লান্তি আসঙ্গ, কলহ,—
প্রণয়, বিরহ, মোহ,
কাম,ক্রোধ, প্রসিদ্ধ রিপুরা।
তবু রাত্রে জীর্ণ করে
আরো এক আশ্চর্য জঠর—
সমস্ত বর্ণের শান্তি
সর্বশেষ হৃদয়-কোটর।

ব্যাধ মৌনী, মূঢ় পিণ্ড।
ইন্দ্রিয়েরা নিস্তেজ কুকুর।
চন্দ্রহীন অন্ধকারে
অবলুপ্ত চেতনার ঝড়।
থাকে শুধু রবহীন,
বর্ণহীন, ঘ্রাণহীন প্রাণ—
স্পর্শহীন, স্বাদহীন,
মৃত্যুহীন, আত্মময় বাণ।

সেই বাণে বিদ্ধ প্রাণ
খোঁজে মুক্তি,—কোথায় শিকার?
কোথায় শিকার, প্রশ্ন,—
সর্বকণ্ঠে—কোথায় শিকার ?

ধূসর সনেট

বটকৃষ্ণ দে

(চতুর্থ বর্ষ—সাহিত্য)

তারপর পৃথিবীর উপান্তের-ও প্রান্তে এসে আজ দাঁড়ালাম
অশ্রু-আঁকা রিক্ত চোখে। ব্যথায় হলুদ-হওয়া কামনার কণা
একে একে সব ঝ'রে গেছে, হায় ম'রে গেছে। মৃত্যুর প্রণাম
বুকে ছুঁই। মনে পড়ে, তবু মনে পড়ে, কতো বাসন্তী বাসনা
একদিন বসন্তের বর্ণ-গন্ধ-ছন্দ-রাগে বিকশিত ছিলো—
আরো ছিলো চান্দ্র-নীল, নক্ষত্রের নীলিমার সুবিশাল প্রাণ
গানে-গানে পূর্ণতরো। আজ তারে মেঘ-হতে কে যে মুছে দিলো
সেই সব সূর্য-স্বপ্ন, শান্তি,সাধ,রাত্রি, চাঁদ, সৌন্দর্যের দান !

এখানে ধূসর মন, পাণ্ডুলেখ্য লেখে শুধু ধূসর স্মরণ—
জীর্ণ-জিজ্ঞাসায় ভরা। সবুজ স্বপ্নের সুর দূরান্তে বিলীন !
রক্তের দানেও এতো, কাঁচা-কচি ফসলের ফাগুন-গুঞ্জন
জাগে না। নামে না মেঘ ছেয়ে দিতে মরুতীর ছায়া-স্বপ্নহীন !
তবু আমি এই সব ঘোলা-ঘুণাক্ষরে-বাঁধা ধূসর সনেটে
লিখে চলি সূর্য্য-প্রেম, আলোকের স্বপ্ন-তীর্থে পথ চলি হেঁটে!

"ফসিল"

শ্রীসুস্নাত গংগোপাধ্যায়
(তৃতীয় বর্ষ—বিজ্ঞান)

আমি ভালোবাসি ভাই
ধূসর শিলায় ভরা দেশ—
যেখানে আকাশ নেই,
আদিঅন্ত পাহাড়ের সারি,
যেখানে ভাঙে না ঘুম পাখীর কূজনে,
ক্লান্তডানা প্রজাপতি বসে না কোথাও।
আমি ভালোবাসি সেই মুখর মৌনতা,
ভালবাসি প্রস্তরের গান।

তুমি ভয় পাও ?
ভয় পাও দেখে দেখে রূঢ় রুক্ষ শিলার ভ্রূকুটি ?
ক্লান্তি আনে দুই চোখে অনাদ্যন্ত পাহাড়ের সারি ?
চাও তুমি শ্যামল পূর্ণতা ?
ভালোবাসো তুমি ভাই অলৌকিক আকাশের নীল ?
আমি ভালোবাসি এই বিনিঃশেষ অসীমের সুর,
অভ্রভেদী শিখরের ধারালো ঋজুতা,
আপনারে খুঁজে পাই নিরাবেগ নিভৃতির মাঝে।

আমি এক ভূতাত্ত্বিক কবি,
ক্ষ্যাপার মতন আমি খুঁজে খুঁজে ফিরি—
পরশপাথর নয়, নয় কোনো মৌক্তিক প্রস্তর,—
বেসল্টের স্তরে স্তরে—কোয়ার্টজ্—গ্র্যানিটে
খুঁড়ে খুঁড়ে খুঁজি আমি ফসিলের কোনো অবশেষ,

আদিম যুগের কোনো উদ্ভিদের অথবা জন্তুর
শিলীভূত দেহ আমি খুঁজে যাই পর্বতে-প্রান্তরে।
আগ্নেয় শিলার যতো প্রস্তরে প্রস্তরে,
পালল শিলার স্তরে স্তরে
ফসিল বেড়াই খুঁজে—একা একা এই মোর খেলা।
এরাই আমাকে দেয় অন্ধকারে আলোর নিশানা,
অবলুপ্ত সৃষ্টির ইশারা।

একদিন নেবুলার আকর্ষণ বেগে
শূন্যপথে ছুটেছিলো সূর্যের এই ভগ্ন-অবশেষ,
সুনির্দিষ্ট কক্ষপথে শুরু হোল সূর্য-পরিক্রমা।
সেদিন পৃথিবী ছিলো প্রজ্বলন্ত অগ্নিপিণ্ড শুধু,
তারপর ধীরে ধীরে হোল সে শীতল।
তখনো জন্মেনি জীব—
আদিম যুগের সেই আদম আর ইভ্,
কিংবা মনু, কিংবা আর কেউ।

সেদিন পৃথিবী ছিলো শ্যামল উদ্ভিদ্-জালে ভরা,
আর ছিলো ঊর্মিল সাগর।
সেদিন ভেসেছে তারা সেল্‌ক্যার্কের মতো
যা কিছু দেখছি তার সকলের আমিই সম্রাট্।
অবক্ষয়ী কাল-চক্র ধীরে ধীরে হোল আবর্তিত,—
প্রথম যুগের সেই প্রথম উদ্ভিদ্
ধূসর শিলার বুকে রেখে গেলো চিহ্ন তার অক্ষয় অক্ষত।
তারপর এলো জন্তু, এলো কতো প্রাণী,
যাবার বেলায়
তারাও প্রস্তর-পটে আপনার ছবি এঁকে গেলো,
যুগান্তের সৃষ্টির চাপে হোল তারা ভূগর্ভে প্রোথিত—
তারপর হোল যে ফসিল।

তাই খুঁজে বেড়াই ফসিল।
ফসিলের বুকে আছে অলিখিত কতো ইতিহাস,
প্রাগৈতিহাসিকের যে কথা আজিও অজ্ঞাত—
পাই আমি তাহারি সন্ধান।
ফসিল—সে যেন এক প্রাচীন কুঞ্চিকা—
তাই দিয়ে খোলা যায় অতীতের রুদ্ধ দ্বার,
অন্ধকারে জ্বালা যায় আলো।
আমি যে দেখেছি ভাই ফসিলের গায়
অলেখা ভাষায় লেখা থাকে কতো গুপ্ত ইতিহাস
সে লেখা পড়তে পারো?—
আমি পারি, আমি পারি ভাই,
আমি এক ভূতাত্ত্বিক কবি।
ছুসাল মাহাতো কতো, কতো দধীচির হাড়
ফসিলের মাঝে পেলো রূপ।
ফসিলের মাঝে আমি খুঁজে পাই কতো উপাখ্যান,
শতাব্দী-সঞ্চিত কতো ইতিহাস বলে যায় তারা—
আমি তারে করি উন্মোচন।
আমার উৎসুক মন খেলা করে ফসিলে-প্রস্তরে।

তুমি ভালোবাসো ভাই আকাশের নিঃসীম নীলিমা?
ভালোবাসো ঘাসের সবুজ?
আমি ভালোবাসি ভাই ধূসর-পিংগল-গৈরিক
প্রস্তর-অরণ্যে ঘেরা অতীতের ফেলে যাওয়া ছাপ।
তাই আমি খুঁজে ফিরি অরণ্যে-পর্ব্বতে-প্রান্তরে—
পরশপাথর নয়, নয় কোনো মৌক্তিক প্রস্তর—
অতিক্রান্ত অতীতের জন্তুর দন্তুর অবশেষ,
আর শুনি প্রস্তরের গান।

প্রথম ও শেষ

প্রদ্যোতকুমার ভট্টাচার্য্য
(চতুর্থ বর্ষ—বিজ্ঞান)

এসেছে সে
আলোকের বেশে ;
আকাশের দূর প্রান্ত হতে,
সুরস্রোতে
বাহিয়া উজান,
গাহি গান,
সে এসেছে নামি ;
চিনি তারে আমি,—
স্মিত হাস্যে উদ্ভাসিতা,
সে আমার প্রথম কবিতা।

এসেছে সে
আগুনের বেশে ;
ধরণীর বক্ষ ভেদ করি
উঠেছে সে ; মৃত্যু তার আছে হাত ধরি ;
বসুধা
মেটাতে পারে নি তার ক্ষুধা,
সে তাই গ্রাসিতে চায় আপনারে ;
চিনি আমি তারে,—
রূপহীনা, সুরহীনা, আনন্দবঞ্চিতা,
সে আমার শেষের কবিতা ॥

শ্রাবণের সায়াহ্ন যূথিকা

সুশান্তকুমার ঘোষ
(ষষ্ঠ বর্ষ—আর্টস)

সবার অজ্ঞাতে ছিল অবজ্ঞাত অখ্যাত আবাসে
সামান্য ফুলের চারা। কোনদিন কোন সন্ধ্যাকাশে
পড়েনি তাহার ছায়া। কোনদিন বীণার ঝংকারে
জানিনে তো সাড়া তার ফিরে গেছে কি না বারেবারে।

তবু তো জেনেছি আজ, ছোট যারে ভাবি সে তুচ্ছ না।
সারা চিত্ত জুড়ে মোর জাগাইল অমর্ত্ত্য মূর্চ্ছনা।
দণ্ডে দণ্ডে পলে পলে জিনি প্রতি মুহূর্ত্তের ভয়।
আজি তো উদ্‌বারি দিল আপনার সফল সঞ্চয়।
কখন্ সবুজে দেখি শ্বেতাক্ষরে কী যেন কী লিখা—
জানিনে কীসের তাপে ফুটেছিল একটি যূথিকা॥

এতদিন যা আছিল আপন গোপন গন্ধে লীন,
অদৃশ্য অঙ্গুলি তার বাজাইল অমরার বীণ্
অকস্মাৎ। কখন্ সহসা বৃষ্টিভরা সন্ধ্যায় শাঙনে
খ্যাপামির তালে তালে গন্ধটুকু এনেছে প্রাঙ্গণে
অধরার স্পর্শমাখা। বুলাল রসের তুলি তার
সারাটি অন্তরে মোর। রসাবেশে ভুলাল সংসার।

আজ দেখি ডালে ডালে শুধু যূথীমুকুলের পালা,
কার আগমনী রচি সাজায়ে ধরেছে তার ডালা
কৌতূহলী। চেয়ে দেখি—কী শ্যামল এই সমারোহ—
এ মাটির বন্ধ হতে মুক্তি মাগি অনন্ত বিদ্রোহ॥

মনে ভাবি, হে যূথিকা, তাই তব গন্ধের আড়ালে,
নন্দন-অপ্সরী তার নৃত্যচ্ছন্দে মাঙ্গল্য বাড়ালে।
মর্ত্ত্যের আবর্ত্ত মাঝে স্বর্গের অমৃত রস ধারা
মাঙ্গলিক আঁকি দিল, মৃত্তিকায় নব বসুধারা!

সংসারে উচ্ছিষ্ট যতো তবে এই সৃষ্টিছাড়া স্রোতে
ভেসে যাক। ওগো ফুল, করেছো কী সম্মোহ বিস্তার!
তোমারি বন্দনা রচি! হে অনিন্দ্য, দিও না নিস্তার
না পারি ধরিতে যদি গন্ধের আভাসটুকু তব
ছন্দে মোর। হে অম্লান, ও সুরভি; নিত্য নব নব
যাত্রাপথে দিবে মোরে দূরতম পথের পাথেয়!
স্মরণে রহিবে নিত্য শ্রাবণের সায়াহ্ন যূথিকা,
সুন্দরের জয়ধ্বনি তুমি তার নিত্য জয়টীকা॥

উৎসর্গ

শ্রীভুষারকান্তি ঘোষ

(দ্বিতীয় বর্ষ—সাহিত্য)

রাজ্য নিয়ে রয় যে সুখে ধার্য ফসল জুগিয়ে প্রজার থেকে
তাঁদের কথা বল্‌ছিনাকো ধরছিনাকো চোখের 'পরে এঁকে।
সৌখ্য যাঁদের মুখ্য কথা তাঁদের কথা মনেই দিলুম রেখে।

হাওয়ায় ওড়ে চিত্র-আঁকা বিচিত্র মহার্ঘ পোষাক যাঁদের,
অর্থ যাঁদের খোলামকুচি, নিত্য লভেন খাদ্য নানা স্বাদের,—
রিক্ত কবি শক্ত নয় যে ব্যক্ত কর্‌বে হর্ষ-ধারা তাঁদের।

আবাস-হারা শান্তি-হারা—শ্রান্তি এবং ক্লান্তি যাদের সাথী,
ক্ষুব্ধ হৃদে যুদ্ধ ক'রে রক্ষা করে আত্মা দিবস-রাতি—
সেই অভাগ্য লক্ষ্মী-ছাড়ার উদ্দেশে আজ জ্বাল্‌বো আমার বাতি।

যুদ্ধ যারা করছে মিলে, মরছে লাখে, ধরছে কোটি মাটি,
ভগ্ন যাদের হস্তপদ, লগ্ন ভ্রমে রক্ত মাথা ফাটি'—
তাদের কথাই ছন্দে বেঁধে আনন্দেতে সাজাই পরিপাটি।

পদক-ভারে নত যাঁরা, রাজায় যাঁরা তোষামোদে ভুলোয়,—
যুদ্ধশেষে গর্ব-বশে খট্‌খটিয়ে অশ্ব-খুরের ধূলোয়
যুদ্ধ-জয়ের যশ যাঁরা নে'ন,—তাঁদের কথা নেই এ পঙক্তি-গুলোয়।

সত্যি যারা রক্ত দিয়ে—প্রাণটা দিয়ে যুদ্ধ-জয়ের কারণ,
যাদের শক্তি-শৌর্য-বলই দেশ-শাসকের বিঘ্ন-বিপদ-তারণ,—
নাম-হারা সেই দুর্ভাগাদের বীর্যগাথার আমিই কবি চারণ।

দেশ-শাসনের সিংহাসনে আসীন যাঁরা তাঁদের কথা নয়,—
দেশের মাটির খাঁটি লোকের কথাই মোরে বল্‌তে হেথায় হয়—
ভারী বোঝা বইছে যারা, ঘর্মে যাদের চর্ম জলময়!

ওই যে যারা নৌকো 'পরে—দু'হাত দিয়ে চ'লছে বেয়ে তরী,
এগিয়ে চলার গাইছে যে গান,—তাদের আমি ভক্তি-ভরে বরি—
বিপদ-মাঝে যোঝে যারা—সেই সাহসী দেশবাসীরেই স্মরি।

আনন্দ ও হর্ষেরে যে ছন্দে বেঁধে বরবে, ও ভাই, বরুক,
চক্‌মকানি মুদ্রাদেবীর ভক্ত যাঁরা ভক্তি তাঁরে করুক,—
এ-পৃথিবীর ধূলি শুধু—শুধু ঘৃণা ভাগ্যে আমার পড়ুক্।

তাঁদের তরে থাকুক যতো বিশ্ব-জোড়া ধন-সম্পদ, ভাই,—
আমার তরে থাকুক শুধু ধূলি-বালি, থাকুক শুধু ছাই,—
এদেরই গান গাবো আমি,—এর চেয়ে আর অধিক আশা নাই! *

---

*রাজকবি মেস্‌ফিল্‌ড্‌-এর 'A Consecration'-কবিতার মর্ম্মানুবাদ

আমাদের কথা

ষ্টুডেন্টস্ য়ুনিয়ন কাউন্সিল ১৯৪৯—৫১

বাৎসরিক কার্য্যের সংক্ষিপ্ত সংবাদ

সাধারণ বিভাগ ঃ

বর্তমান বৎসরের ছাত্র পরিষদের বিদায় লগ্ন সমাগত। ছাত্র পরিষদের পক্ষ থেকে আমি শ্রদ্ধেয় অধ্যক্ষ ও অধ্যাপক মহাশয়দের কৃতজ্ঞতা জানাচ্ছি তাঁদের মূল্যবান উপদেশ, পরামর্শ এবং সক্রিয় সহযোগিতার জন্য।

ছাত্র বন্ধুদের আমি আমার আন্তরিক শুভেচ্ছা, প্রীতি ও ধন্যবাদ জানাচ্ছি। তাদের সাহায্য এবং সহানুভূতি স্মরণীয়।

প্রচলিত নিয়মানুযায়ী পরিষদ এবার তার কাজ চালু করতে পারেনি এবং এর জন্য সদস্যগণ ও বিভিন্ন কর্ম্ম-সচিবগণের মধ্যে কোন কোন সময় পারস্পরিক অসহযোগিতা অংশতঃ দায়ী। তথাপি এ কথা বলব যে বিভিন্ন বিভাগীয় সম্পাদকেরা তাদের নির্ধারিত কর্ম্মসূচি সুষ্ঠুভাবে পরিবেশন করে প্রশংসা অর্জ্জন করেছেন।

প্রতিষ্ঠা-সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষে সাধারণ বিভাগের পরিবেশনায় এক বিচিত্রানুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। শিল্প প্রদর্শনীর ব্যবস্থা হয় বিজ্ঞান-গ্রন্থাগারে। ইন্দিরা সিনেমা হলে 'Of Human Bondage' নামক চলচ্চিত্রটি দেখান হয়। আরও কয়েকটি সবাক চিত্র পদার্থ বিভাগের বক্তৃতা গৃহে দেখান হয়।

পরবর্তী অনুষ্ঠান হয় দ্বিতীয় ও চতুর্থ বার্ষিক শ্রেণীর ছাত্রদের বিদায়-অভিনন্দন উপলক্ষে। এর পরেই আসে দুঃস্থ বাস্তুহারাদের সেবার জন্য দেশব্যাপী আহ্বান। এই বিরাট আহ্বানে সাড়া দিয়ে প্রেসিডেন্সি কলেজের শত শত ছাত্র আপ্রাণ সেবা করেছে, করেছে আর্থিক ও শারীরিক সর্ব্বপ্রকার সাহায্য। তাই আমাদের কলেজের ছাত্ররা ডাঃ মেঘনাদ সাহা প্রমুখ ব্যক্তিদের কাছ থেকে অকুণ্ঠ প্রশংসা অর্জ্জন করেছে। কর্ত্তৃপক্ষ এই উপলক্ষে তৎকালীন পরীক্ষা গ্রহণ ব্যাপারে যে সহানুভূতি দেখান তার জন্য তাঁদের বিশেষ ধন্যবাদ। কলেজের বাস্তুহারা ছাত্রদের কিছু বৃত্তি সাহায্য করা হয়।

কলেজ য়ুনিয়নের এবং কলেজের অন্যান্য কার্য্যাবলী একমাত্র বাৎসরিক কলেজ পত্রিকা মারফৎ প্রকাশ করা দুরূহ বলে মাঝে মাঝে ইস্তাহার প্রকাশের সঙ্কল্প করা হয়। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই যে আমাদের এই উদ্যম একটির বেশী 'প্রকাশনী' প্রকাশে সফল হয়নি। আশা করি ভবিষ্যৎ কর্ম্মকর্তারা আমাদের এই প্রচেষ্টা সাফল্য-মণ্ডিত করে তুলতে সক্ষম হবেন।

এ যাবৎকাল য়ুনিয়ন কার্য্যালয় না থাকায় যে অসুবিধার সৃষ্টি হ'ত তা এবার দূরীভূত হয়েছে। এর জন্য কর্ত্তৃপক্ষকে ধন্যবাদ জানাচ্ছি।

কলেজের অভ্যন্তরে একটি স্বাস্থ্যপ্রদ খাবার-ঘর থাকা অত্যন্ত প্রয়োজন। ডাঃ যতীশ সেনগুপ্ত অধ্যক্ষ থাকা কালীন এ বিষয়ে আমাদের প্রতিশ্রুতিও দিয়েছিলেন। আশা করি তাঁর প্রতিশ্রুতি রক্ষিত হবে।

ছাত্রদের সাহিত্য প্রকাশনার সহজ ব্যবস্থা হিসাবে প্রাচীর পত্র 'দেয়ালী' নিয়মিত প্রকাশের যথাসাধ্য সুন্দর ব্যবস্থা আমরা করেছি।

সাধারণ বিভাগের অধীনে প্রেসিডেন্সি কলেজের ইতিহাসে এবার প্রথম শক্তিশালী স্বেচ্ছাসেবক বাহিনী সংগঠিত হয়। আশা করা যায় এই বাহিনী একটি কর্ম্মতৎপর স্থায়ী বাহিনী রূপে জনপ্রিয়তা অর্জ্জনে সক্ষম হবে।

PRESIDENCY COLLEGE ATHLETIC COMMITTEE

SESSION—1949-50

Left to Right

1st row :—A. Mukherji (Tennis Capt.), Sm. T. Ghosh (Small Area Games Secy.), Prof. N. G. Chakrabartty, Sj. N. N. Chatterji (Physical Instructor), Prof. J. C. Sen Gupta, Prof. S. K. Indra, Prof. S. Roy, Dilip Datta (General Secy. & Football Capt.).

2nd. row :—Tarun Bose (Cricket Secy.), Amal Sen (Tennis Secy.), A. M. Roy (Hockey Secy.), D. Banerji (Football Secy.), S. Chatterji (Rowing Secy.), B. Roy, Subir Bose, P. Sen, D. Das, G. Danda, B. Das Gupta.

3rd row :—Srikanta (Bearer), Narsingh (Bearer), S. Bose, S. Biswas, M. Lahiri, S. Karmakar, S. R. Biswas, K. Chowdhury, B. R. Hussain (Badminton Capt.), S. Sen, A. Majumdar, P. Guha Thakurta, S. Lahiri, D. Chanda.

PRESIDENCY COLLEGE CRICKET MATCH

PAST *vs.* PRESENT: Saturday, 14th January 1950



Left to Right

1st Row :—Prof. A. W. Mahmood, N. N. Chatterjee (Physical Instructor), S. Mitter, A. Das, Niren De (Capt.-Past), Naren Basak (Capt.-Present), K. L. Ray, N. Chatterjee, D. R. Das.

2nd Row :—Arun Ray, A. Mukherji, P. Das, K. Deb, P. Mitter, Arabinda Ray, S. Basu, S. Das Gupta, P. Sinha.

3rd Row :—D. Dutta, A. Chatterjee, P. B. Dutt, A. Bose, Siddhartha Ray, A. Sen, M. Lahiri, Provash Roy.

G. Gilani, R. Mitter, Narsingh (Bearer), Srikanta (Bearer).

পূজাবকাশের পর সমাজ সেবা বিভাগের সহযোগিতায় চিত্রা সিনেমা হলে 'The Russian Story' এবং 'সমাধান' নামক দুটী ছবি দেখাবার ব্যবস্থা করা হয়।

নাট্যবিভাগ এবার বড় নাটক না করে শ্রীরঙ্গম্ হলে ছোট অভিনয় হিসাবে রবীন্দ্রনাথের 'সম্পত্তি-সমর্পণ' মঞ্চস্থ করেন। অভিনয়ানুষ্ঠানের পূর্বে জলসার ব্যবস্থা হয়। এই প্রসংগে কলেজে একটি হল নির্ম্মাণের আশু প্রয়োজনের দিকে কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। কর্ত্তৃপক্ষের মধ্যে আমাদের কলেজের প্রাক্তন ছাত্র বহু আছেন। এমতাবস্থায় আমাদের দাবী পূর্ণ না হওয়া অতিশয় দুঃখের বিষয়।

বিতর্ক বিভাগের কর্মক্ষমতা যথানিয়মে এগিয়ে গেছে।

রবীন্দ্র পরিষদের কর্ম্মপদ্ধতি গত কয়েক বৎসরের ধারাকে এগিয়ে নিতে সক্ষম হয়েছে। সাংস্কৃতিক অনুষ্ঠানের মারফৎ বাস্তুহারাদের সাহায্য করায় শ্লাঘাও বোধ করতে পারে এই পরিষদ।

'বিরাম পীঠিকা' বিভাগ ষ্টীমার পার্টির উৎসব না করে রাষ্ট্রবিপ্লবের বলি বাস্তুহারাদের জন্য অর্থ ব্যয় করে ধন্য হয়েছে।

কলেজের ক্যাশ ডিপার্টমেণ্ট এবং লাইব্রেরীর উন্নতির বিশেষ প্রয়োজন। কলেজ রেজিষ্টার সংস্কার বা নতুন করে প্রণয়ণের জন্য অধ্যাপক, প্রাক্তন ছাত্র এবং লাইব্রেরীর ভারপ্রাপ্তদের ও হিতৈষীদের উদ্যোগী হতে অনুরোধ করছি।

সকলকে আমার প্রীতি, শুভেচ্ছা এবং নমস্কার জানিয়ে বিদায় নিচ্ছি।

হৃষিকেশ বন্দোপাধ্যায়—সাধারণ সম্পাদক।

খেলাধুলা বিভাগ :

১৯৪৯-৫০ সালের কার্য্য বিবরণী

সভাপতি—অধ্যক্ষ ডাঃ যতীশচন্দ্র সেনগুপ্ত ; সহঃ সভাপতি —ডাঃ নির্মল সেন ; শ্রীযুক্ত এন্, এন্, চ্যাটার্জ্জি।

সাধারণ সম্পাদক—শ্রীসূর্য্য চ্যাটার্জ্জি (তৃতীয় বর্ষ—কলা)। ক্রিকেট সম্পাদক—শ্রীঅরুণ রায় (তৃতীয় বর্ষ—কলা), টেনিস্ সম্পাদক—শ্রীপ্রবীর বসু (চতুর্থ বর্ষ—বিজ্ঞান), হকি সম্পাদক—শ্রীগুরুপদ দ্বন্দ (চতুর্থ বর্ষ—বিজ্ঞান), ভলি, বাস্কেট্‌বল, ব্যাডমিণ্টন্—শ্রীঅমল সেন (চতুর্থ বর্ষ—কলা), বাচ্ খেলা—শ্রীপ্রবীর সেন (তৃতীয় বর্ষ—বিজ্ঞান), ফুট্‌বল—শ্রীসলিল লাহিড়ী [চতুর্থ বর্ষ—বিজ্ঞান] গার্লস সেকশান—শ্রীমতি নন্দিনী জানা [তৃতীয় বর্ষ—কলা]

১৯৫০-১৯৫১ সালের কার্য্যকরী সমিতি

অন্যান্য বারের ন্যায় যথারীতি বিভিন্ন শ্রেণীর নির্ব্বাচিত প্রতিনিধিদের দ্বারা খেলা ধূলা সমিতি গঠিত হয়। অধ্যাপক নির্ম্মল সেনের অনুপস্থিতিতে অধ্যাপক যতীশ সেনগুপ্ত ক্রিকেট বিভাগের ভারপ্রাপ্ত অধ্যাপক মনোনীন হন। টেনিস্ বিভাগের ভারপ্রাপ্ত অধ্যপক শ্রীযুক্ত সুনীত ইন্দ্র নৌ-পরিচালনা বিভাগের ভারপ্রাপ্ত হন এবং টেনিস বিভাগের ভারপ্রাপ্ত হয়ে আসেন অধ্যাপক মাহ্‌মুদ। এই বৎসরের কাজকর্মের সংবাদ সংক্ষেপে এই :—

বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা—গত ১২ই জানুয়ারী ১৯৫০ সালের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন কলিকাতা হাইকোর্টের বিচারপতি শ্রীকুলদাচরণ দাসগুপ্ত এবং পুরস্কার বিতরণ করেন শ্রীযুক্তা জে, ঘোষ। ব্যক্তিগত চ্যাম্পিয়ানশিপে এবার চতুর্থ-বার্ষিক শ্রেণার ছাত্রদ্বয়—শ্রীসন্তোষ কর্মকার এবং শ্রীপ্রবীর গুহঠাকুরতার মধ্যে জোর প্রতিযোগিতা হয়। শেষ পর্য্যন্ত শ্রীকর্ম্মকারই ব্যক্তিগত চ্যাম্পিয়ান্‌শিপ্ লাভ করেন। অন্যান্য বারের ন্যায় আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতায় আমাদের কলেজ সেরূপ কৃতিত্ব প্রদর্শন করিতে পারে নাই। বাৎসরিক প্রতিযোগিতার সময় শ্রীঅরবিন্দ রায় এবং শ্রীরাসবিহারী বসুকে যথাক্রমে ক্রিকেট ও ফুটবল 'ব্লু' দেওয়া হয়। ক্রীড়া প্রতিযোগিতার কাজে শ্রীকৃষ্ণকুমার সায়গল বিশেষ দক্ষতার পরিচয় দেন।

ফুটবল : এই বিভাগের সম্পাদক এবং অধিনায়ক ছিলেন যথাক্রমে শ্রীধ্রুব ব্যানার্জ্জি এবং শ্রীদিলীপ দত্ত। প্রীতিমূলক কয়েকটী খেলার আয়োজন করা হয়েছিল। কয়েকটী ট্রায়াল ম্যাচের পর কলেজ টিম্ গঠিত হয়। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের লীগে আমাদের কলেজ আমাদের গ্রুপে পঞ্চম স্থান অধিকার করে। হেরম্ব মৈত্র শীল্ডের কোয়ার্টার ফাইনালে আমাদের কলেজ সেণ্ট জেভিয়ার্সের কাছে পরাজিত হয়। এসকল খেলা ছাড়াও বিভিন্ন শ্রেণীর ছাত্রেরা কয়েকটী সৌহার্দ মূলক ক্রীড়ার ব্যবস্থা করে। অধ্যাপক মাহ্মুদ ও অধ্যাপক বি, সি. মুখার্জ্জি এই সকল খেলায় যোগদান করে খেলাগুলিকে চিত্তাকর্ষক করে তোলেন। শান্তিনিকেতনের স্থানীয় দলের সহিত আমাদের কলেজ এক প্রীতিমূলক খেলায় মিলিত হয় এবং উচ্চাঙ্গের ক্রীড়া নৈপুন্যের পরিচয় দিয়ে বিজয়ীর সম্মান অর্জন করে।

ক্রিকেট : এই বিভাগের সম্পাদক এবং অধিনায়ক ছিলেন যথাক্রমে তরুণ বোস ও নরেন বসাক। স্পোর্টিং ইউনিয়ন, মোহন-বাগান, বালীগঞ্জ ক্রিকেট ক্লাব প্রভৃতি শক্তিশালী দশটী ক্রিকেট দলের সঙ্গে এ বৎসর আমাদের কলেজের প্রীতিমূলক খেলার আয়োজন করা হয়েছিল। নেট্প্র্যাকটীস্ এবং অন্যান্য অনুশীলন ক্রীড়ায় ছাত্রদের মধ্যে অধিক উৎসাহ পরিলক্ষিত হয়। বিশ্ববিদ্যালয় পরিচালিত আন্তঃ কলেজ ক্রিকেট প্রতিযোগিতায় আমাদের কলেজ আশুতোষ কলেজের কাছে পরাজিত হয়।

কলেজ প্রতিষ্ঠা সপ্তাহে প্রাক্তন বনাম বর্ত্তমান ছাত্রদের এক প্রদর্শনী ক্রীড়া প্রতিযোগিতার ব্যবস্থা হয়। শ্রীনীরেন দে'র অধিনায়কত্বে শ্রীনির্মল চ্যাটার্জ্জি, শ্রীপি, বি, দত্ত প্রমুখ সাতজন বাংলার প্রাদেশিক খেলোয়ার দ্বারা গঠিত প্রাক্তন দলই জয়লাভের সম্মান অর্জন করে।

বাংলার ক্রিকেট বোর্ড কর্তৃক নিযুক্ত হ্যারী পার্কসের নিকট শিক্ষা গ্রহণার্থে অমাদের কলেজের জনাব মনসুর জিলানী এবং শ্রীঅরবিন্দ রায় মনোনীত হন।

টেনিস : অমল সেনের পরিচালনাধীনে এবং শ্রীঅজিত মুখার্জির নেতৃত্বে একটী শক্তিশালী টেনিস্ দল এবৎসর বিভিন্ন প্রতিযোগিতায় যোগদান করে। এবৎসর টেনিস ক্লাবের সভ্য সংখ্যা ছিল ১৬ জন। গত কয়েক বৎসর এত অধিক সংখ্যক সভ্য এই বিভাগে দেখা যায়নি।

আন্তঃকলেজ 'উইণ্টার কাপ' প্রতিযোগিতার কোয়ার্টার ফাইনালে সেণ্ট জেভিয়ার্সের নিকট এবং 'ডিউক কাপ' প্রতিযোগিতার সেমি-ফাইনালে বি, ই,-কলেজের নিকট আমরা পরাজিত হই। কলেজ প্রতিষ্ঠা সপ্তাহে প্রাক্তন বনাম বর্ত্তমান ছাত্রদের মধ্যে একটী প্রদর্শনী টেনিস্ খেলার আয়োজন করা হয়। "ইনট্রা কলেজ চ্যাম্পিয়ান্শিপে" সিঙ্গলসে শ্রীমনমোহন লাল বর্ম্মন এবং ডাবল্সে শ্রীঅমিত মুখার্জ্জি এবং শ্রীঅরবিন্দ রায় বিজয়ীর সম্মান অর্জন করেন।

আমাদের কলেজের পাঁচজন ছাত্র—মনমোহন লাল বর্মণ, অমিত মুখার্জি. অরবিন্দ রায়, প্রভাস রায়, এবং অমল সেন ইউনির্ভাসিটী লনে মিঃ এস, জি, ম্যাথুএর ছাত্র হিসাবে শিক্ষা গ্রহণ করেন। এ, বি, এল, টী,এ কর্তৃক ছাত্র হিসাবে গৃহীত হবার জন্য আমরা শ্রীমনমোহন লাল বর্মণকে আমাদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। অধ্যক্ষ জ্যোতির্ম্ময় ঘোষ এবং শ্রীমনমোহন বর্মণ বনাম অধ্যাপক মাহ্মুদ ও শ্রীঅরবিন্দ রায়ের ডাবল্স প্রদর্শনী খেলাটী বিশেষ চিত্তাকর্ষক হয়।

হকি : শ্রীঅশোকমোহন রায়ের পরিচালনাধীনে এবং শ্রীঅমল চক্রবর্ত্তীর নেতৃত্বে এবার আমাদের হকি দল গঠিত হয়। গতবারের ন্যায় ক্রীড়া নৈপুণ্য প্রদর্শন এবার সম্ভব হয় নি। আন্তঃকলেজ লীগে আমরা আমাদের গ্রুপে চতুর্থ স্থান অধিকার করি। নক্ আউট্ প্রতিযোগিতাতেও শ্রীআশুতোষ চৌধুরী কাপ্ এবং এস, আর, দাসগুপ্ত কাপ্-এ আমরা পরাজিত হই।

গত ২৮শে ফেব্রুয়ারী বর্ত্তমান বনাম বিদায়ী ছাত্রদের মধ্যে এক প্রদর্শনী খেলার আয়োজন করা হয়। বিদায়ী দল ১-০ গোলে জয়লাভ করে।

ভলিবল, বাস্কেটবল এবং ব্যাড্‌মিণ্টন্ঃ এই তিনটী বিভাগের সমন্বয়ে গঠিত ছোট খাট খেলা ধূলা বা Small Area Gamesএর পরিচালিকা ছিলেন শ্রীমতী তুহিনা ঘোষ।

বহু সংখ্যক ছাত্র ভলিবল অনুশীলনে নিয়মিত যোগ দেয়। আন্তঃকলেজ প্রতিযোগিতায় আমরা তীব্র প্রতিদ্বন্দ্বিতার পর স্কটীশ্‌ চার্চ্চ কলেজের নিকট পরাজিত হই। চতুর্থ বার্ষিক শ্রেণী তৃতীয় বার্ষিক শ্রেণীকে পরাজিত করে আন্তঃ ক্লাশ প্রতিযোগিতায় বিজয়ীর সম্মান অর্জন করে। এবৎসর ছাত্রীদেরও ভলিবল অনুশীলনে যোগদান করতে দেখা যায়।

ব্যাডমিণ্টন খেলার ব্যবস্থা কেবলমাত্র ছাত্রীদের মধ্যে সীমাবদ্ধ থাকলেও বিলাল রাজ হোসেনের নেতৃত্বে আমাদের কলেজ আন্তঃ কলেজ প্রতিযোগিতায় যোগদান করে। আমরা এই প্রতিযোগিতায় স্কটীশ্‌ চার্চ্চের নিকট পরাজিত হই।

কলেজের ছাত্রীরা নিয়মিত ব্যাডমিণ্টন এবং টেনিকোয়েট্‌ অনুশীলনে যোগদান করেন। অধ্যক্ষ জ্যোতির্ম্ময় ঘোষ এবং অধ্যাপক সুনীত ইন্দ্র এক প্রদর্শনী ডাবল্‌স্‌ খেলায় রেখা চালিয়া এবং সন্ধ্যা ঘোষের নিকট পরাজিত হন।

নৌ-পরিচালনা সমিতি ঃ এ কলেজের নৌ-পরিচালনা সমিতি বিশেষ বিখ্যাত। এ বিভাগের পরিচালক এবং অধিনায়ক ছিলেন শ্রীসূর্য্য চ্যাটার্জ্জি এবং শ্রীদীপক ভট্টাচার্য্য। আমাদের কলেজের দ্বিতীয় বার্ষিক বিজ্ঞান শ্রেণীর ছাত্র শ্রীঅজয় লাল বসু 'অল্‌ ইণ্ডিয়া রেগাটা' প্রতিযোগিতায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিত্ব কর্‌বার জন্য মনোনীত হন। আমরা তাঁকে আমাদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

ব্যায়ামাগার ঃ গড়পড়তায় প্রায় ত্রিশজন ছাত্র ব্যায়ামাগারে নিয়মিত ব্যায়াম করেন। সাধারণতঃ ইডেন হিন্দু ছাত্রাবাসের ছাত্ররাই এখানে বিশেষ ভাবে ব্যায়ামের সুযোগ পান।

প্রত্যেক বারই আমরা আবেদন জানিয়ে আসছি আমাদের বার্ষিক দান এক হাজারকে বাড়িয়ে দু-হাজার করা হোক। আর ছাত্রদের চাঁদা চার টাকা হতে পাঁচ টাকা করা হোক।

আমাদের সকল কাজে আমাদের ব্যায়াম-শিক্ষক শ্রীযুক্ত এন, এন, চ্যাটার্জ্জি যে সাহায্য করেছেন তা উল্লেখ না করলে আমাদের বক্তব্য অসম্পূর্ণ থেকে যাবে। তাঁকে আমরা আন্তরিক ধন্যবাদ জানাই। সেই সঙ্গে ধন্যবাদ জানাই বিভাগীয় সম্পাদক এবং ভারপ্রাপ্ত অধ্যাপকদের।

শ্রীদিলীপ দত্ত—সাধারণ সম্পাদক।

বিতর্ক-পরিষদ ঃ

গত বৎসরের সুযোগ্য সম্পাদক শ্রীঅনিন্দ্য দত্তের কাছ থেকে কার্য্যভার গ্রহণ করে অধ্যাপক শ্রীঅমিয় মজুমদারের সভাপতিত্বে এবৎসরের বিতর্ক-পরিষদের কার্য্য সুরু হল। শ্রীপ্রবীর ঘোষ তৎকালীন প্রথম বার্ষিক বিতর্ক-পরিষদের উদ্বোধন করলেন। এর পর বিভিন্ন কলেজ থেকে আমন্ত্রিত হয়ে আমাদের কলেজের প্রতিনিধিরা বিভিন্ন বিতর্ক-প্রতিযোগিতায় যোগদান করেন। কলিকাতা বেতার কেন্দ্র পরিচালিত বিতর্ক-প্রতিযোগিতায় আমন্ত্রিত হয়ে আমাদের প্রতিনিধিরা সাফল্যের পরিচয় দেন। গ্রীষ্মাবকাশের পর "Korean War" সম্বন্ধে একটি

Symposium অনুষ্ঠিত হয় ফিজিক্স থিয়েটারে অধ্যক্ষ জে, সি, সেনগুপ্তের সভাপতিত্বে। বহু ছাত্র এই বিতর্কে অংশ গ্রহণ করেন এবং প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেন যথাক্রমে শ্রীদুর্গা চরণ ভট্টাচার্য্য, শ্রীপ্রবীর ঘোষ এবং শ্রীঅমিতাভ দে। এর কিছুদিন পর অধ্যাপক অমিয় মজুমদারের সভাপতিত্বে "Romanticism should have no place in modern literature" শীর্ষক বিষয়ে একটি বিতর্ক হয়। শ্রীসুখময় চক্রবর্ত্তী এবং শ্রীসমীর রায় এই বিতর্কে সাফল্যের পরিচয় দেন। বিরাট ছাত্র সমাবেশের মাঝে "গান্ধীবাদ ভারতের মুক্তি আন্দোলনের পরিপন্থী" এই বিষয়ে পরিষদের তৃতীয় বিতর্ক সভা অনুষ্ঠিত হল ৫০ সালের সেপ্টেম্বর মাসে। শ্রীদুর্গাচরণ ভট্টাচার্য্য এবং শ্রীসুখময় চক্রবর্ত্তী এই বিতর্কে যথাক্রমে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করেন। বিপুল উৎসাহ ও উদ্দীপনার মাঝে ছাত্র এবং অধ্যাপকদের একটি সম্মিলিত বিতর্ক-সভা অনুষ্ঠিত হল পূজার ছুটির কিছু আগে। বিষয় ছিল "The U. N. O. has ceased to be a democratic organisation"। অধ্যাপক দেবীপদ ভট্টাচার্য্য এবং শ্রীতরুণ সরকারের বক্তৃতা অত্যন্ত মনোগ্রাহী হয়েছিল। এর পর এবারকার প্রথম বার্ষিক বিতর্ক-পরিষদের উদ্বোধন করা হল।

এলাহবাদ বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে অনুষ্ঠিত আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় আমাদের পঞ্চম বার্ষিক শ্রেণীর ছাত্র শ্রীসনৎ ভট্টাচার্য্য দ্বিতীয় স্থান অধিকার করেন।

আর একটা কথা—প্রেসিডেন্সি কলেজে ছাত্রী সংখ্যা নেহাত কম নয়। কিন্তু বিতর্কে সক্রিয় অংশ গ্রহণ করতে কোন ছাত্রীকেই দেখা যায় না।

সর্ব্ব শেষে আমি বিতর্ক-পরিষদের তরফ থেকে বিভাগীয় সভাপতি শ্রদ্ধেয় অধ্যাপক শ্রীঅমিয় মজুমদার মহাশয়কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। আমি আরও অসংখ্য শুভাকাঙ্ক্ষী অধ্যাপক এবং ছাত্রের কাছে বিতর্ক-পরিষদের কাজের সাফল্যের জন্য ঋণ স্বীকার করছি।

প্রবীর ঘোষ —বিতর্ক সম্পাদক।

জুনিয়র কমন রুম ঃ

প্রথমেই গর্বের সংগে জানাচ্ছি যে অন্যান্য বারের মত এবার জুনিয়ার কমনরুমের তরফ থেকে কোন ষ্টীমার পার্টির বন্দোবস্ত করা হয়নি। সেই বাবদ বরাদ্দ টাকাটা সর্বসম্মতিক্রমে উদ্বাস্তু সাহায্য ভাণ্ডারে দেওয়া হয়েছে। জাতির চরম বিপর্য্যয়ের দিনে প্রেসিডেন্সি কলেজের ছাত্রদের এই সমাজ-সচেতনতা ও সংবেদনশীলতা সত্যিই শুভ লক্ষণ।

এবছর উল্লেখযোগ্য কাজ হচ্ছে নতুন টেবল-টেনিস বোর্ড কেনা। এর অভাব অনেকদিন থেকেই অনুভূত হচ্ছিল। বছরের প্রথমে আন্তঃকলেজ টেব্‌ল্ টেনিস প্রতিযোগিতায় আমরা চাম্পিয়ন হয়েছি। এবছরই প্রথম আন্তঃশ্রেণী টেনিস প্রতিযোগিতার প্রবর্তন করা হয়েছে। এতে বিভিন্ন শ্রেণীর মধ্যে উদ্দীপনাও দেখা দিয়েছে যথেষ্ট।

পঠন-বিভাগে বিভিন্ন ধরণের সাময়িকীর সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। তার মধ্যে Blitz, Sankar's Weekly, Sport & Pastime প্রভৃতি উল্লেখযোগ্য।

ছাত্রীদের কমনরুমে সম্পাদিকা নির্বাচিতা হয়েছেন শ্রীমতী মাধবী মুখোপাধ্যায়; সেখানে একটি ক্যারম বোর্ড ও অন্যান্য খেলার সরঞ্জাম এবছর দেওয়া হয়েছে। প্রসংগতঃ বলে রাখি যে সেখানে স্থানাভাব ক্রমেই প্রকট হয়ে উঠেছে।

ছাত্রদের কমনরুমে স্থানাভাবের অভিযোগটা অনেক কালের। কিন্তু আজো এগারশ ছেলের অবসর কাটানোর জন্যে সেই একটি নাতিবৃহৎ কক্ষই বরাদ্দ রয়েছে।

এবার কমনরুমে কয়েকটি আইন-কানুনের কড়াকড়ি করায় অনেকে একটু ক্ষুণ্ণ হয়েছেন; কেউ কেউ সেটা মান্‌তে চাননি, অথচ কমনরুমের শৃংখলা রক্ষার্থে সেগুলি ছিল অপরিহার্য্য।

শ্রীসুব্রত সিংহ—সম্পাদক, জুনিয়র কমন রুম।

ইডেন হিন্দু ছাত্রাবাস সংসদ ঃ

আমাদের ছাত্রাবাস-সংসদ আর একটি বছর পার হয়ে এলো। এ বছরে ছাত্রাবাসকে নানা ঝড় ঝাপ্‌টার মুখোমুখি হতে হয়েছিলো ; তা আমরা সাফল্যের সংগেই পেরিয়ে এসেছি।

ছাত্রাবাস সংস্কৃতি-বিভাগ থেকে এবার নববর্ষ, ১৫ই আগষ্ট, ২২শে শ্রাবণ ও ২৬শে জানুয়ারি দিবস পালন করা হয়। কবিগুরুর স্মরণোৎসবে আমরা শ্রদ্ধেয় অধ্যক্ষ জ্যোতির্ম্ময় ঘোষ, শ্রীযুক্তা ঘোষ ও অধ্যাপক ডাঃ সরোজকুমার দাশের সাহচর্য লাভ করেছি। এবারকার প্রতিটি উৎসবই বেশ উপভোগ্য হয়েছিলো।

আমাদের পাঠাগার-এর কাজও সুষ্ঠু ভাবেই সম্পন্ন হয়েছে। বই কম কেনা হলেও ভাল বই আমাদের চাই-ই।

ক্রীড়াবিভাগ ছাত্রদের খেলাধূলায় বেশ মনোযোগী করে তুলেছে। আন্তঃ-ছাত্রাবাস ফুটবল প্রতিযোগিতা আমাদের পরিচালনায় সুসম্পন্ন হয় ও বিদ্যাসাগর কলেজ ছাত্রবাস তাতে বিজয়ী হন। Indoor Games এ আমাদের সুনাম অক্ষুণ্ণ থাকে।

ছাত্র কল্যাণ-সমিতি তাদের উৎসাহ ও কর্ম্মক্ষমতার পরিচয় দিয়েছেন। স্বাস্থ্যরক্ষায় মনোযোগী হওয়া ছাড়াও তারা ফিল্‌ম শো এর আয়োজন করে ছাত্রদের প্রীতিভাজন হন।

আমাদের খাদ্য-সমিতি এবার নানা দুর্যোগের ভেতর দিয়েও সুব্যবস্থা বজায় রেখেছেন।

এবারকার সরস্বতী পুজো সত্যিই সুন্দর হয়েছিলো। বিশেষ করে আমাদের প্রাক্তন ও বর্ত্তমান আবাসিক-দের প্রীতিসম্মেলন উৎসবটি প্রধান অতিথি শ্রদ্ধেয় বৈজ্ঞানিক সত্যেন বসু মহাশয়ের রসোজ্জ্বল ভাষণে সাফল্যমণ্ডিত হয়।

ছাত্রবাসের যে প্রধান অসুবিধা তা হলো একটি বেতার যন্ত্রের অভাব। আমাদের দৈনন্দিন জীবনযাত্রার অনেকখানি আনন্দের খোরাক থেকে আমরা বঞ্চিত রয়েছি। তাছাড়া ছাত্রবাসে আজকাল ৩০।৪০টি আসন শূন্য রয়েছে। কর্তৃপক্ষ যদি স্নাতকোত্তর ছাত্রদের এতে থাকবার অনুমতি দেন তাহলে ছাত্রাবাসের সেই আগেকার জমজমাট ভাবটি ফিরে আসে। এজন্য আমরা কর্তৃপক্ষকে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।

এ বছরে আমাদের তত্ত্বাবধায়ক মহাশয় অধ্যাপক শ্রীগুরুদাস ভড় ছাত্রাবাস পরিত্যাগ করতে বাধ্য হন। তাঁর সংগে আমাদের প্রাণের যোগ ছিলো ; সে জন্য তাঁকে আমাদের সশ্রদ্ধ প্রণাম জানাচ্ছি। বর্ত্তমানে আমরা অধ্যাপক শ্রীভূপেশচন্দ্র মুখার্জ্জিকে আমাদের নতুন তত্ত্বাবধায়ক রূপে পেয়েছি। এ অল্পসময়ের ভেতরই তিনি সবাইকে আপন করে নিয়েছেন। আশা করি তাঁর অক্লান্ত পরিশ্রমে ছাত্রবাসের উন্নতি অব্যাহত থাকবে।

পরিশেষে আমাদের ছাত্রবাসের হিতাকাঙ্ক্ষী সবাইকে সংসদের পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের যাত্রা-পথে তাঁদের অকৃত্রিম সহানুভূতি অক্ষয় হোক্।

শ্রীঅনিন্দ্য দত্ত—সহ-সভাপতি।

শ্রীঅরবিন্দ কুণ্ডু—সাধারণ সম্পাদক।

'বাংলা পাঠগোষ্ঠী' :

বাংলা পাঠগোষ্ঠীর সম্পাদক-পদের ভাগ্যবিপর্য্যয় ঘটেছে বারে বারে। পূর্ব্বের সম্পাদকদ্বয় পাঠগোষ্ঠীর সম্পাদক পদের গুরু দায়িত্বভার [?] বহনে অক্ষমতা জানিয়ে পদত্যাগ কোরেছেন, ফলে এমনি অবস্থায় আমাকে এগিয়ে আসতে হোয়েছে। গত বৎসরের সম্পাদক এমন আশাও কোরে গেছেন যে যাতে তাঁদের অকথিত বাণা, অকৃত কার্য্য আমরা সফল কোরে তুলতে পারি কিন্তু অত্যন্ত দুঃখের ও লজ্জার কথা হোলেও বলতে বাধ্য হচ্ছি যে, তাঁদের পর পাঠগোষ্ঠীর বিশেষ কোন উন্নতি করা সম্ভবপর হোয়ে ওঠেনি। এ বিষয়ে যে কয়েকটি বাধা ও ত্রুটি আছে তা অবশ্য স্বীকার্য্য। প্রথমতঃ আমাদের পাঠগোষ্ঠীর ঘরটি খুবই ছোট, এত ছোট যে মাঝে মাঝে সাহিত্যবিষয়ক যে অধিবেশন হয় তার স্থান সঙ্কুলান না হওয়ায় অন্য ঘরে তা করতে হয়। এ বিষয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ কোরেও কোন ফল হয় নি। দ্বিতীয়তঃ পাঠগোষ্ঠীর ব্যবহার্য্য যে পাঠাগারটি আছে তার বইয়ের সংখ্যা এত কম যে তৃতীয় ও চতুর্থ বার্ষিক ছাত্র ছাত্রীদের প্রয়োজন মত বই দেবার উপযুক্ত ব্যবস্থা করা সম্ভবপর হোয়ে ওঠে না।

পাঠগোষ্ঠীর উদ্যোগে কিছুদিন আগে প্রাচীন কাব্য সাহিত্য মন্থনের ব্যবস্থা হয়েছিলো। পাঠগোষ্ঠীর পরবর্ত্তী অধিবেশন হয় গত ২৬শে আগষ্ট শনিবার। অধ্যাপক হরপ্রসাদ মিত্র 'আধুনিক বাংলা কবিতা'র প্রথম পর্য্যায় [১৯০০-১৯২৫ পর্য্যন্ত] আলোচনা করেন।

পাঠগোষ্ঠীর প্রতিষ্ঠা উপলক্ষ্যে একটি প্রীতি-সম্মেলনের আয়োজন করা হোয়েছিল গত ৯ই সেপ্টেম্বর শনিবার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ জে, সি, সেনগুপ্ত মহাশয় এবং প্রধান-অতিথিরূপে উপস্থিত ছিলেন স্বনামধন্য সাহিত্যসমালোচক শ্রীঅতুলচন্দ্র গুপ্ত মহাশয়। অতুলবাবু বাংলা ভাষা ও সাহিত্য সম্বন্ধে প্রায় দুই ঘণ্টাব্যাপী একটি সুন্দর ও সরল বক্তৃতা দেন।

গত ১৬ই সেপ্টেম্বর শনিবার দ্বিপ্রহরে অপরাজের কথাশিল্পী শরৎচন্দ্রের ৭৪তম জন্ম বার্ষিক উপলক্ষ্যে একটি স্মৃতিসভার আয়োজন করা হয়ে ছিলো। অনুষ্ঠানে শরৎ সাহিত্যের বোদ্ধা ডাঃ সুবোধ চন্দ্র সেনগুপ্ত মহাশয় উপস্থিত ছিলেন। শরৎচন্দ্রের বহুমুখী প্রতিভা সম্বন্ধে আলোচনা করেন শ্রীনির্ম্মলেন্দু মুখার্জ্জি, শ্রীমতী প্রীতি সুর ও শ্রীশুকদেব সিংহ। সুবোধ বাবু শরৎ প্রতিভার বিভিন্ন দিক নিয়ে সরস ভাবে ও মনোজ্ঞ করে শরৎ সাহিত্য পাঠে তাঁর অনুভূতি ও সাহিত্যিক মত ব্যক্ত করেন। শেষে অধ্যাপকপ্রধান জনার্দ্দণ বাবুও শরৎপ্রতিভা সম্বন্ধে যে ভ্রান্ত মতের প্রচলন আছে যুক্তির দ্বারা তার নিরসন করে ব্যক্তিগত মতামত ব্যক্ত করেন তাঁর সরস বাক্ ভঙ্গিমার সাহায্যে।

সম্পাদক পদ থেকে যে ভাবে আমার শ্রদ্ধাভাজন অধ্যাপকদের কাছ থেকে সহানুভূতি ও স্নেহ-ভালবাসা পেয়েছি তা জীবনপথের পাথেয় হোয়ে রইলো। আর আমার সতীর্থ ও পরবর্ত্তীদের কাছ থেকেও অনেক সাহায্য ও সহযোগিতা পেয়েছি—আজ বিদায়ের পূর্বক্ষণে তা স্মরণ কছি। আর সঙ্গে সঙ্গে এও আশা করছি যে আমার পরবর্ত্তী সম্পাদক আমাদের অকৃতকার্য্যকে এগিয়ে নিয়ে যাবেন।

প্রতাপচন্দ্র মুখোপাধ্যায়—সম্পাদক।

দর্শন পাঠ-গোষ্ঠী :

অকস্মাৎ এ বছর দর্শন পাঠ-গোষ্ঠী বিস্ময়কর কর্মক্ষমতার পরিচয় দিয়েছে। সভা বা বৈঠক হয়েছে ১৩টা—প্রতি বৈঠকে ছাত্র-ছাত্রীরা স্বরচিত প্রবন্ধ পাঠ করেছেন।

অধ্যাপকবৃন্দও সক্রিয় অংশ গ্রহণ করে আমাদের ক্রমাগত উৎসাহিত করেছেন। শ্রীগোপীনাথ ভট্টাচার্য 'হিন্দু সভ্যতা ও সংস্কৃতি' এই বিষয়ের ওপর নিজে অভিভাষণ দিয়েছেন দুদিন। শ্রীঅমিয়কুমার মজুমদার প্রতি

